ব্রহ্মগুপ্তের পরে কিছু কাল প্রসিদ্ধ জ্যোতির্বিদের অভাব লক্ষিত হয়। শ্রীষ্টির দশম শতাব্দীর প্রারম্ভে আসিলেন ‘লঘুমানস’ নামক করণগ্রন্থ-প্রণেতা মুঞ্জাল। তিনি নিশ্চিতই বিশেষ প্রসিদ্ধিলাভ করিয়া-ছিলেন, কারণ অস্ত্রনাংশ বাহির করিবার যে নিষ্পমপদ্ধতি তিনি লিপিবদ্ধ করিয়াছিলেন, তাহা ভারতবরেণ্য জ্যোতির্বিদ ভাস্করাচার্যও গ্রহণ করিয়া মুঞ্জালের খণ্ড স্বীকার করিয়াছিলেন। তাহার পরবর্তী ছিলেন শ্রীপতি। তিনি ধীকোটি নামে একটি করণগ্রন্থ এবং সিদ্ধান্তশেখর নামে একটি সিদ্ধান্তগ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন। তাহার পরবর্তী সেখক ধারারাজ তোজ। তিনি রাজ্যমৃগাঙ্ক নামে একটি করণগ্রন্থ রচনা করিয়াছিলেন। ইহার পরবর্তীকলে জ্যোতির্বিদ শতানন্দ পঞ্জিকাকারণগণের নিকট প্রসিদ্ধ লাভ করিয়াছিলেন। তাহার ‘ভাস্তু’ সূর্যসিদ্ধান্তের মূলসূত্রগুলিকে ভিত্তি করিয়া রচিত এবং পঞ্জিকা-প্রণয়নের বিশেষ উপযোগী; পঞ্জিকাকারণগণ “ভাস্তুগ্রহণে ধৃতা” বলিয়া ইহার প্রশংসা করিয়া থাকেন। শতানন্দের ভাস্তু ১০৯৯ শ্রীষ্টাক্ষে রচিত হইয়াছিল।

এইবার ভারতের জ্যোতিষক্ষেত্রে আবির্ভূত হইলেন ভারত-জ্যোতিষের মুকুটমণি ভাস্করাচার্য; তিনি ৩৬ বৎসর বয়সে ১১৫০ শ্রীষ্টাক্ষে তাহার প্রসিদ্ধ গ্রন্থ সিদ্ধান্তশিরোমণি রচনা করিয়াছিলেন। উহা হই ভাগে বিভক্ত—গোলাধ্যায় ও গ্রহগণিতাধ্যায়। ইহার অনেক পরে ৬৯ বৎসর বয়সে তিনি করণকৃতুহল নামে একধানি করণগ্রন্থ রচনা করিয়াছিলেন। ভাস্করাচার্যের প্রতিভা বিশ্ববিশ্রান্ত। তিনি গণিত-জ্যোতিষের সকল দিক্ বৈজ্ঞানিক প্রণালীতে আলোচনা করিয়া

গিয়াছেন। তাহার বৈজ্ঞানিক পক্ষতি পাশ্চাত্য পণ্ডিতগণেরও উচ্ছ্বসিত প্রশংসা লাভ করিতে সমর্থ হইয়াছে। আধুনিক পাশ্চাত্য জ্যোতিষগ্রহে উল্লিখিত অধিকাংশ বিষয়ের আলোচনা আমরা সিদ্ধান্তশিরোমণি গ্রহে দেখিতে পাই; গ্রহপতি-মীমাংসা, অযনাংশনির্ধারণ, লম্বননির্ণয় ( parallax ), গ্রহবৃত্তি ( conjunction of planets ), বলনমীমাংসা, গ্রহণ-গণনা প্রভৃতি জ্যোতিষশাস্ত্রের দুর্বল আলোচনাগুলি এমন স্মৃতি বৈজ্ঞানিক প্রণালীতে লিপিবদ্ধ হইয়াছে যে, তাহা পাঠকমাত্রের গভীর বিষয়ের উদ্দেক না করিয়া পারে না। কিন্তু এইখানেই হিন্দুজ্যোতিষের উন্নতির ইতিহাসে যবনিকাপতন। দীপনির্বাণের পূর্বে যেমন অস্বাভাবিক দীপ্তি দেখা দেয়, তাক্ষরাচার্যও ছিলেন ভারতীয় জ্যোতিষ-ক্ষেত্রে সেইরূপ শেষ প্রদীপ্তি শিখা। ইহার পরে ভারতে বৈজ্ঞানিক প্রণালীতে গণিত-জ্যোতিষের গবেষণা বঙ্গ হইয়া যায়।

## ভচ্ছ ও রাশিচ্ছ

প্রাচীনকালে ভারতবর্ষে ও অন্য দেশে আকাশে চন্দ্ৰ ও সূর্যের পতিপর্যবেক্ষণ দ্বাৰা 'মাস' ও 'বৎসৱ' গণনা কৰা হইত। সাধাৱণতঃ দেখিতে পাওয়া যায় এক অমাৰস্তা হইতে পুনৱায় অমাৰস্তা পৰ্যন্ত, অথবা এক পূর্ণিমা হইতে পুনৱায় পূর্ণিমা পৰ্যন্ত প্ৰায় ৩০ দিন অতিবাহিত হয়; প্রাচীনকালে ইহাকেই মাস বলা হইত। কিন্তু যখন দেখিতে পাওয়া গেল যে, এক পূর্ণিমার দিনে কোনও নিশ্চিত নক্ষত্ৰের 'সহিত চন্দ্ৰের র্মিলন হইলে পুনৱায় ঐ নক্ষত্ৰের সহিত মিলিত হইতে চন্দ্ৰের মাত্ৰ ২৭ দিনের অন্ন অধিক সময় লাগিয়া থাকে, অথচ সেই সময়ে তথায় পূর্ণিমা না ঘটিয়া তাহার প্ৰায় ২৫ দিন পৰে পূর্ণিমা ঘটে— তখন হিৱ হইল যে, চন্দ্ৰ ২৭ দিনের কিঞ্চিৎ অধিক কালে নিজেৰ কক্ষে একটি আবৰ্তন সম্পন্ন কৰে, কিন্তু সূর্যের প্ৰতীয়মান গতিৰ নিমিত্ত আৱণ কিছু দূৰ অগ্ৰসৱ হইলে পৰে সূর্যের ঠিক বিপৰীত দিকে অবস্থানেৰ কালে পূর্ণিমা ঘটিয়া থাকে। এই প্ৰকাৰে চন্দ্ৰের গতিৰ একটা শুল্কলা আনিবাৰ চেষ্টা হইতেই নক্ষত্ৰমণ্ডলে সূর্যের গতি প্ৰতিপন্ন হইয়াছিল। এদিকে এক এক পূর্ণিমাতে চন্দ্ৰ যথাক্রমে প্ৰায় ২৫ দিনেৰ পথ অগ্ৰসৱ হইয়া চলিতে থাকিলে দেখা গেল যে, দ্বাদশ পূর্ণিমার পৰ ঐ দ্বাদশ "মাসে" সূর্যও নক্ষত্ৰমণ্ডলে প্ৰায় একটি পূৰ্ণ আবৰ্তন সম্পন্ন কৱিল। এই পূৰ্ণ সময় তখন বৎসৱ নামে অভিহিত হইল এবং এই হইতেই দ্বাদশ মাসে বৎসৱগণনা আৱস্থা হইল।

এই সময়ে চন্দ্ৰের গতিপথ ও সূর্যের প্ৰতীয়মান গতিপথ জক্ষিত

হইলে নক্ষত্রের দ্বারা তাহাদের নির্ণয়ের উপকৰণ করিলে দেখা গেল যে, সূর্য ও চন্দ্রের তলভাগ এক সমতলে নহে, এবং আরও লক্ষিত হইল যে, চন্দ্র প্রতিমাসে ঠিক একই পথে চলিতেছে না, চন্দ্রের কক্ষ যেন অল্পে অল্পে ক্রান্তিবৃত্তের উপর দিয়া সরিয়া যাইতেছে। সুতরাং চন্দ্রের দৈনন্দিন গতি স্থির করিবার উপায় নির্ধারণ করা প্রয়োজন হইল। যথন দেখা গেল যে, চন্দ্রের কক্ষ নক্ষত্রগুলে স্থির থাকিতেছে না, তখন সূর্যের প্রতীয়মান গতিপথ অর্থাৎ ক্রান্তিবৃত্তের উভয় পার্শ্বে যতদূর পর্যন্ত চন্দ্রের গতি বিস্তৃত হয়, আৰ্কাশ-গোলকের ততদূর প্রশস্ত একটি কটিবঙ্ক কল্পিত হইল এবং ক্রান্তিবৃত্ত ইহার মধ্যরেখা ক্লপে নির্দিষ্ট হইল। এই কটিবঙ্ককে ‘ভচ্ছ’ আধ্যায় অভিহিত করিয়া সপ্তবিংশতি ভাগে বিভক্ত করা হইল, এবং প্রত্যেক ভাগ ‘ভ’ অথবা ‘নক্ষত্র’ নামে পরিচিত হইল।

প্রাচীন হিন্দুগণের গণনা করিবার হইটি বিভিন্ন পক্ষতি ছিল,— একটি চান্দ্ৰ তিথিৰ দ্বারা, অপৰটি রাশিৰ দ্বারা। প্রথমটি দ্বিতীয়টিৰ বহুগুৰো আবিষ্কৃত। তিথিবিভাগ সমস্কে পূৰ্বে আলোচিত হইয়াছে এবং বলা হইয়াছে যে, হিন্দুৱা চন্দ্রের দৈনিক গতি নির্দেশ করিবার অন্ত ক্রান্তিবৃত্তকে প্রথমে ২৮ ভাগে, পরে ২৭ ভাগে বিভক্ত কৰেন। এই ২৭টি চন্দ্ৰবিভাগ সূচিত করিবার অন্ত হিন্দুৱা ২৭টি তাৱকাপুঞ্জ স্থিৰ কৰিয়াছিলেন। প্রতি পুঁজেৱ উজ্জ্বলতম তাৱকাটিকে তাহারা যোগতাৱা বলিতেন এবং সমগ্ৰ পুঁজিকে ‘নক্ষত্র’ বা ‘ভ’ আধ্যা দিয়াছিলেন। ঐ যোগতাৱা প্রতি বিভাগেৱ আদিপ্রাপ্ত সূচিত কৰিত। এইক্লপে প্রত্যেক বিভাগ বিভাগীয় নক্ষত্রেৰ ঘাস নির্দিষ্ট স্থান অধিকাৰ কৰিয়া থাকিত, এবং সেই নির্দিষ্ট বিভাগগুলিৰ সাহায্যে চন্দ্রের দৈনিক গতি স্থিৰীকৃত হইত। প্রত্যেক বিভাগে ষে তাৱাগুলি অবস্থিত ছিল,

## হিন্দু জ্যোতিষবিশ্লেষণ

তাহাদিগকে এক-একটি মণ্ডল কল্পনা করিয়া হিন্দুরা তাহাদের স্বতন্ত্র  
স্বতন্ত্র আধ্যা দিলেন। এই সকল নক্ষত্রমণ্ডলের নাম যথাক্রমে—

	শ্রীপতির মতে মণ্ডলের	কোলকাতার মতে মণ্ডলের
	তারকার সংখ্যা	প্রধান তারকা
(১)	অশ্বিনী	৩
(২)	ভরণী	৩
(৩)	কুত্তিকা	৬
(৪)	রোহিণী	৫
(৫)	মৃগশিরা	৩
(৬)	আর্দ্রা	১
(৭)	পুনর্বসু	৪
(৮)	পুষ্যা বা তিষ্যা	৩
(৯)	অশ্বেষা	৫
(১০)	মঘা	৫
(১১)	পূর্বকুত্তনী	২
(১২)	উত্তরকুত্তনী	২
(১৩)	হত্তা	৫
(১৪)	চিত্রা	১
(১৫)	স্বাতী	১
(১৬)	বিশাধা	৪
(১৭)	অমুরাধা	৪
(১৮)	জ্যেষ্ঠা	৩
(১৯)	মৃগা	১১
(২০)	পূর্বার্ধাচা	২

(২১)	উত্তরাবাঢ়া	২	r Sagittarii
(২২)	শ্রবণ	৩	¶ Aquilæ
(২৩)	ধনিষ্ঠা	৪	¶ Delphini
(২৪)	শতভিষা	১০	λ Aquarie
(২৫)	পূর্বভাস্তুপদ	২	¶ Pegasi
(২৬)	উত্তরভাস্তুপদ	২	¶ Andromedæ
(২৭)	রেবতী	১২	ε Piscium

ইহা ভিন্ন প্রথমে আৱ একটি মণ্ডল কল্পিত হইয়াছিল। উহার নাম অভিজিৎ।

(২৮) অভিজিৎ ৩ ¶ Lyrae

এই নক্ষত্রমণ্ডলসমূহের মধ্যে চন্দ্ৰ যে দিবস যে মণ্ডল অতিক্রম কৰিবা থাকে, সেই দিবসে তাহাকে সেই নক্ষত্রের ভোগস্থিত বলা হয়। হিন্দু পুরাণে এই নক্ষত্রগুলি চন্দ্ৰের সপ্তবিংশতি পত্রীকূপে কল্পিত হইয়াছে। ভচ্চ ও নক্ষত্রবিভাগের উল্লেখ হিন্দুজ্যোতিৰ ভিন্ন অন্য কোনও দেশের জ্যোতিষ গ্রন্থে পাওয়া যায় না। হিন্দুজ্যোতিৰ মধ্যে পুরাণাদি প্রণয়নের বহু পূৰ্বেই ইহাদিগের উত্তোলন হইয়াছিল, এইক্রমে অনুমান যুক্তিসিদ্ধ।

যাহা হউক, তিথিগণনায় ক্রান্তিবৃত্তের এই ২৭টি বিভাগের বিশেষ প্রয়োজন থাকিলেও, চন্দ্ৰের দৈনিক গতিৰ একটা শৃঙ্খলা নাই বলিয়া জ্যোতিষগণনাকালে উহার তত উপযোগিতা নাই। স্তুতৰাং রাশিচক্রের স্বাদশ রাশিতে বিভাগ আবশ্যক হইয়া পড়িল। প্রাচীন জ্যোতিষিগণ পর্যবেক্ষণ স্বারা দেখিলেন যে, চন্দ্ৰ ও গ্রহগণ ক্রান্তিবৃত্ত হইতে অধিক দূৰে কখনই দৃষ্ট হয় না। সেইজন্য তাহারা উক্ত বৃত্তেৰ উত্তৰে ও দক্ষিণে প্রায় আটঅংশবিস্তৃত একটি গোলাকাৰ পথেৰ কলনা কৰিলেন এবং উহাকে রাশিচক্র আধ্যায় অভিহিত কৰিলেন। তাহারা এই রাশিচক্রকে

স্বাদশটি সমান ভাগে বিভক্ত করিয়া উক্ত বিভাগগুলির মধ্যে যে সকল  
নক্ষত্র দৃষ্ট হয়, তাহাদিগের 'স্বারা' স্বাদশটি বিভিন্ন মূর্তি কল্পনা করিলেন।  
এবং তাহাদের নাম দিলেন রাশি। রাশি সম্বন্ধে পূর্বে বিশদ আলোচনা  
করিয়াছি।

ভারতে এখনও ধর্মানুষ্ঠানের জন্য তিথিবিভাগের ব্যবহার অঙ্গুল  
রহিয়াছে। সৌরমাসের ব্যবহা কখন এবং কেন কল্পিত হইয়াছিল?  
দীর্ঘকালব্যাপী পর্যবেক্ষণ ফলে প্রাচীন জ্যোতির্বিগণ এই সমস্তামূল উপনীত  
হইলেন যে, স্বাদশ চান্দ্ৰ মাসে এক সৌর বৎসর পূর্ণ হয় না, অথচ স্বাদশ  
মাসে বৎসরগণনা লৌকিক প্রথামূল পরিণত হইয়া গিয়াছে। চন্দ্ৰের গতি  
এত স্পষ্ট প্রত্যক্ষ কৰা যাব যে, তাহার সম্বন্ধে সম্যক্ষ জ্ঞান লাভ কৰা  
কেবলমাত্র সমস্যাপেক্ষ। আরও দেখা গেল যে, স্বাদশ চান্দ্ৰমাসে মাত্র  
৩৫৪ সৌর দিবস হইয়া থাকে, কিন্তু এক সৌর বৎসরে প্রায় ৩৬৫ দিন  
হইবে। অথচ বহু শতাব্দী ধরিয়া ভারতে চান্দ্ৰমাস ধর্মানুষ্ঠানের  
কাল নির্ণয়াৰ্থ ব্যবহৃত হওয়ামূল, উহার ব্যবহার একপ্রকার ধর্মের অঙ্গস্বরূপ  
হইয়া পড়িয়াছে। স্বতন্ত্ৰাং প্রাচীন জ্যোতির্বিগণ ধর্মার্থে চান্দ্ৰমাসের  
ব্যবহার অঙ্গুল রাখিলেন এবং লৌকিক কালবোধার্থে কুত্রিম সৌরমাসের  
কল্পনা করিলেন। এই ব্যবস্থামতে ভচক্র স্বাদশ সমভাগে বিভক্ত হইল  
এবং প্রত্যেক বিভাগ 'রাশি' নামে অভিহিত হইল। তখন ভচক্রের  
অপর এক নাম হইল রাশিচক্র। স্বৰ্য যে সময়ে এক এক রাশি পরিক্রমণ  
কৰে, সে সময়কে সৌরমাস বলা হইল।

রাশিচক্রের স্বাদশ বিভাগে বিভিন্ন নক্ষত্রপুঞ্জের বিভিন্ন কল্পিত  
মূর্তিতে তাহাদিগের নাম যথাক্রমে :

হিন্দুদিগের কল্পিত- মূর্তিভূমে নাম ও তাহার অতিথস	ক্যালডোরান বা মিশ্রবাসী দিগের কল্পিত-মূর্তিভূমে নামের ইংরাজি অতিথস	চৌনবাসীগণের কল্পিত- মূর্তিভূমে নামের ইংরাজি অতিথস
১। মেষ (Aries)	1. The Ram	1. The Mouse
২। বৃষ (Taurus)	2. The Bull	2. The Ox or Cow
৩। মিথুন (Gemini)	3. The Twins	3. The Tiger
৪। কর্কট (Cancer)	4. The Crab	4. The Hare
৫। সিংহ (Leo)	5. The Lion	5. The Dragon
৬। কম্বা (Virgo)	6. The Virgin	6. The Serpent
৭। তুলা (Libra)	7. The Balance	7. The Horse
৮। বৃশিক (Scorpio)	8. The Scorpion	8. The Sheep
৯। ধনুঃ (Sagittarius)	9. The Archer	9. The Archer
১০। মকর (Capricornus)	10. The Goat	10. The Cock
১১। কুম্ভ (Aquarius)	11. The water- bearer	11. The Dog
১২। মৌস (Pisces)	12. The Fishes	12. The Boa


এই স্থলে আমরা দেখিতে পাই, হিন্দুদিগের কল্পিত নামকরণে এবং মিশ্রবাসীদিগের নামকরণে বিশেষ কিছু প্রভেদ নাই, কিন্তু চৌনবাসীদিগের নামকরণের সহিত কেবল তিনটি নামে মিল আছে; অবশিষ্ট নামের সহিত অমিল লক্ষিত হয়। অথচ তিন দেশের নামকরণেই সংখ্যা দ্বাদশ।

রাশিচক্রের সহিত ভচক্রের মিল রাখিবার উদ্দেশ্যে হিন্দুজ্যোতিষ্ঠিগণ মেষরাশির আদি এবং অশ্বিনীনক্ষত্রের আদি এক বিন্দুতে স্থাপিত করিলেন। ইহা হইতে প্রত্যেক ২ষ্ঠ নক্ষত্রে এক রাশির পরিমাণ হিস্ব হইল; যেমন, অশ্বিনী, ভরণী ও কুত্তিকার প্রথম পাদ (অর্থাৎ এক চতুর্থাংশ) ধরিয়া মেষরাশি; কুত্তিকার অবশিষ্ট তিন পাদ এবং মোহিণী


ও মৃগশিলার অধেক লইয়া বৃষরাশি । এইসময়ে নক্ষত্রবিভাগের দ্বারা অন্ত সকল রাশির পরিমাণ নির্দিষ্ট হইল ।

পূর্বেই দেখা গিয়াছে যে, জ্ঞানিবৃত্ত বিষুববৃত্তের সহিত বক্রভাবে অবস্থিত এবং এই দুই বৃত্তের সম্পাত স্থলে স্থর্য অবস্থিত হইলে দিবাভাগ ও রাত্রিভাগ সমান হইয়া থাকে । এই সম্পাতব্য ‘বিষুববিন্দু’ বা সংক্ষেপে ‘বিশুবন্দু’ নামে অভিহিত হইয়া থাকে । ইহাদের পার্থক্য বুদ্ধাইবার অন্ত এক বিন্দুর নাম “মহাবিষুব” এবং অপরটির নাম ‘জলবিষুব’ রাখা হইয়াছিল এবং স্থর্য যে দিন ‘মহাবিষুব’ অতিক্রম করে, ঐ দিনকে গ্রীষ্মারণ্ত বলা হইয়াছিল । বিষুবব্য জ্ঞানিবৃত্তে অবস্থিত হওয়ায় প্রাচীন ঋষিগণ বহুপূর্বকালে অতি অল্পায়াসেই ভচক্রে ইহাদের স্থিতি নির্দেশ করিয়াছিলেন এবং পর্যবেক্ষণের ফলে ইহাও আনিয়াছিলেন যে বিষুববিন্দুব্য চতুরক্ষের রাত্তি ও কেতু বিন্দুব্যের স্থায় ভচক্রে আবর্তিত হইতেছে । বিষুবের এই গতিকে তাহারা “অয়নচলন” নামে অভিহিত করিলেন । যে সময়ে রাশিচক্রবিভাগের দ্বারা সৌরমাসের সূচনা করা হইয়াছিল,— সেই সময়ে মহাবিষুব মেষরাশির আদিতে অবস্থিত ছিল ; এই কারণে স্থর্যের মেষরাশিতে প্রবেশের কালকে গ্রীষ্মারণ্ত বলিয়া উল্লেখ করা হইয়াছে । রাশির অনুক্রমে সৌরমাসের বিভাগ যথাক্রমে :

মেষরাশির পরিক্রমণকাল	...	বৈশাখ	( ৩১ সৌর দিন )
বৃষরাশির	”	জ্যৈষ্ঠ	( ৩১½ ” ” )
মিথুনরাশির	”	আষাঢ়	( ৩১½ ” ” )
কক্ষিরাশির	”	শ্রাবণ	( ৩১½ ” ” )
সিংহরাশির	”	ভাদ্র	( ৩১½ ” ” )
ক্ষত্রিয়রাশির	”	আশ্বিন	( ৩০½ ” ” )



জ্যোতির্বৃত্তের সাদৃশ রাশি বিভাগ ও মাসিক বিভাগ



তুলারাশির	পরিক্রমণকাল	...	কার্তিক	( ৩০ সৌর দিন )
বৃশিকরাশির	"	...	অগ্রহায়ণ	( ২৯½ " "
ধনুরাশির	"	...	পৌষ	( ২৯ " "
মকররাশির	"	...	মাঘ	( ২৯ " "
কুম্ভরাশির	"	...	ফাল্গুন	( ৩০ " "
মীনরাশির	"	...	চৈত্র	( ৩১½ " "


এই তালিকা হইতে বুঝা যায় যে, জ্যৈষ্ঠ, আষাঢ় ও শ্রাবণ মাসের দিনসংখ্যা সর্বাপেক্ষা অধিক এবং পৌষ ও মাঘ মাসের দিনসংখ্যা সর্বাপেক্ষা কম। পূর্ব পৃষ্ঠার চিত্রের দ্বারা ইহার কারণ অল্পায়াসেই বোধগম্য হইবে। চিত্রমধ্যস্থ ডিস্বাক্তি ক্ষেত্র পৃথিবীর কক্ষ, তাহার বহিদেশে যে চক্র অঙ্কিত হইয়াছে তাহা রাশিচক্র এবং উহাতে রাশিসকল নাম দ্বারা আর নক্ষত্রসকল নাম ও ক্রমানুযায়ী সংখ্যার দ্বারা সূচিত হইয়াছে।

পৃথিবী যখন স্বীয় কক্ষে শরনির্দেশিত পথে চলিতে থাকে তখন সূর্যকে এক রাশি হইতে অন্ত রাশিতে গমন করিতে দেখা যায়। সূর্য যখন মেষবৃষাদি রাশি পরিক্রমণ করিতেছে, তখন পৃথিবী 'ধ' হইতে 'গ' বিন্দুর দিকে অগ্রসর হয় এবং সূর্য হইতে তাহার দূরস্থ বর্ধিত হইতে থাকে। এই কারণে পৃথিবীর গতি মৃদু হয় এবং পৃথিবীর গতির অনুক্রমে সূর্যকেও ধীরে ধীরে পরিক্রমণ করিতে দেখা যায়। পুনরায় যখন পৃথিবী 'ক' বিন্দুর নিকটবর্তী থাকে, তখন সূর্য হইতে উহার দূরস্থ অতিশয় হ্রাস প্রাপ্ত হয়। সেই কারণে পৃথিবীর গতি ক্রত হয় এবং সূর্যকে ক্রতগতিতে ধনু ও মকর রাশি পরিক্রমণ করিতে দেখা যায়।

এখন দেখা যাক, ক্রান্তিবৃত্তের ২৭ নক্ষত্রে বিভাগ এবং রাশিচক্রের সামন রাশিতে বিভাগ—এই ছইটি বিভাগের আবিষ্কৃতা কে ? এই বিষয়

ইতঃপূর্বে কিছু আলোচনা করিয়াছি। বাস্তু (Biot) সাহেব বলেন যে প্রথমে চৈনিক জ্যোতিষিঙ্গ সিউ (Sieu) নাম দিয়া ক্রান্তিবৃত্তের বিভাগ আবিষ্কার করেন। পরে উহা হইতে হিন্দুদিগের নক্ত ও আরবদিগের মঞ্জিল উৎপন্ন হইয়াছে। কিন্তু অধ্যাপক বেবের (Weber) সপ্রমাণ করিয়াছেন যে, চীনবাসীদিগের সিউ ও আরবদিগের মঞ্জিল হিন্দুদিগের পূর্বে হিন্দু জ্যোতিষকে বিবিধ শ্রেণীর পার হইয়া আসিতে হইয়াছে। তিনি বলেন যে, চৰ্জের গতি-নির্ণয়ের জন্য তিথিবিভাগ হিন্দু জ্যোতিষীর গবেষণাসম্ভূত; এবং পরে আরববাসীরা উহার অনুকরণে মঞ্জিল বাহির করিয়াছেন। কিন্তু এই স্থলেই আবার অধ্যাপক বেবের যে বলিয়াছেন, বেবিলন দেশের (মিশর দেশের) জ্যোতিষবিদ্যগ্রন্থ প্রথমে এই বিভাগ-প্রণালীর আবিষ্কার করেন, সেই সিঙ্কান্তিটি ঠিক বিজ্ঞানসম্মত নহে; কারণ, গণিতজ্ঞগণ স্থির করিয়াছেন যে, বেবিলন দেশের বিভাগপ্রণালীটি স্বর্যের দৈনিক গতির সহিত সম্মত। পূর্বেই বলা হইয়াছে যে, হিন্দুদিগের প্রথম বিভাগটি চৰ্জের দৈনিক গতির উপর নির্ভর করে এবং ইহাও বলা হইয়াছে যে, বৈজ্ঞানিকগণের মতে চান্দ্রবিভাগ প্রথমে আবিষ্কৃত হয় এবং পরে ক্রমোন্নতির সাধারণ নিয়মানুসারে রাশিচক্রের দ্বাদশ রাশিতে বিভাগ প্রচলিত হয়। স্বতরাং ইহা নিশ্চয় যে, ক্রান্তিবৃত্তের ২৭ নক্তে বিভাগ হিন্দু জ্যোতিষীদিগেরই কল্পনাসম্ভূত।

বেটলী সাহেব তদ্রচিত “হিন্দু জ্যোতিষ” গ্রন্থে লিখিয়াছেন যে, চীনবাসিঙ্গ তাহাদের তিথিবিভাগের জন্য প্রধানতঃ হিন্দু জ্যোতিষের নিকট খণ্ড। কিন্তু উভয় প্রণালীতে বিশেষ পার্থক্য আছে। হিন্দুদিগের তিথিবিভাগ সকলগুলিই সমান এবং প্রত্যেক বিভাগ ক্রান্তিবৃত্তের ১৩<sup>৩</sup> ডিগ্রী; সেই স্থলে চীনদিগের বিভাগগুলি সমান ত নয়ই বরং এত



## জ্যোতিষ্ঠানের সাতাশটি বিভাগ ও যোগতারা

ছোটবড় যে, সর্বাপেক্ষা বৃহৎ বিভাগ ৩০ ডিগ্রী, এবং সর্বাপেক্ষা ক্ষুদ্র বিভাগ কয়েক মিনিট মাত্র। তাহাদের প্রত্যেক বিভাগটির আরম্ভ একটি তারকার স্থানা সূচিত হইয়াছে। বেশটী আরও বলেন যে, আরব জ্যোতিষীগণ চীনাবাসীদিগকে তিথিবিভাগের আভাস দিয়াছেন, কারণ এই ছই দেশের তিথিবিভাগের তুলনা করিলে দেখা যায় যে, ২৮টি বিভাগের মধ্যে ১৩টি একেবারে এক প্রকার ও এক ক্রমানুযায়ী। কিন্তু এই তুলনা হইতে এই প্রশ্নই মনে উদিত হয় যে, চীনা জ্যোতিষীরা আরব জ্যোতিষীদিগের নিকট খণ্ডী, কিংবা আরব জ্যোতিষীরা চীনা জ্যোতিষীদিগের নিকট খণ্ডী? আরব পণ্ডিতেরা বলেন—যে, চীনা কি আরব জ্যোতিষী কেহ কাহারও কাছে খণ্ডী নয়। তাহারা উভয়েই এক তৃতীয় স্থান হইতে এই জ্ঞান লাভ করিয়াছেন, এবং এই তৃতীয় স্থান হিস্ক জ্যোতিষ ভিন্ন আর কিছুই নহে। গ্রীকদিগের তিথিবিভাগ-ছিল

না। তবে কস্টার্ড (Costard) তদ্বচিত “মিশর জ্যোতিষ” শীর্ষক গ্রন্থে  
লিখিয়াছেন যে, আরবদ্বৃগের তিথিবিভাগ মিশর দেশের (Chaldean)  
জ্যোতিষ হইতে গৃহীত। কিন্তু পূর্বেই দেখা গিয়াছে যে, প্রাচীনতম তিথি  
বিভাগ হিন্দুদ্বৃগের দ্বারা আবিষ্কৃত।

তারপর দেখা যাক, রাশিচক্রের উন্নয়ন কখন হইয়াছিল। ভারতবর্ষে  
উহার ব্যবহার কখন হইয়াছিল, তাহার প্রমাণ আমরা যথেষ্ট পাই,  
কিন্তু ভারতবর্ষেই যে উহার অন্যান্য হইয়াছিল, তাহা অনুমানসাপেক্ষ।  
হিন্দুদ্বৃগের রাশিচক্রবিভাগ ও মিশর দেশের রাশিচক্রবিভাগের মধ্যে  
বিশেষ সাদৃশ্য আছে বলিয়া কোনও কোনও পাশ্চাত্য বৈজ্ঞানিক মনে  
করেন যে, মিশর দেশেই রাশিচক্র বিভাগের উন্নব হয়। কোলক্রুক  
(Colebrooke) সাহেবের ধারণা যে, গ্রীকদ্বৃগের নিকট হিন্দু  
জ্যোতিষীগণ রাশিচক্রবিভাগের জন্য খনী।\* কিন্তু এ ধারণা একেবারে  
ভাস্ত। আমরা জানি যে, এই রাশিচক্রের বিভাগ Thales প্রভৃতি  
গ্রীক জ্যোতিষীগণ মিশর দেশ হইতে আনিয়াছিলেন। স্ফুরণঃ  
কোলক্রুক-এর মত বিজ্ঞানসম্মত নহে। মিশর দেশ ও ভারতবর্ষ এই  
হই দেশের মধ্যেই যে কোন এক দেশে রাশিচক্রবিভাগের উন্নব হইয়াছিল,  
ইহা স্থির নিশ্চয়। কতকগুলি বৈজ্ঞানিক তথ্যের উপর নির্ভর করিয়া  
কোলক্রুক স্থির করিয়াছিলেন যে, হিন্দু-জ্যোতিষ, চীন-জ্যোতিষ ও  
মিশর-জ্যোতিষ একই মূল হইতে সংগৃহীত। এই সিদ্ধান্তে উপনীত  
হইবার স্বপক্ষে তিনি কতকগুলি কারণ নির্দেশ করিয়াছেন। তিনি বলেন  
যে, হিন্দু, মিশর ও চীন সকলেই সপ্তাহকে সাত দিনে ভাগ করিয়াছেন,  
দিনগুলির নামেও বেশ সাদৃশ্য আছে; তাহাদ্বৃগের রবিকঙ্কার বিভাগটিও

\* Colebrooke Essays, vol. II, pp. 848-55,

একক্লপ, রাশিচক্রের দ্বাদশ রাশিতে বিভাগও এক প্রকার, বৎসরের মাস সংখ্যা একক্লপ। সবশেষে তাহাদের নক্ষত্রমণ্ডলীর সংখ্যাও যেমন একক্লপ তেমনি উহাদের কাল্পনিক নামকরণেও বিশেষ সামৃগ্র দেখা যায়।

বেদাঙ্গ-জ্যোতিষের পূর্বকালে ভারতবর্ষে মেষাদি রাশিসংজ্ঞা ব্যবহৃত হয় নাই, কারণ বেদাঙ্গ-জ্যোতিষে ঐ সংজ্ঞার উল্লেখ নাই। অশ্বিনী নক্ষত্র হইতে মেষাদি রাশি গণনা করা হইয়াছিল। কোনও এক সময়ে অশ্বিনী নক্ষত্রের নিকট বিষুবন্ধ থাকিত, সেই জন্য অশ্বিনী প্রথম নক্ষত্র হইয়াছিল। অয়নগণনা দ্বারা জানিতে পারা যায় যে, শকপূর্ব প্রায় ৫০০ বৎসরে অশ্বিনী নক্ষত্রের নিকট বিষুবন্ধ থাকিত; স্বতরাং ভারতবর্ষে মেষাদি রাশি গণনা ঐ সময় হইতে অর্থাৎ শ্রীষ্টপূর্ব পঞ্চম শতাব্দী হইতে আরম্ভ হইয়াছিল। আমরা জানি যে, চক্রবিভাগকালের পূর্বে মহাবিষুব ক্রত্তিকা নক্ষত্রে অবস্থিত ছিল। কাল গণনা করিয়া দেখিতে পাওয়া যায় যে, শ্রীষ্টজ্যোতির ২৩০০ বৎসর পূর্বে উহা সম্ভব হইয়াছিল। উহারই অব্যবহিত পরে ভারতবর্ষে ‘ত’চক্রবিভাগ প্রচলিত হয়। কিন্তু তখন যে অয়নচলন আবিষ্কৃত হইয়াছিল, তাহার কোনও প্রমাণ নাই। এমন কি রাশিবিভাগের সমকালে মেষরাশির আদিতে বিষুববিন্দুর সংস্থান-আবিক্ষারের পূর্বে যে হিন্দুজ্যোতিষীদিগের অয়নচলন জ্ঞান হইয়াছিল, তাহারও প্রমাণ পাওয়া কঠিন।

রাশিচক্রবিভাগের প্রসঙ্গে আর একটি বিষয়ের উল্লেখ করা প্রয়োজন। হিন্দুজ্যোতিষিগণ রাশিচক্রের বিভাগ ধরিয়া সৌর মাস ও বৎসর গণনা করিয়াছিলেন। কিন্তু পূর্বে দেখা গিয়াছে যে, বিষুববিন্দুর একটা গতি আছে, তাহাকে অয়নচলন বলে। স্বতরাং রাশিচক্র ধরিয়া দাস ও বৎসর গণনার অয়নচলন প্রয়োগের আবশ্যকতা হয়। ইহাতে

কিছু কিছু বিপর্যয় ঘটিবার সন্তান আছে। এই কারণেই ইওরোপীয় পণ্ডিতেরা রাশিচক্র ধরিয়া বৎসর ও মাস গণনা পরিত্যাগ করিয়া বিশুব হইতে কালগণনা প্রচলন করিয়াছেন। ইহাতে তাহাদের বৎসর, মাস ও ঋতুর মধ্যে অনেক্য ঘটিবার সন্তান অল্প হইলেও রাশিচক্র একেবারে বজ্জিত হইয়াছে এবং সৌর মাস রাশি-অমৃত্যামী না হইয়া একেবারে অর্থশূন্য হইয়া পড়িয়াছে। হিন্দুদিগের প্রণালীতে রাশিচক্রের উপযোগিতা রক্ষিত হইয়াছে এবং মাসগণনাতে জ্যোতিষিক সার্থকতা প্রতিপন্থ হইতেছে। অয়নচলন প্রয়োগ করিয়া অল্পাস্তেই রাশিপরিক্রমণের সময় বিশুক্তভাবে গণনা ও মাসপরিমাণ নির্ধারণ সন্তুষ্পর। সুতরাং দেখা যাব যে, রাশিচক্রবিভাগের ব্যবহার হিন্দু জ্যোতিষিগণই বিজ্ঞানসম্মতভাবে করিয়া আসিতেছেন। যাহা হউক, এই রাশিচক্রের বিভাগ জ্যোতিষিক গণনায় এতদূর প্রয়োজনীয় যে, একথা নিঃসন্দেহ, যিনিই এই রাশিচক্রবিভাগের প্রবর্তক হউন না কেন, তিনি যে প্রাচীন জ্যোতিষে একটা উচ্চাদের ক্ষতিত্ব দেখাইয়াছেন, তাহা অবশ্য স্বীকার্য।

## পৃথিবীর গতি ও আকৃতি

বর্তমান বৈজ্ঞানিক জগতে সুধীমণ্ডলী অভ্রাস্ত প্রমাণে সিদ্ধান্ত করিয়াছেন যে, পৃথিবী সচলা ও শূর্য চলচ্ছিবিহীন। পৃথিবী নিম্ন বাসের চতুর্দিকে ২৪ ঘণ্টার একবার স্বীয় পরিধি পরিক্রম করিতেছে,— ইহা তাহার আক্রিক গতি। আর পৃথিবী শূর্যকে প্রদক্ষিণ করিয়া ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৭ মিনিট ৪৮ সেকেন্ডে একটি বৃত্তাভাস-পথে ভ্রমণ করিতেছে, উহা তাহার বাস্তিক গতি। ইওরোপে যখন জ্যোতিষের নামগঙ্কও ছিল না, গ্যালিলিও ও কোপারনিকস প্রভৃতি পাশ্চাত্য পণ্ডিতগণের অভ্যন্তরের বহু পূর্বে ভারতে আর্যভট্ট পৃথিবীর গতি সম্বন্ধে আলোচনা করিয়া প্রমাণ দিতে চেষ্টা করিয়াছিলেন। ভারতে ও ইওরোপে ইহার অনুকূল ও প্রতিকূল কত যুক্তি তর্ক উৎপন্ন হইয়াছিল, কত মনীষী কত প্রকারে ইহার সত্যতা বা অযৌক্তিকতা প্রমাণ করিতে প্রতিভাব পরিচয় দিয়াছিলেন, তাহা জ্যোতিষের ক্রমবিকাশের ইতিহাসে একটি আমোদজনক অথচ শিক্ষাপ্রদ কাহিনী।

প্রকৃতপক্ষে শ্রীষ্টাক পঞ্চ শতাব্দীতে আর্যভট্টের সময় হইতেই ভারতে জ্যোতিষশাস্ত্রের যথার্থ সমাদর আরম্ভ হয়। আর্যভট্ট (৪৭৫ খ্রিষ্টাব্দ) তদ্রচিত ‘গীতিকাপাদ’ গ্রন্থে বলিতেছেন—“এই নক্ষত্র-পঞ্জির মধ্যে ভূগ্রহচরিত যিনি অবগত হইবেন, তিনি গ্রহগণ পরিভ্রমণ ভেদ করিয়া পুরুষে গমন করিবেন।” যাহা হউক, তিনিই প্রথমে দিবাৱাত্রি ভেদের কারণ স্বরূপ পৃথিবীর গতি স্বীকৃত করিয়া লইয়াছিলেন। গীতাকাপাদের প্রথম শ্লোকে তিনি লিখিয়াছেন,—এক চতুর্বুর্গে (৪৩,২০,০০০ লোৱবৰ্ষে) পৃথিবীর পূর্বদিকে গতিসমূত্ত স্থগণ ১৫৮,২২,৩৭,৫০০ বার—অর্থাৎ অত-

শৌরবর্ষে পৃথিবীর অত দিন হয়, সূর্যের নহে। তিনি ইহার পর  
ভূভ্রমণের নির্দশন দিতেছেন—

অমুলোমগতি নোঁস্থঃ পশ্চত্যচলঃ বিলোমগং যদ্বৎ ।

অচলানি ভানি তদ্বৎ সমপশ্চিমগানি লক্ষামাম্ ॥

অর্থাৎ অমুলোমগতিধূক্ত ( পূর্বদিকে গতিবিশিষ্ট ) নোকাঙ্গত ব্যক্তি  
নদীর উভয় পার্শ্বস্থ তটবর্তী অচল বৃক্ষাদি বিলোমগামী ( পশ্চিমগামী )  
দেখেন ; তেমনই লক্ষাতে ( নিরক্ষদেশে ) অচল লক্ষ্মসমূহকে সমবেগে  
পশ্চিম দিকে ঘাটিতে দেখা যাব।

কিন্তু বহু দিন পর্যন্ত আর্যভট্টের এই মতবাদ ভারতীয় জ্যোতির্বিদগণ  
মানিয়া লন নাই। আর্যভট্টের প্রায় সমসাময়িক জ্যোতির্বিদ  
বরাহমিহিরই বিরোধী দলের মধ্যে প্রথম ; তিনি “পঞ্চসিঙ্কাস্তিকাম”  
লিখিলেন—

“কেহ কেহ রুলেন যে পৃথিবী ধেন একটি ঘূর্ণ্যমান ভচক্রে স্থাপিত  
হইয়া যুরিতেছে। যদি তাহাই হইত, তাহা হইলে পক্ষী প্রভৃতি আকাশে  
উজ্জীব্যমান হইয়া কুলামে ফিরিয়া আসিতে পারিত না ( সপ্তম অধ্যায়,—  
৬ মোক ) ।

“পুনশ্চ, যদি পৃথিবী এক দিনে একটি আবর্তন সম্পূর্ণ করিত,  
তাহা হইলে পতাকা প্রভৃতি পৃথিবীর আবর্তনের দ্রুততা নিবন্ধন সকল  
সময়ে পশ্চিম দিকেই ধাবিত হইত। যদি পৃথিবী ধীরে চলিতেছে বলা  
হয়, তাহা হইলে ২৪ ঘণ্টায় একটি আবর্তন সম্পূর্ণ হয় কিরূপে  
( ৭ম মোক ) ?”

এমন কি, আর্যভট্টের শিষ্য ললও গুরুর ভূভ্রমণবাদ খণ্ডন করিতে  
প্রয়াস পাইয়াছিলেন। লল বরাহমিহিরের সমসাময়িক, ষষ্ঠ শতাব্দীর  
আরম্ভে জীবিত ছিলেন। লল লিখিয়াছেন, “যদি পৃথিবী ভ্রমণ

করিতেছে, তবে পঙ্কিসমূহ উড়িয়া গিয়া কিরণে নিজ নিজ নীড়ে  
প্রত্যাগমন করিতে পারে ? আকাশাভিমুখে প্রক্ষিপ্ত বাণ পশ্চিম দিকে  
পতিত হইতে দেখা যায় না কেন ? মেঘসমৃহকে কেবল পশ্চিম দিকেই  
পমন করিতে দেখা যায় না কেন ? যদি বল, পৃথিবী মন্দ মন্দ চলিতেছে  
বলিয়া এ সকল ব্যাপার সম্ভবপর হইতেছে, তাহা হইলে একদিনে উহার  
কিরণে একবার আবর্তন ঘটে ?” আমরা পূর্বেই “দেখিয়াছি, বরাহ-  
মিহিরও ঈ প্রকার যুক্তি তুলিয়া পৃথিবীর গতিসম্বন্ধে আপত্তি  
করিয়াছিলেন। ব্রহ্মগুপ্ত বরাহমিহিরের পরবর্তী জ্যোতিবিদ ; তিনি  
৯৮ খ্রীষ্টাব্দে জন্মগ্রহণ করেন এবং ৬২৮ খ্রীষ্টাব্দে ‘ব্রাহ্মসূট’ সিদ্ধান্ত  
রচনা করেন। তিনি ও তাহার পরবর্তী অনেক জ্যোতিবিদই আর্যভট্টের  
ভূত্ত্বমণবাদের বিরুদ্ধে বরাহমিহিরের ত্বায় আপত্তি ‘তুলিয়াছিলেন।  
আশ্চর্যের কথা এই যে, পৃথিবীর সহিত ভূবায়ুরও যে আবর্তন ঘটিতে  
পারে, ইহা তাহাদের কাহারও মনে উদিত হয় নাই। আর্যভট্টের  
ভূত্ত্বমণবাদ খণ্ডন করিতে গিয়া ব্রহ্মগুপ্ত আর একটি আপত্তি  
তুলিয়াছিলেন—

“প্রাণেন্তি কলাঃ ভূর্যাদি তৎকৃতো ব্রজেৎ কমধ্বানম্ ।  
আবর্তনমূর্বাচেন্ম পতন্তি সমুচ্ছায়াঃ কম্বাং ॥”

অর্থাৎ যদি এক প্রাণে ( ৬ প্রাণে এক পল ) পৃথিবী এক কলা  
চলিতেছে, তাহা হইলে উহা কোনু পথে কোথা হইতে চলিতেছে ? যদি  
পৃথিবীর আবর্তনই থাকে, তবে সমুচ্ছিত বস্ত পড়ে না কেন ?

তখন পৃথিবীর গতি একটা অসম্ভব ব্যাপার বলিয়া বিবেচিত  
হইয়াছিল। এমন কি, আলবেকলী দশম শতাব্দীতেও লিখিয়াছেন,  
পৃথিবী সচল হউক বা অচল হউক, উভয় কল্পনাতেই জ্যোতিষিক  
গণনার ব্যাধাত হয় না ।

বিধ্যাত জ্যোতির্বিদি উট্টোঁপল বা উৎপল ভট্ট দশম শতাব্দীতে অগ্নগ্রহণ করিয়াও আর্যভট্টের ভূভ্রমণবাদ স্বীকার করিয়া লইতে পারেন নাই। তিনি বরাহমিহির ও ব্রহ্মগুপ্তের যুক্তি মানিয়া লইয়াছিলেন। এমন কি, ভারতীয় বৈজ্ঞানিক-শিরোমণি ভাস্করাচার্যও আর্যভট্টের মতবাদ অস্বীকার করেন। এই বিষয়ে তিনি তেমন বেশি কিছু আলোচনা করেন নাই। দ্বাদশ শতাব্দীতে গণিত আলোচনা করিতে বসিয়া অনেক জটিল প্রশ্নের সমাধান করিতে উদ্ঘত হইয়া অপেক্ষাকৃত সরল ভূভ্রমণবাদে তিনি মনোযোগ দেন নাই; কারণ তিনি জ্ঞানিতেন, জ্যোতিষগণনায় পৃথিবী অচল হইয়া স্থর্য ও নক্ষত্র গতিশীল হইলে, অথবা পৃথিবী সচল হইয়া স্থর্য ও নক্ষত্র নিশ্চল থাকিলে একই সিদ্ধান্তে উপনীত হওয়া যাইবে। ভাস্করাচার্য যে আর্যভট্টের ভূভ্রমণবাদের বিরোধী ছিলেন, তাহা তদ্রিচ্ছিত সিদ্ধান্তশিরোমণির ‘গোলাধ্যায়ে’র প্রথম অধ্যায়ে এ বিষয়ের আলোচনা হইতে এবং আর্যভট্টের মতবাদের বিরুদ্ধে শল্লের যুক্তির উক্তার ও পরিপোষকতা হইতে বুঝিতে পারা যায়।

উক্ত মতবাদের বিরোধী দল এত প্রবল ছিল যে, আর্যভট্টের টাকাকার পরমেশ্বর আর্যভট্টের পূর্বেন্দুত্তুক্তির এক বিচিত্র ব্যাখ্যা দিয়াছেন। তিনি বলিয়াছেন—“পরমার্থতন্ত্র স্থিরেব ভূমিঃ। ভূমেঃ প্রাগ্ গমনং নক্ষত্রাণাং গত্যভাবঞ্চেছস্তি কেচিং তন্মিথ্যাজ্ঞান বশাদিত্যাহ” —অর্থাৎ “পৃথিবী বাস্তবিকই স্থির। তবে কেহ কেহ বলেন, পৃথিবীর পূর্বে দিকে গতি আছে এবং নক্ষত্রসমূহ নিশ্চল। তাহা মিথ্যা জ্ঞান।” পরমেশ্বর ভাস্করাচার্যের পরবর্তীকালের জ্যোতিষী। বোধ হয়, সেই সমস্তে পৃথিবীর আবর্তন কেহই সাহস করিয়া প্রকাশ করিতে পারিত না। এই অন্তর্হ হস্ত বা পরমেশ্বর আর্যভট্টের অর্থবিদ্রম ঘটাইয়াছেন।

কিন্তু আর্যভট্টের মতবাদেরও একজন প্রধান পরিপোষক ছিলেন।

তিনি ভ্রস্কণ্টের বিখ্যাত টীকাকার পৃথুক স্বামী। তিনি আর্যভট্টের ভূগ্রমণবাদ গ্রাহ করিয়া বলেন—

তৃপঞ্জরঃ শিরো ভূরেবারৃত্যাবৃত্য প্রাতিদৈবসিকো ।  
উদয়ান্তমরৌ সম্পাদয়তি নক্ষত্রগ্রহণাম্ ॥

অর্থাৎ নক্ষত্রমণ্ডল স্থির রহিয়াছে ; কেবল পৃথিবীর আবৃত্তি বা পরিভ্রমণ স্বারা গ্রহনক্ষত্রগণের প্রাত্যহিক উদয়ান্ত হইতেছে ।

পৃথুক গ্রি টীকার অন্ত স্থলে ভ্রস্কণ্টের আপত্তির ধণ্ডন করিয়া বলিতেছেন : “পৃথিবীর আবর্তন-মতই ঠিক ; একই সময়ে গ্রহদিগের হই প্রকার গতি ( পশ্চিম দিকে দৈনিক গতি ও পূর্ব দিকে স্বগতি ) হইতে পারে না । আর পৃথিবীর আবর্তন হইলে উচ্চস্থিত বস্তু পড়িবে কেন এবং পড়িবেই বা কোথায় ? কারণ, পৃথিবীর উত্থান ও যাহা, অধঃও তাহা । বস্তুত দ্রষ্টার অবস্থিতি অঙ্গসারে উত্থানাধঃ ভেদ হইয়া থাকে ।” পৃথুকের জীবনকাল সম্বন্ধে এইমাত্র জানা যায় যে, তিনি বিখ্যাত জ্যোতিবিদ শ্রীপতির পূর্ববর্তী সময়ে জীবিত ছিলেন ; যেহেতু শ্রীপতি তাহার গ্রন্থে পৃথুকের মতবাদ উন্নত করিয়াছিলেন । শ্রীপতি ১৬২ শকাব্দ অথবা ১০৩৮ শ্রীষ্টাব্দে ‘সিঙ্কান্তশ্রেণ’ রচনা করেন । স্বতরাং মনে হয়, পৃথুক দশম শতাব্দীর শেষ ভাগে স্বীয় মতবাদ প্রচার করিয়াছিলেন ।

এই পৃথিবীর গতি বিষয়ে কোলকৃক সাহেব শিখিয়াছেন : “আর্যভট্ট পৃথিবীর গতি সম্বন্ধে যে মত প্রথমে প্রবর্তিত করেন, সাত শত বর্ষ পূর্বেও তাহা এ দেশের কেহ কেহ স্বীকার করিতেন । পাঞ্চাংত্য দেশেও বহুকাল পূর্বে হীরাক্ষিমিতি, পাইথাগোরাস ও অপর দ্রষ্ট-এক ব্যক্তি পৃথিবীর গতি সম্বন্ধে আহ্বাবান ছিলেন । কিন্তু বেদন পাঞ্চাংত্য দেশে, তেমনি ভারতে এ মতটি একেবারে পরিত্যক্ত হয় ।”

ইউরোপে জ্ঞানোন্নতির পুনরুন্মোধের সঙ্গে সঙ্গে পাংশাত্য ভূমিখণ্ডে যখন বিজ্ঞানের দীপ্তি ক্রিবণে পুনরাবৃ উন্নাসিত হইয়া উঠিল, তখন কোপারনিকস্ নামে প্রশিল্পী দেশীয় এক প্রসিদ্ধ পণ্ডিত টলেমির প্রমাদপূর্ণ ও অনৈসংগিক মতবাদের ধণ্ডন করিয়া এই অভিনব তত্ত্ব প্রচার করিলেন যে : সূর্য স্থির, রাশিচক্রের মধ্যস্থলে অবস্থিত ; এবং পৃথিবী ও অপরাপর গ্রহ সূর্যের চতুর্দিকে পরিভ্রমণ করিতেছে। পাংশাত্য জগতে পৃথিবীর গতিবাদ সর্বপ্রথম কোপারনিকসই স্পষ্ট ভাষায় ব্যক্ত করিলেন। কিন্তু ইহার পরে প্রসিদ্ধ জ্যোতির্বিদ টাইকোত্রাহি কোপারনিকসের ভূ-ভ্রমণবাদ সম্বন্ধে আপত্তি তুলিয়াছিলেন। তিনি জিজ্ঞাসা করেন : “যদি পৃথিবী পশ্চিম হইতে পূর্ব দিকে আবর্তিত হইতেছে, তবে ‘উত্তর’ হইতে পতিত সোন্ট পশ্চিম দিকে পড়িতে দেখা যায় না কেন ?” যখন প্রসিদ্ধ জ্যোতির্বিদ টাইকোত্রাহি কোপারনিকসের ভূ-ভ্রমণবাদের বিরোধী হইয়াছিলেন, যখন শ্রীষ্টীয় ষোড়শ শতাব্দীতেও পাংশাত্য দেশে ‘কোন কোন জ্যোতিষী এই তর্কের মীমাংসা অসম্ভব বলিয়া বিবেচনা করিতেন, তখন যে ভারতের অতি প্রাচীন জ্যোতিষিয়নের মনে যে সন্দেহ উপস্থিত হইবে, এবং প্রত্যক্ষ প্রমাণের অভাবে তাহারা যে পৃথিবীর গতি অস্বীকার করিবেন, ইহা তেমন আশ্চর্যের কথা নহে। আশ্চর্যের বিষয় এই যে, পৃথিবীর সহিত ভূ-বায়ু যে আবর্তিত হইতে পারে, ইহা তাহাদের মনে উদিত হয় নাই। টাইকোত্রাহির আপত্তির ধণ্ডনে বলা হইয়াছিল যে, মৃগারী পৃথিবীর সহিত ভূ-বায়ু ও সোন্টখণ্ড ভ্রমণ করিতেছে, এজন্তু সোন্টটি ঠিক নিম্নেই পতিত হইবে। কিন্তু ইহা ছারা উক্ত আপত্তির ধণ্ডন হইল মাত্র, ভূ-ভ্রমণ প্রমাণিত হইল না।

পৃথিবীর নিশ্চলতা সম্বন্ধে টলেমির মতটি— পাংশাত্য ভূমিখণ্ডে

সহজ বলিয়াই হউক, অথবা পর্যবেক্ষণের অভাবনিবন্ধনই হউক—এমন দৃঢ়ভাবে সর্বসাধারণের কল্পনারাজ্য অধিকার করিয়া বসিয়াছিল যে, ইহার বিরোধী কোনও মতবাদ শুধু যে অগ্রাহ ছিল তাহা নহে, ধর্মবিকল্প মত বলিয়া উহা অপ্রদেয় ছিল। সেইজন্য যখন গ্যালিলিও তাহার নবাবিকৃত দূরবীক্ষণ যন্ত্রের সাহায্যে নিঃসন্দিধ্যক্রমে প্রমাণিত করিলেন যে, পৃথিবীই সচল আর সূর্য ও নিশ্চত্রসমূহ অচল, তখন তাহাকে আপনার মত প্রচার করিতে গিয়া প্রাণ বিসর্জন দিতে হইয়াছিল। মৃত্যুসময়ে ভূতলে পদাঘাত করিয়া তিনি যে সর্ববে বলিয়াছিলেন “এখনও পৃথিবী চলিতেছে”—সে বাণী আজ পর্যন্ত বিজ্ঞানের ইতিহাস সোনার নিকষ রেখায় লিখিয়া রাখিয়াছে।

পৃথিবীর গতির বিরক্তে আর্যভট্টের পরবর্তী অগ্রান্ত জ্যোতির্বিদগণও নানাপ্রকার যুক্তিকর্ত্তৃর অবতারণা করিয়াছিলেন। সেই যুক্তিগুলির স্থূল মর্ম এই—( ১ ) পৃথিবী যদি স্থচনা হইত এবং কল্পিত ব্যাসের উপর অবস্থিত থাকিয়া ২৪ ঘণ্টায় স্বীয় কক্ষ আবর্তন করিত, তবে এক্লপ প্রবলবেগে বিশূর্ণনের জন্য ধরাতলস্থ অট্টালিকা ও মঠমন্দিরাদি প্রতি মুহূর্তে চূর্ণবিচূর্ণ হইয়া ভূমিসাং হইত সন্দেহ নাই। ( ২ ) পৃথিবী অবিরত কল্পিত হওয়ায় মনুষ্য, পশু, প্রাণী, এক স্থান হইতে অন্য স্থানে গমনাগমন করা দূরে থাকুক, স্থির হইয়া দাঢ়াইতেও সমর্থ হইত না। ( ৩ ) ভূমিকম্পের জন্য প্রবল জলকম্প হওয়ায় নদনদীর শ্রেত, জোয়ার-ভাটা একেবারে বন্ধ হইয়া যাইত। ( ৪ ) উচ্চতম পর্বতশিখের হইতে ক্রোন শুক পদার্থ নিম্নে নিঙ্কিপ্ত হইলে, পর্বতপাদমূলেই নিপত্তি হয়; কোথাও এই নিম্নমের ব্যভিচার দেখা যায় না। কিন্তু পৃথিবী গতিশীল হইলে

তাহা সম্ভবপর হইত কি? পাশ্চাত্য বিজ্ঞান অঙ্গসারে পৃথিবীর পরিধি ২৫ হাজার মাইল এবং উহার আক্ষিক গতি, অর্থাৎ ২৪ ঘণ্টার একবার আবর্তনের অন্ত ঘটায় গতি  $3\frac{1}{2}$  মাইল বা এক হাজারের কিছু বেশি স্ফুরণাং মিনিটে ১৬ মাইলেরও কিঞ্চিদধিক। অতএব পর্যবেক্ষণচূড়ান্ত দ্রব্য ৩০ মেকেগে যদি ভূমি স্পর্শ করে, তবে সেই সময়ে পৃথিবীর গতিশীলতার নিমিত্ত ঐ পর্যত ৮ মাইল দূরে সরিয়া যাইবার কথা। (৫) এইরূপ পশ্চিম হইতে পূর্ব দিকে কোন স্থূল পদার্থ লক্ষ্য করিয়া শোষ্ঠ নিক্ষেপ করিলেও, পৃথিবীর গতি থাকিলে লক্ষ্যাত্মক হওয়ার সুস্থাৎনা। এইরূপ আরও অনেক শুক্রি সিদ্ধান্তগ্রন্থগুলিতে লিপিবদ্ধ রহিয়াছে, যেমন—(৬) পৃথিবীতে সকল সময়ে বৃষ্টিপাত হইতেছে এবং একই স্থানে তুই তিনি ঘটা পর্যন্ত বারিধারা পতিত হইতেও দেখা যায়। পৃথিবী সচলা হইলে এই নিয়মের ব্যতিচার হইত। কারণ, এক মিনিটে পৃথিবীর গতি ১৬ মাইলের অপেক্ষাও অধিক; তাহাতে নির্দিষ্ট একই স্থানে তুই তিনি ঘটা ধরিয়া বারিবর্ষণ হওয়া এক প্রকার অসম্ভব, যেহেতু কোনও স্থানে বৃষ্টি পড়িতে আরম্ভ হইলে ঐ সময়ের মধ্যে সেই স্থানটি অনেক দূরে সরিয়া যাইবার কথা। যোটকথা, এক্ষণ বাপার কল্পনার অতীত! (৭) পৃথিবী যদি গতিশীলা বলিয়া প্রমাণিত হয়, তবে আকাশঘার্গে উড়োমান পঙ্কসকল—যাহারা নিজ নিজ কুলায় পরিজ্যাগ করিয়া বিমানপথে বিচরণ করে—ফিরিয়া কথনও নিজেদের নীড় ঝুঁজিয়া পাইত না। কারণ, যে বৃক্ষে তাহাদের কুলায় নির্মিত ছিল, ফিরিয়া আসিবার সময়ে উহা অনেক দূর সরিয়া যাইবে নিশ্চয়। অবশ্য একথাও স্বীকার্য নে, ঠিক ২৪ ঘণ্টার পর বৃক্ষটি পূর্ব স্থানেই

আসিয়া পৌছিবে এবং পাথিটির পক্ষেও কিরিয়া আবাসন্ত খুঁজিয়া  
লইতে কোনও কষ্ট হইবে না।

এইরূপ অনেক কুট তর্কের অবতারণা করিয়া হিন্দুসিঙ্কাস্তগুলি  
আর্যভট্টের ভূভ্রমণবাদ থেওন করিতে প্রয়াস পাইয়াছে। বাস্তবিক  
এই তর্কগুলি যে কুশাগ্রবুদ্ধির পরিচায়ক, তাহাতে সন্দেহ নাই।  
উহাদের সম্যক্ত উন্নতির দিতেও বিশেষ গণিতজ্ঞানের প্রয়োজন হয়।  
বিহঙ্গের কুলার-প্রাপ্তি সম্মতে মীমাংসার জন্য টাকাকার একটি  
দৃষ্টান্তের অবতারণা করিয়াছেন। যদি শ্রোতের জলে পিপীলিকা  
সন্তুষ্ট করিতে আবস্ত করে, তবে শ্রোতের সঙ্গে সঙ্গেই তাহার  
গতি হওয়া নিশ্চিত। সেইরূপ আকাশ-মার্গে সঞ্চরণাণ বিহঙ্গও  
পৃথিবীর গতির অনুকূল দিকেই ধাবিত হইয়া থাকে। শ্রোতোবেগের  
তুলনায় পিপীলিকার বেগ যত সামান্য, পৃথিবীর বেগবলের তুলনায়  
পাথির বেগবল তাহা অপেক্ষা অনেক শুণ অল্প। স্তুতরাঃ পিপীলিকা  
ষদি শ্রোতের বিপরীত দিকে গমনে সমর্থ না হয়, তবে পৃথিবীর প্রবল  
বেগকে পরাভূত করিয়া ক্ষীণবেগশালী পাথি কিরাপে প্রতিকূলমুখে  
গমন করিবে?

আসল কথা, এই যে এত গোলযোগের স্থষ্টি হইয়াছে, ইহার  
একমাত্র কারণ ‘অপেক্ষিক গতিতত্ত্ব’ (Law of relative velocity)  
সম্মতে অজ্ঞতা। বোধ হয়, সে সময়ে গণিতে ‘অপেক্ষিক গতিতত্ত্ব’  
বিষয়টি আবিষ্কৃত হয় নাই; হইলে সহজেই এই গোল মিটিয়া যাইতে  
পারিত। কারণ আমরা জানি, পৃথিবীর সহিত অনন্ত বায়ুমণ্ডলও  
সমান বেগে পশ্চিম হইতে পূর্ব দিকে নিয়ত পরিভ্রমণ করিতেছে।  
সেইজন্য পাথি যখন কুলার পরিত্যাগ করিল, তখন উহার গতিবেগ  
পৃথিবীর বেগবল ও নিজের বেগবলের সমষ্টি। স্তুতরাঃ পৃথিবীর সঙ্গে

আপেক্ষিক ভাবে (অর্থাৎ বায়ুমণ্ডলকে নিশ্চল অবস্থায় আনিতে হইলে, পূর্বোক্ত পাধির গতিবেগ হইতে বায়ুর গতিবেগ বাদ যাইবে) পাধির বেগবন্ধন একমাত্র গতির পরিচালক হইবে। কারণ, সমস্ত ব্যাপারটিই পৃথিবীর সঙ্গে আপেক্ষিক ভাবে হইতেছে; এবং এই যে কুলায়-প্রাপ্তি ইহাও পৃথিবীর সহিত আপেক্ষিক ভাবে সংশ্লিষ্ট।

পৃথিবীর এই গতিসমস্তা পাঞ্চাত্য দেশেও অনেক জটিল আলোচনার স্থষ্টি করিয়াছিল। টাইকোভাইর মৃত্যুর পর তাহার প্রধান শিষ্য কেপ্লার যখন অধ্যাপকের অগাধ পর্যবেক্ষণলক্ষ গবেষণার উত্তরাধিকারী হইয়া, প্রাচীন নীচোক্ত বৃক্ষ-পক্ষতির সাহায্যে গ্রহগণের গতিবিষয়ে নৃতন তথ্যের উন্নাবন করিতে অগ্রসর হইলেন, তখন তিনি পৃথিবী গতিহীন এই মত অবলম্বন করিয়া বিশেষ সফলতালাভ করিতে পারিলেন না। স্বতরাং তিনি পৃথিবীর নিশ্চলতা সম্বন্ধে মতবাদ পরিত্যাগ করিয়া তৎপরিবর্তে পৃথিবী শৰ্যের চতুর্দিকে ঘূরিতেছে, এই সিদ্ধান্তে উপনীত হইলেন।

বর্তমান জ্যোতিষশাস্ত্রে পৃথিবীর এই গতিসম্বন্ধে অনেক প্রমাণ ও পরীক্ষা ইহার চূড়ান্ত মীমাংসা করিয়া দিয়াছে; উহাদের মধ্যে ফুকোর (Foucault) দোলক-পরীক্ষা এবং নিউটনের প্রত্যক্ষ পর্যবেক্ষণের দ্বারা প্রমাণ—এই দুইটি বিশেষ উল্লেখযোগ্য। তবে ফুকোর পরীক্ষায় এমন কতকগুলি ধারণা মানিয়া লওয়া হইয়াছে, যাহা প্রত্যক্ষ পর্যবেক্ষণের অতীত। নিউটনের প্রমাণটিই সহজে বোধগম্য বলিয়া সর্বাপেক্ষা প্রশংসনযোগ্য। সেটি এই—কোনও প্রাসাদশিথর হইতে একটি গুরুত্বার দ্রব্য ভূমিতে ফেলিয়া দিলে আমরা দেখিতে পাই, দ্রব্যটি ঠিক প্রাসাদের পাদমূলে না পড়িয়া পূর্ব দিকে কিছু সরিয়া গিয়া পড়িয়াছে। ইহার একমাত্র কারণ এই হইতে পারে যে, পৃথিবী পশ্চিম হইতে পূর্বদিকে ভ্রমণ করিতেছে।

পৃথিবীর আবর্তনের কারণ সম্বন্ধে ডট্রোৎপলের উক্ত শ্লোক হইতে ইহা জানিতে পারা যায় যে, \* আর্যজট নিজ কক্ষের চতুর্দিকে পৃথিবীর আবর্তনের কারণ বলিয়া পৃথিবীর উপরিভাগে প্রবহমান প্রবহবায়ুকে (current of aerial fluid) নির্দেশ করিয়াছিলেন। পৃথিবীর আবর্তনের কারণ বলিয়াই হউক; অথবা ভচক্রের (নক্ষত্রপুঞ্জের) আবর্তনের কারণ বলিয়াই হউক, বরাহমিহির প্রভৃতি সকল জ্যোতির্বিদই প্রবহবায়ুকেই আবর্তনের কারণ বলিয়া নির্দেশ করিয়াছেন। বস্তুতঃ উভয় দলই আবর্তনের কারণ সম্বন্ধে একমত।

এক্ষণে দেখা যাউক, আর্যভট্টের পূর্ববর্তী জ্যোতির্বিদগণের এ বিষয়ে কি মতামত ছিল। ডট্রোৎপলের উক্ত বচন হইতে জানিতে পারা যায় যে, ‘পৌলিশ সিঙ্কান্ত’ মতে পৃথিবী গোলাকার এবং আবর্তনশীল ভচক্রের কেন্দ্রে নিশ্চল ভাবে অবস্থিত; আর ঐ আবর্তনের কারণ প্রবহবায়ুর চালনাশক্তি। ‘বশিষ্ঠসিঙ্কান্তে’ও উক্ত মতই লিপিবদ্ধ হইয়াছে। ডট্রোৎপল তদ্রচিত ‘বৃহৎ সংহিতা’র টাকায় উক্ত মত উক্ত করিয়াছেন। এ বিষয়ে জৈন জ্যোতির্বৈদিগের অন্তর্ভুক্ত মতামত ছিল। এ স্থলে আমরা উহাদের আলোচনা করিব না।

এখানে উল্লেখ করা বোধ হয় যুক্তিসংজ্ঞত যে, ঐতরেয় ব্রাহ্মণের\* এক স্থানে দিবারাত্রি ঘটনার কারণসম্বন্ধে একটি কথা আছে। ঐতরেয় ব্রাহ্মণের রচনার কাল কোপারনিকসের জন্মের অন্ততঃ দ্র'হাজা'র বৎসর পূর্বে। তাহার অনুবাদ এই : “রাত্রি অবসান হইলে প্রাতঃকালে যথন লোকে মনে করে সূর্য উদিত হইলেন, বাস্তবিক তথন সূর্য আপনাকেই

\* ঐতরেয় ব্রাহ্মণ—৩৮ পঞ্জিকা, ১১ অধ্যায়

বিপর্যস্ত করেন। দিবাবসানে লোকে ধূধন মনে করে শূর্য অস্তগত হইলেন, বাস্তবিক তখন শূর্য বিপর্যস্ত হইলেন; শূর্যের সম্মুখ ভাগে দিবা এবং বিপরীত ভাগে রাত্রি হয়। বস্ততঃ ‘স বা এষ ন কদাচনত্বমেতি নোদেতি’। শূর্যের অস্তও নাই, উদয়ও নাই।

ডাঃ হৌগ (Dr. Haug) প্রথমে এই অংশটির প্রতি মনোযোগ আকর্ষণ করেন। তিনি এই টিপ্পনী করিয়াছিলেন : “This passage is of considerable interest, containing the denial of the existence of sun-rise and sun-set. The author ascribes a daily course to the sun, but supposes it to remain always in its high position on the sky, making sun-rise and sun-set by means of its own contrarieties.” এ সম্বন্ধে মনিওয়ার উইলিয়মস্ সাহেব (Monier Williams) তত্ত্বচিত্ত ‘Indian wisdom’ এছে লিখিয়াছেন—“We may close the subject of the Brahmins by paying a tribute of respect to the acuteness of the Hindu mind, which seems to have made some shrewd astronomical guesses more than 2000 years before the birth of Copernicus.” অর্থাৎ মনিওয়ার উইলিয়মস্ সাহেব মনে করেন, এ স্থলে পৃথিবীর আবর্তন হেতু দিবারাত্রি হইতেছে, এই কথাই বলা হইয়াছে।

বিষ্ণুপুরাণে ( ২ অংশ, ৮ অধ্যায়ে ) ঠিক ঐ ভাবের কয়েকটি শ্লোক আছে, যথা :

বৈ র্যজ্ঞ দৃশ্টে ভাস্তান् তেষামুদ্বৱঃ শৃতঃ ।  
তিমোভাবঃ যজ্ঞেতি তজ্জ্বাস্তম্বঃ রুক্ষঃ ॥ ১৪ ।

নৈবাস্তমনমর্কস্ত নোদয়ঃ সর্বদা সতঃ ।  
উদয়াস্তমনাধ্যঃ হি দর্শনাদর্শনং রবেঃ ॥ ১৫ ।

অর্থাৎ পৃথিবীর ষেখান হইতে সূর্য দৃশ্য হন, সেখানের পক্ষে তাহার উদয় এবং যেখান হইতে তিনি দৃশ্য হন না, সেখানের পক্ষে তাহার অস্তমন ঘনে হয়। বাস্তবিক, সূর্যের উদয় বা অস্তমন নাই। তিনি সর্বদা আছেন, কেবল তাহার দর্শন ও অদর্শনকে উদয় এবং অস্তমন বলা হয়।

এইবার আমরা পৃথিবীর আকৃতি সম্বন্ধে আলোচনা করিব। বহু প্রাচীন কাল হইতে আর্যগণ পৃথিবীকে গোলাকার বলিয়া স্বীকার করিয়া আসিয়াছেন। খণ্ডেই এই বিশ্বাসের অস্পষ্ট আভাস পাওয়া যায়। সূর্যের সম্মুখে উষাগণ অবস্থিত থাকেন, সূর্যের উদয়াস্ত নাই, ইত্যাদি উক্তি পৃথিবীর গোলত অস্বীকৃত হইলে ব্যর্থ হইয়া পড়ে।

বর্তমান কালে ভূগোল-গ্রন্থে বলা হইয়া থাকে, নদীতে যথন জাহাজ সমুদ্রদিকে অগ্রসর হয়, তখন দূর হইতে সর্বপ্রথম উহার মাঝল দেখা যায়, এই কারণে পৃথিবী গোলাকার। এই সিদ্ধান্তে পৌঁছিতে পাশ্চাত্য জ্যোতিষকে অনেক আলোচনার ভিতর দিয়া আসিতে হইয়াছিল। সেইরূপ ভারতেও পৃথিবীর আকৃতি লইয়া যে বহু আলোচনা হইয়াছিল, তাহার ধারা যেমন কৌতুহলজনক, তেমনি শিক্ষাপ্রদ।

পৃথিবীর আকৃতি সম্বন্ধে আর্যভট্ট বলিয়াছেন—

যদ্বৎ কদম্বপুষ্পগ্রহিঃ প্রচিতঃ সমস্ততঃ কুস্তৈঃ ।

তদ্বজ্ঞি সর্বসৈর্বজ্ঞেঃ স্তলজ্ঞেশ ভূগোলঃ ॥

অর্থাৎ চতুর্দিকে স্তলজ ও জলজ অঙ্ক দ্বারা পরিবৃত পৃথিবী কদম্ব পুষ্পের স্থায় গোলাকার। ‘পঞ্চসিঙ্কাস্তিকার’ বরাহমিহির লিখিয়াছেন :

পঞ্চমহাত্মুত্তমস্তারাগণপঞ্জরে মহীগোলঃ ।  
 খেঙ্গস্তাস্তাস্তঃস্তো লোহ ইবাবস্থিতো বৃষ্টঃ ॥  
 তরুনগনগুরারামসরিঃ সমুদ্রাদিভিশ্চিতঃ সর্বঃ ।  
 বিবুধনিলুঃ সুমেরুস্তন্মধ্যেহৃথিতা দৈত্যাঃ ॥

অর্থাৎ যেমন ছই অয়স্কাস্তের মধ্যবর্তী গোলাকার শৌহ অবস্থিত  
 ধাকে, তেমনই এই মৃত্তিকাদি পঞ্চমহাত্মুত্তমস্ত ভূগোল তারাগণমধ্যে শূন্যে  
 বর্তুলাকারে অবস্থিত । ইহার সমুদ্র পৃষ্ঠভাগ বৃক্ষ, পর্বত, নদী,  
 উপবন, নদী-সমুদ্রাদি দ্বারা আচ্ছাদিত । ইহার উপরে ও মধ্যভাগে  
 দেবগণের স্থান স্বরূপ সুমেরু এবং অধোভাগে দৈত্যগণ অবস্থিত ।

‘গোলাধ্যামে’র তৃতীয় অধ্যায়ে ভাস্করাচার্য এই ভাবই অন্ত প্রকারে  
 প্রকাশ করিয়াছেন—

নাগাধারঃ স্বশক্ত্যব বিস্তি নিয়তঃ তিষ্ঠতীহাস্ত পৃষ্ঠে ।  
 নিঃঃ বিশঃ চ শশঃ সদমুজ্জয়মুজ্জাদিত্যদৈত্যঃ সমস্তাঃ ॥ ২ ।

অর্থাৎ, এই ভূপিণ্ডের কোনও আধার নাই, নিজের শক্তিতে  
 আকাশে দৃঢ়কৃপে অবস্থিত রহিয়াছে । ইহার পৃষ্ঠে সমুদ্র চরাচর,  
 বিশ্বদানব, মানব, দেব, দৈত্য বাস করিতেছে । পক্ষাস্তরে, পুরাণে ষে  
 পৃথিবীর আধারপরম্পরা বর্ণিত হইয়াছে, তাহার সম্ভাব্যতা সম্বন্ধে  
 ভাস্কর বলিয়াছেন—

মৃত্তো ধর্তা চেদ্ধ ধরিত্যাস্ততোহন্ত  
 স্তস্তাপ্যগ্নোহ স্তেব্যমত্রানবস্তা । ৩  
 অস্ত্যো কল্প্যা চে স্বশক্তিঃ কিমাস্তে  
 কিং ন ভূমেঃ সাষ্টমৃত্তেক্ষ ভূমিঃ ॥ ৪

অর্থাৎ, যদি এই পৃথিবীর কোনও মৃত্তিবিশিষ্ট বস্তু বা প্রাণীরূপ আধার  
 ধারিত, তাহা হইলে তাহার একটি আধার, আবার সেই আধারের একটি

আধাৰ আবগ্নক হইত। সুতৰাং এই অমূর্মানে অনবস্থা দোষ ( ধাহাৰ শেষ নাই ) হইতেছে। যদি বলো আধাৰেৱ শেষ আছে, তবে সেই শেষেৱ আধাৰটি নিজেৰ শক্তিতে হিৱ আছে, বলিতে হইবে। সেই আধাৰটিই যদি স্বশক্তিতে হিৱ থাকিতে পাৱে, তবে পৃথিবী পাৱিবে না কেন ? না পাৱিবাৰ কাৰণ নাই। যেহেতু, পুৱাণাদিতে পৃথিবী ‘অষ্টমৃত্তি’ শিবেৱ এক মূত্তি নহে কি ?

পুৱাণে বণিত আছে যে অনন্ত নামক নাগরাজ পৃথিবীকে ধৰিয়া আছে। অনন্ত নাম হইতেই পৃথিবীৰ শূণ্যে অবস্থিতি বুৰাইতেছে ; যেহেতু অনন্ত অৰ্থে শূণ্য। একমন্ত্র পৃথিবীৰ নিজেৰ কি শক্তি থাকিতে পাৱে ? সে সম্বৰ্দ্ধে ভাস্কৰ বলিতেছেন : “যেমন শূণ্য ও অগ্নিৰ ধৰ্ম উষ্ণতা, চন্দ্ৰেৰ শীতলতা, জলেৰ দ্রবতা, প্ৰস্তৱেৰ কঠিনতা, বায়ুৰ চক্ৰলতা, তেমনি পৃথিবীৰ স্বভাৱ অচলতা। ফলতঃ বস্তুসমূহেৰ শক্তি বিচিৰ ।”

পৃথিবী যদি শূণ্যে অবস্থিত, তবে নৈচে পড়িয়া থাইতেছে না কেন ? ইহাৰ উভয়েৰ ভাস্কৰ বলিতেছেন—“পৃথিবীৰ আকৰ্ষণশক্তিবশতঃ শূণ্যস্থিত গুৰু বস্তু পৃথিবীৰ দিকে আকৃষ্ট হয়। তখন আমৱা মনে কৱি, যেন বস্তুটি পড়িতেছে ; বাস্তবিক তাহা পৃথিবী দ্বাৰা আকৃষ্ট হইতেছে। পৃথিবীৰ চারিদিকেই সমান আকাশ, উহা কোথায় পড়িবে ? পৃথিবীৰ যেখানেই যিনি থাকুন, তিনি তাহাকে তলস্থ এবং আপনাকে তাহাৰ উপৱে স্থিত মনে কৱেন। পৃথিবীৰ ব্যাসেৰ ছই প্ৰান্তে ছই মনুষ্য নদীতৌৰে দণ্ডায়মান পুকুৰ ও ছান্নাৰ স্তাম অধঃশিৰস্ক থাকেন। আমৱা এখানে যেমন দাঢ়াইয়া আছি, অধঃস্থিত মহুষ্যেৱাও তেমনই অনাকুলভাৱে হিৱ আছেন।”

পৃথিবী দৰ্পণেৰ পৃষ্ঠভাগেৰ মত সমান বলিয়া পুৱাণে বণিত আছে। ভাস্কৰ জিজ্ঞাসা কৱিতেছেন—“যদি পৃথিবীৰ পৃষ্ঠদেশ সমান, তবে

দূরবর্তী উচ্চ প্রদেশে রবিকে ভ্রমণ করিতে মানুষ দেখে না কেন ?  
পুরাণকারগণ বলেন যে, মেরুপর্বত পৃথিবীর উভয় দিকে অবস্থিত  
এবং স্বর্য তাহাকে প্রত্যাহ প্রদক্ষিণ করিতেছে। যদি তাই হয়, তবে  
কিঙ্গুপে স্বর্যকে দক্ষিণ দিকে যাইতে দেখি ?”

পৃথিবীর গোলাকারস্ত সম্বন্ধে প্রশ্ন হয়—পৃথিবী যদি গোলাকার,  
তবে আমরা ‘সেই’ প্রকার দেখিতে পাই না কেন ? ভাস্তুর  
বলিতেছেন :

“সমো যতঃ শ্রাং পরিধেঃ শতাংশঃ  
পৃষ্ঠী চ পৃষ্ঠী নিতরাং তনীয়ান् ।  
নবশ তৎপৃষ্ঠগতস্ত কৃৎস্তা  
সমেব তন্ত প্রতিভাত্যতঃ সা ॥”

অর্থাৎ যেমন পরিধির শতভাগ ( শুন্দাংশ ) সমান বোধ হয়, বজ্র  
বোধ হয় না, তেমনই পৃথিবী অত্যন্ত বৃহৎ এবং তাহার তুলনায় মানুষ  
অতিশয় কুস্তি বলিয়া পৃথিবীর ঘটটকু এক কালে দৃষ্ট হয়, ততটুকু সমান  
বোধ হয় ।

পৃথিবীর গতি ও আকৃতি সম্বন্ধে যত প্রকার আলোচনা হইয়াছিল,  
তাহাদের একটা ধারা বিবৃত হইল মাত্র। হইতে পারে, ইহাদের মধ্যে  
কতক মন্তব্য ভাস্তু, কতক অস্তুত ; কিন্তু তাহা হইলেও এই আলোচনার  
ধারা লক্ষ্য করিলে মনে হয় না কি যে, এবিষয়ে প্রাচীন জ্যোতির্বিদ্যগণ  
যে অনুসংক্ষিংসা ও পর্যবেক্ষণশক্তির পরিচয় দিয়াছিলেন, তাহা বাস্তবিকই  
শিক্ষাপ্রদ ও প্রশংসনীয় ।

## ହିନ୍ଦୁଦିଗେର ଋତୁବିଭାଗ ଓ ବର୍ଷାରଙ୍କ

ପାଞ୍ଚାତ୍ୟ ଜ୍ୟୋତିଷଶାସ୍ତ୍ରମାରେ ବ୍ସରେର ଚାରିଟି ଋତୁବିଭାଗ । ୨୧ ମାର୍ଚ୍ଚ ହଇତେ ୨୧ ଜୁନ ପର୍ଯ୍ୟନ୍ତ ତିନ ମାସ କାଳ ବସନ୍ତ, ୨୧ ଜୁନ ହଇତେ ୨୩ ସେପେଟ୍ସର ଏହି ତିନ ମାସ କାଳ ଶ୍ରୀମ୍ବ, ୨୩ ସେପେଟ୍ସର ହଇତେ ୨୧ ଡିସେମ୍ବର ଏହି ତିନ ମାସ କାଳ ହେମନ୍ତ, ଏବଂ ୨୧ ଡିସେମ୍ବର ହଇତେ ୨୧ ମାର୍ଚ୍ଚ ତିନ ମାସ କାଳ ଶୀତ । ୦ କିନ୍ତୁ ଭାରତେର ଋତୁବିଭାଗ ଚାରିଟି ନୟ, ଛୁଟି ; ଶ୍ରୀମ୍ବ, ବର୍ଷା, ଶର୍ଣ୍ଣ, ହେମନ୍ତ, ଶୀତ ଓ ବସନ୍ତ ।

ମୁଁହି ଋତୁବିଭାଗେର କର୍ତ୍ତା, କାରଣ ମୂର୍ଖର ବାର୍ଷିକ ଗିନ୍ତିର ଫଳବ୍ସକ୍ଲପ ବ୍ସରେର ଏହି ଋତୁବିଭାଗ । ଋଗ୍‌ବେଦେ ଏହି କଥାଇ ବଲା ହଇଯାଛେ,—“ମୂର୍ଖ ଓ ଚଞ୍ଚ ଉହାଦେର ନିଜେର ଶକ୍ତିତେ ଭ୍ରମଣ କରିତେଛେ, ଏକୃଟି ଆର-ଏକଟିର ପଞ୍ଚାତ୍ୟ, ଯେନ କ୍ରୀଡ଼ାପରାୟନ ଦୁଇଟି ଶିଶୁ ଯଜ୍ଞେର ଚାରିଧାରେ ଘୁରିଯା ବେଡ଼ାଇତେଛେ । ଏକଟି ସମଗ୍ର ଭଗତେର ଉପର ଦୃଷ୍ଟି ରାଖିଯାଛେ, ଅପରାଟି ଋତୁବିଭାଗ ନିର୍ଣ୍ଣୟ କରିଯା ପୁନଃ ପୁନଃ ଆବିଭୂତ ହଇତେଛେ ।”

ଋତୁର ସଂଖ୍ୟା ଯେ ଛୁଟି, ତାହା ଋଗ୍‌ବେଦେର ବହ ହୁଲେ ଉପ୍ଲିଥିତ ହଇଯାଛେ; ଏବଂ ତୈତ୍ତିରୀୟ ସଂହିତାଯି ଉହାଦେର ନାମେରଭେ ଉଲ୍ଲେଖ ଆଛେ । କିନ୍ତୁ କୋନ କୋନ ହୁଲେ ବଲା ହଇଯାଛେ ଯେ ଋତୁର ସଂଖ୍ୟା ପାଚଟି, ଏହି ହୁଲେ ହେମନ୍ତ ଓ ଶିଶିର (ଶୀତ) ଏହି ଦୁଇ ଋତୁକେ ଏକଟି ଋତୁ ଧରିଯା ଲାଗୁଥାଇଯାଛେ; ଏତରେଇ ବ୍ରାହ୍ମଣେ ଏହି କଥାରଇ ଉଲ୍ଲେଖ ଆଛେ,—“ପାଚଟି ଋତୁ ବଲା ଯାଇତେ ପାରେ, କାରଣ ହେମନ୍ତ ଓ ଶିଶିର ଏକଟି ଋତୁ ବଲିଲେ ଚଲେ ।” ମାଧ୍ୟମାଧ୍ୟ ପ୍ରମିତ କାଳମାଧ୍ୟ ପୁନ୍ତକେର ଋତୁନିର୍ଣ୍ଣୟ ଅଧ୍ୟାରେ ଦେଖାନ ହଇଯାଛେ ଯେ ତୈତ୍ତିରୀୟ ସଂହିତା, ତୈତ୍ତିରୀୟ ବ୍ରାହ୍ମଣ, ଶତପଥ ବ୍ରାହ୍ମଣେର କୋନ କୋନ

স্থলে হেমস্ত ও শিশিরকে একই খতু ধরিয়া লইবার চেষ্টা হইয়াছে। যাহা হউক, ছয়টি খতুবিংভাগই সাধারণ বিধি ছিল। শতপথ ব্রাহ্মণে এই কথাই বলা হইয়াছে এবং ছয় খতুর মাসগুলির এইরূপ বর্ণনা করা হইয়াছে—মধু ও মাধব বস্তু মাস, এই সময়ে তরু ও বৃক্ষ পুষ্প ও ফলে ভূষিত হইয়া উঠে; শুক্র ও শুচি গ্রীষ্ম খতুর মাস, এই সময়ে শূর্ঘ্যের কিরণ উজ্জ্বল ও প্রথর হয় (শুক্র-পরিষ্কার, শুচি-উজ্জ্বল); নভস্ম ও নভশুল বর্ষা খতুর মাস (নভস্ম-মেষ); ঈষ ও উর্জ শরৎ খতুর মাস, এই সময়ে ধান্যাদি পরিপূর্ণতা লাভ করে (উর্জ-খান্ত); সহস্ম ও সহশুল শীত খতুর মাস, কারণ শীতঃখতু সকল প্রাণীকে নিজ শক্তির বশীভূত করে; তপস্ম ও তপশুল হেমস্ত খতুর মাস, এই সময়ে দ্রব্যাদি জয়িয়া যায়। শতপথ ব্রাহ্মণের আর এক স্থলে মাসগুলির অন্তরূপ নাম দেওয়া হইয়াছে;—রথগংস ও রথোজস্ম বস্তু খতুর মাস, রথশুল ও রথশুচি গ্রীষ্মখতুর মাস, রথপ্রোত ও অসমর্থ বর্ষা খতুর মাস, তার্ক্ষ্য ও অরিষ্টনেমি শরৎ খতুর মাস, মেনজিঃ ও শুব্রেণ শীত খতুর মাস, তপস্ম ও তপশুল হেমস্ত খতুর মাস। শতপথ ব্রাহ্মণে আবার কয়েক স্থলে পাঁচটি খতুর উল্লেখ আছে। এই গণনায় হেমস্ত খতুর উল্লেখ নাই। এক স্থলে কেবল তিনটি খতুর কথা বলা হইয়াছে, সন্তবতঃ এই গণনায় প্রত্যেক খতুর চারিটি মাস ধরা হইয়াছে। এই স্থলে উল্লেখ করা যাইতে পারে যে শতপথ ব্রাহ্মণের এক স্থানে সাতটি খতুর কথা বলা হইয়াছে, কিন্তু কোথায়ও ইহার সন্তোষজনক কারণ দেওয়া হয় নাই। একস্থলে একটা অস্পষ্ট কারণের উল্লেখ আছে বটে, কিন্তু পরিশেষে বলা হইয়াছে, “বাস্তবপক্ষে ছয়টি খতুই ধরা যাইতে পারে।” অপর এক স্থলে আর একরূপ ব্যাখ্যা দিবার চেষ্টা হইয়াছে, প্রথমে বস্তু প্রমুখ ছয়টি খতুর বর্ণনা করা হইয়াছে এবং তৎপরে বলা

হইয়াছে যে ক্রমোদশ মাস অর্থাৎ মলমাসের রাত্রি ও দিনগুলিকে একটি  
ঋতু ধরিয়া উভাকে সপ্তম ঋতু বলা যাইতে পারে ।-

যাহা তউক, মধু ও মাধব প্রভৃতি মাসের নাম বহু বৎসর প্রচলিত  
ছিল, পরে উভারা চৈত্র, বৈশাখ প্রভৃতি নামে পরিচিত হয়। কখন  
এই পরিবর্তন সাধিত হইয়াছিল? বসন্ত তথন ঋতুসূম্বুহের মুখ বলিয়া  
গণ্য হইত, শুতরাঃ বসন্ত ঋতু যখন চৈত্র মাসে আরম্ভ হইল, তখন হইতে  
মাসের নাম পরিবর্তিত হইল। চৈত্র ও বৈশাখ যে বসন্ত ঋতুর মাস  
ছিল, তাহা পুরাণেও উল্লিখিত আছে, কিন্তু পরবর্তী সময়ে  
জ্যোতিষসিদ্ধান্তে ফাস্তুন ও চৈত্র বসন্ত ঋতুর মাস বলিয়া বর্ণিত হইয়াছে।  
কিন্তু ভারতীয় সাহিত্যের কোথায়ও বৈশাখ ও জ্যেষ্ঠকে বসন্ত ঋতুর  
মাস বলা হয় নাই, অথবা চৈত্রও হেমন্ত ঋতুর মাস বলিয়া গণ্য হয়  
নাই। শুতরাঃ দেখা যাইতেছে পূর্বে চৈত্র ও বৈশাখকে বসন্ত ঋতুর মাস  
ধরা হইত এবং আরও পূর্ববর্তী সময়ে চৈত্র বৈশাখ মাস দুইটি মধু ও মাধব  
নামে পরিচিত ছিল। বর্তমান সময়ের হিন্দু-পঞ্জিকায় ফাস্তুন ও চৈত্র  
বসন্ত ঋতুর মাস বলিয়া পরিগণিত। শুতরাঃ স্পষ্টতই দেখা যাইতেছে  
যে বসন্ত ঋতু অবনচলনের জগ্ন এতটা সরিয়া আসিয়াছে এবং জ্যোতিষিক  
গণনায় বলা যায় যে ইহা প্রায় ৪৩০০ বৎসরে সম্ভব হইতে পারে।  
কাজেই চৈত্র, বৈশাখ নামগুলি শকাদ আরম্ভ হইবার প্রায় দুই হাজার  
বৎসর পূর্বে প্রচলিত হইয়াছিল। সেই সময়ে বসন্ত ঋতুকেই প্রথম  
ঋতু বলিয়া গণ্য করা হইত এবং অগ্রাবণেষ্টি বা অধৰ্বাংসরিক যজ্ঞ  
প্রভৃতি বসন্ত ঋতুতেই আরম্ভ করিবার ব্যবস্থা ছিল। তৈত্তিরীয়  
সংহিতায় বসন্তকে ঋতুচক্রের মুখ বলা হইয়াছে এবং এই সমক্ষে কালমাধব  
গ্রহে এইক্কপ উল্লিখিত হইয়াছে,—“সংবৎসরোপক্রমক্রপদ্ধেন বসন্তস্ত  
প্রাথম্যং দ্রষ্টব্যম্”—অর্থাৎ বৎসরের ক্রম বর্ণনায় বসন্তঋতুই প্রথম।

ଏହି ପ୍ରସଙ୍ଗେ ଉଲ୍ଲେଖ କରା ଯାଇତେ ପାରେ ଯେ ଫାନ୍ତନୀ ପୂର୍ଣ୍ଣମୌ ବଂସରେ ମୁସି ବଲିଯା ଗଣ୍ୟ ହିତ । • ତୈତ୍ତିରୀୟ ବ୍ରାହ୍ମଣେ ବଂସରକେ ଏକଟି ବିହିତର ସହିତ ତୁଳନା କରା ହିଲାଛେ, ବସନ୍ତ ଉହାର ମନ୍ତ୍ରକ, ଗୌତ୍ମ ଦକ୍ଷିଣ ପକ୍ଷ, ବର୍ଷା ଉହାର ପୁଛ, ଶର୍ଵ ବାମ ପକ୍ଷ ଏବଂ ହେମନ୍ତ ଉହାର ମଧ୍ୟମ ଭାଗ । ଏହି ସ୍ଥଳେ ଶୀତ ଝତୁର ଉଲ୍ଲେଖ ନାହିଁ । ମନ୍ତ୍ରବତ୍ତଃ ଶୀତ ଝତୁରକେ ହେମନ୍ତର ଅନ୍ତର୍ଭୁତ୍ତ କରା ହିଲାଛେ ।

ପୂର୍ବେହି ଉଲ୍ଲିଖିତ ହିଲାଛେ ଯେ ତୈତ୍ତିରୀୟ ସଂହିତାର ଚିତ୍ରା ଓ ଫାନ୍ତନୀ ପୂର୍ଣ୍ଣମୌ ହିତେ ବର୍ଷାରନ୍ତ ଧରା ହିଲାଛେ । ସାମ୍ବାନାଚାର୍ଯ୍ୟ ମନେ କରିଲାଛିଲେନ ଯେ ଝତୁବିଭାଗେର ପ୍ରଥମ ଝତୁ ଅର୍ଥାଏ ବସନ୍ତେ ଚିତ୍ରା ଓ ଫାନ୍ତନୀ ପୂର୍ଣ୍ଣମୌ ପଡ଼େ ବଲିଯାଇ ମେହି ମୁସି ହିତେ ବର୍ଷାରନ୍ତ ଗଣ୍ୟ ହିଲାଛେ, ତୈତ୍ତିରୀୟ ସଂହିତାର ଟୀକାଯ ସାମ୍ବଣ ଏହି ମତ ପ୍ରକାଶ କରିଲାଛେ । ତିଳକ ଏହି ବ୍ୟାଧ୍ୟାକେ ଆଦୋ ସନ୍ତୋଷଜ୍ଞନକ ମନେ କରେନ ନାହିଁ, ତିନି ତଦ୍ରଚିତ Orion ଗ୍ରହର ଏକ ସ୍ଥାନେ ବଲିଯାଇଛେ,—“ସମସ୍ତ ଜ୍ୟୋତିଷଗ୍ରହର ନିର୍ଦ୍ଦେଶ ଅନୁସାରେ ଶିଶିର ଆରନ୍ତ ହିତ ମକର-ସଂକ୍ରାନ୍ତି ହିତେ ଏବଂ ମେହି ମୁସି ଉତ୍ତରାୟଣ ବଲିତେ ଯାହା ବୃକ୍ଷାଇତ, ତାହାତେଇ ଶିଶିର, ବସନ୍ତ, ଗୌତ୍ମ ଏହି ତିନ ଝତୁ ଆସିତ । ତୈତ୍ତିରୀୟ ସଂହିତାର ମୁସି ମକର-ସଂକ୍ରାନ୍ତି ମାସ ମାସେ ପଡ଼ିତ, ସୁତରାଂ ମାସ ଓ ଫାନ୍ତନ ମାସ ଛିଲ ଶିଶିର ଝତୁ ଏବଂ ଚୈତ୍ର ଓ ବୈଶାଖ ବସନ୍ତ ଝତୁର ମାସ । କିନ୍ତୁ ସାମ୍ବଣେ ସିନ୍ଧାନ୍ତ ଠିକ ହିଲେ, ଫାନ୍ତନ ବସନ୍ତ ଝତୁର ମାସ ହିଲା ପଡ଼େ, ଅର୍ଥଚ ବାନ୍ଧବିକ ତାହା ଛିଲ ନା ।” ସାମ୍ବଣ ଏହି ଅମ୍ବାମ୍ବାନ୍ତ ବୁଦ୍ଧିଯାଇ ବୌଧାରନ ଶୁଦ୍ଧେର ଟୀକାର ଏକ ସ୍ଥଳେ ଇହାର ଅନ୍ତ ବ୍ୟାଧ୍ୟା ଦିତେ ଅଗ୍ରମର ହିଲାଛେ, ତାହାତେ ତିନି ଚାନ୍ଦ ଓ ସୌର ହିତ ପ୍ରକାରେର ବସନ୍ତ ଝତୁ ଧରିଲାଛେ ଏବଂ ବଲିତେଛେ ଯେ ଫାନ୍ତନ ଓ ଚୈତ୍ର ଚାନ୍ଦ ବସନ୍ତ ଝତୁର ମାସ ଆର ଚୈତ୍ର ଓ ବୈଶାଖ ସୌର ବସନ୍ତ ଝତୁର ମାସ; ଏହି ପ୍ରସଙ୍ଗେ ତିନି ଅଗ୍ନବେଦ ହିତେ ଏକଟି ପଦ ଉନ୍ନତ କରିଲା ବଲିଯାଇଛେ ଯେ ଝତୁବିଭାଗ ଚନ୍ଦ୍ରର

ଥାରାଇ ସଂଗଠିତ ହିତ । ଖତୁସମୂହର ଦୈତ୍ୟକାଳ ସମ୍ବନ୍ଧରେ ମନ୍ତ୍ରବାଦ ତିଳକ ତାହାର Orion ଗ୍ରହେ ଏହିକାଳ ଭାବେ ଖଣ୍ଡନ କରିଯାଛେ— “ଅବଶ୍ୟ ଚାନ୍ଦ୍ର ମାସେର ପ୍ରଚଳନ ଛିଲ, କିନ୍ତୁ ଚାନ୍ଦ୍ର ବ୍ୟସର ଓ ସୌର ବ୍ୟସରେର ଆରଙ୍ଗ ଏକ ସମସ୍ତେହି କରିବାର ଜଣ୍ଠ ଯଥନହିଁ ପ୍ରମୋଳନ ହିତ ତଥନହିଁ ମଲମାସ ବା ଅଧିମାସେର ପ୍ରବର୍ତ୍ତନ ହିତ, ମୁତରାଂ ଏହି ବ୍ୟବହାରୁମାରେ ଚାନ୍ଦ୍ର ଖତୁର କୋନାଓ ଥାନହିଁ ହିତେ ପାରେ ନା ; ଯଥନହିଁ ଖତୁବିଭାଗେର ମହିତ ଚାନ୍ଦ୍ର ମାସେର ଅସାମଞ୍ଜସ ଦେଖା ଯାଇତ, ତଥନହିଁ ଅଧିମାସେର ପ୍ରବର୍ତ୍ତନେ ମେହି ଅସାମଞ୍ଜସ ବିଦ୍ୱରିତ ହିତ ।” ତିଳକେର ଏହି ଯୁକ୍ତି ବ୍ୟତୀତ ମାନ୍ଦିଗେର ମନ୍ତ୍ରବାଦେର ବିକଳେ ଆରା ଯୁକ୍ତି ରହିଯାଛେ । ଚାନ୍ଦ୍ର ବ୍ୟସର ସୌର ବ୍ୟସର ହିତେ ୧୧ ଦିନ କମ, କାହେଇ ସୌର ବସନ୍ତ ଯଦି ଏକ ବ୍ୟସର ଚାନ୍ଦ୍ର ଚୈତ୍ର ମାସେର ପ୍ରଥମ ଦିନେ ପଡ଼େ, ତାହା ହିଲେ ପର ବ୍ୟସର ଇହା ଚାନ୍ଦ୍ର ଚୈତ୍ର ମାସେର ୧୨ଟି ତାରିଖେ ପଡ଼ିବେ, ଆବାର ପର ବ୍ୟସର ଇହା ଆରା ୧୧ ଦିନ ମରିଯା ଯାଇବେ, ଏହି ସବ ସମସ୍ତେ ଅଧିମାସ ଯୋଗ ଦିନୀ ବସନ୍ତର ଆରଙ୍ଗକୁ ଆବାର ୧ଳା ଚୈତ୍ରେ ଫିରାଇଯା ଆନିତେ ହିବେ । ମୁତରାଂ ଖତୁସମୂହର ଦୈତ୍ୟକାଳ ଆରଙ୍ଗକେ ଚାନ୍ଦ୍ର ବୈଶାଖେ ନିଯା ଫେଲିବେ ଏବଂ ଐ ଖତୁକେ ଆଗାଇଯା ଆଗାଇଯା ଉହାକେ ପୁନରାସ୍ତ୍ର ଫାର୍କନେ ଫିରାଇଯା ଆନା ସନ୍ତବ ହିବେ ନା । ଅବଶ୍ୟ ଚତୁର୍ଦ୍ଦଶ ଶତାବ୍ଦୀତେ ଯଥନ ମାନ୍ଦିଗଣ ଜୀବିତ ଛିଲେନ, ବସନ୍ତ ଖତୁ ଏଥନକାର ଭାବ ଫାର୍କନେଇ ଆରଙ୍ଗ ହିତ, କିନ୍ତୁ ଇହା ଅନୁନଗତିର ଜଣ୍ଠି ସନ୍ତବ ହଇଯାଛିଲ, କାରଣ ମେହି ସମସ୍ତେ ମକ୍ର-ସଂକ୍ରାନ୍ତି ଏକ ମାସେର ଉପର ପିଛାଇଯା ଆସିଯାଛିଲ । ଜ୍ୟୋତିଷିକଗଣନାର ପାରଦଶୀ ନା ଧାକାର ଇହା ମାନ୍ଦିଗଣ ଉପଲକ୍ଷି କରିତେ ପାରେନ ନାହିଁ, କାହେଇ ଖତୁସମୂହର ଦୈତ୍ୟକାଳ ଅମୂଳନ କରିଯା ତିନି ବ୍ୟାଧ୍ୟ ଦିତେ ଅଗ୍ରସର ହିଯା ସେ ଅସାମଞ୍ଜସ ଉପଲକ୍ଷି କରିଯାଛିଲେନ, ତାହାରଇ ପକ୍ଷେ ଯୁକ୍ତି ଦିବାର ଜଣ୍ଠ ତିନି କରେକଟି ଅନ୍ତର୍ବାଦୀର ପ୍ରଚାର କରିଲେନ । ଅର୍ଥଚ ଭାରତୀୟ ସାହିତ୍ୟର ବହୁତଳେ ଫାର୍କନେ

মাসের পূর্ণমসী রাত্রিকে বৎসরের প্রথম রাত্রি ধরা হইয়াছে। ইহাতেও মনে হয় সারণের অতীবাদ আস্ত।

বৈদিক বুগে বর্ষারন্ত হইতে বিশুব-সংক্রান্তি হইতে, সেই সময়ে শূর্ব বিশুবরেখার দক্ষিণ হইতে উপরে উঠিত এবং ইহাটি ছিল শূর্বের উত্তরায়ণের আরন্ত। এক কথায় উত্তরায়ণ, বসন্ত ঋতু, বর্ষ ও যজ্ঞস বঙ্গলিরই একত্র আরন্ত হইত। পরবর্তী কালে বর্ষারন্তের সময় বিশুব-সংক্রান্তি হইতে মকর-সংক্রান্তিতে পরিবর্তন করা হইয়াছিল। কিন্তু কোন্ সময়ে এই পরিবর্তন সাধিত হইয়াছিল, তাহা বলা কঠিন। তবে ইহা নিশ্চিত যে বিশুব-সংক্রান্তি যথন ক্রতিকানকত্বে ধরা হইত, তাহার বহু পূর্বেই এই পরিবর্তন প্রচলিত হইয়াছিল; এবং যথন এই পরিবর্তন সাধিত হইল, তখন উত্তরায়ণ ক্রমশঃ নৃতন বর্ষের প্রথম ভাগ স্থচিত করিতে লাগিল, অর্থাৎ মকরক্রান্তি হইতে কর্কটক্রান্তি পর্যন্ত কাল ইহার স্থারা নির্দিষ্ট হইতে লাগিল। সেই সময়ে বেদাঙ্গ-জ্যোতিষ মকরক্রান্তি হইতে বর্ষারন্ত স্থির করিল। শ্রৌতস্ত্রেরও স্থানে স্থানে নির্দেশ আছে যে গবাময়ন প্রভৃতি বাংসরিক যজ্ঞ সেই সময়েই আরন্ত করিতে হইবে।

বর্ষারন্তের এই পরিবর্তন বুঝিতে হইলে ইহা স্মরণ রাখিতে হইবে যে তৎকালে সৌর বৎসর ছিল নক্ষত্র বৎসর, অম্বনসংক্রান্ত বৎসর নহে। অর্থচ পঞ্জিকার প্রধান উদ্দেশ্য ছিল ঋতুগুলির যথার্থ সময় নির্ধারণ করা। একটি স্থির নক্ষত্র হইতে আরন্ত করিয়া শূর্বের সেই নক্ষত্রে ফিরিয়া আসার কালনিক সময়কে নক্ষত্র বৎসর ধরা হয় এবং শূর্বের এক বার বিশুবক্রান্তিতে অবস্থানের সময় হইতে আরন্ত করিয়া পুনরায় বিশুবক্রান্তিতে প্রত্যাগমনের কালকে অম্বনান্ত বৎসর বলা যাবে। শূর্বত্বাঃ তৎকালে বৎসর নক্ষত্র বৎসর ছিল বলিয়াই প্রাপ্ত

ଦୁଇ ହାଜାର ବେଳର ପର ପର ବର୍ଷାରଙ୍ତେର ପରିବର୍ତ୍ତନ ସାଧନେର ପ୍ରୋତ୍ସମ ହିଁତ, ଇହାତେ ଧୂତୁଚକ୍ରେ ସହିତ ବର୍ଷାରଙ୍ତେର ସାମଞ୍ଜସ୍ତ ରାଖା ସମ୍ଭବ ହିଁତ । ଏକଟି ନାକ୍ଷତ୍ର ବେଳର ଓ ଏକଟି ଅସନ୍ତ ବେଳରେର ମଧ୍ୟେ ବ୍ୟବଧାନ ପ୍ରାୟ ୨୦ ମିନିଟ୍ ; ଶୁତରାଂ ନାକ୍ଷତ୍ର ବେଳରକେ ସମ୍ମେର ପରିମାପକ ସନ ଧରା ଯାଇ, ତାହା ହିଁଲେ ପ୍ରାୟ ଦୁଇ ହାଜାର ବେଳରେ ଧୂତୁଗୁଣୀ ପ୍ରାୟ ଏକ ଚାର୍ଜ ମାସ ପିଛାଇଯା ଯାଇବେ ।

ଶୁତରାଂ ଅସନ୍ତଚଳନେର ଜନ୍ମ ବର୍ଷାରଙ୍ତେର ବଲ ବାର ପରିବର୍ତ୍ତନ ହିଁଯାଇଲ, ଭାରତୀୟ ସାହିତ୍ୟ ଓ ଜ୍ୟୋତିଷଶାସ୍ତ୍ର ମଧ୍ୟବତୀ ଅବଶ୍ୟାର ଯଥେଷ୍ଟ ନିର୍ମଳ ରହିଯାଛେ । ପରିବର୍ତ୍ତନେର ପ୍ରଶ୍ନ ପ୍ରଥମ ଉଠିଲ ଯଥନ ଦେଖା ଗେଲ ଯେ ବିଷ୍ଵବକ୍ରାନ୍ତି କୁଣ୍ଡିକା ନକ୍ଷତ୍ରେ ସରିଯା ଗିଯାଛେ ଏବଂ ଧୂତୁଗୁଣୀ ପ୍ରାୟ ଏକ ମାସ ପିଛାଇଯା ଗିଯାଛେ । ଏହି ସମୟେ ପ୍ରାଚୀନ ଜ୍ୟୋତିଷିଗଣ ବର୍ଷାରଙ୍ତ କାନ୍ତନୀ ପୂର୍ଣ୍ଣମୟୀ ହିଁତେ ହିଁର କରିଲେନ ଏବଂ ନକ୍ଷତ୍ରତାତିକାଂତ ଅଗ୍ରହାରଣ ହିଁତେ ନା ଆରଙ୍ଗ କରିଯା କୁଣ୍ଡିକା ହିଁତେ ଆରଙ୍ଗ କୁରିଲେନ । କୋନ ଆଡିଷ୍ଟର ନା କରିଯାଇ ଏହି ପରିବର୍ତ୍ତନ ସାଧିତ ହିଁଯା ଗେଲ, କାରଣ ତଥକାଳେ ପଞ୍ଜିକାର ପ୍ରଧାନ ଉଦ୍ଦେଶ୍ୟ ଛିଲ ଯଜ୍ଞସମୃଦ୍ଧର କାଳ ନିର୍ଧାରଣ କରା ଏବଂ ଯଥନ ବାନ୍ଧବିକହି ଦେଖା ଗେଲ ଯେ ଦିନ ଓ ରାତ୍ରି ସମାନ ହିଁଲେ ଶୂର୍ଯ୍ୟ ମାଗଶୀର୍ବେ ନା ଆସିଯା କୁଣ୍ଡିକାନକ୍ଷତ୍ରେ ଆସିଯାଛେ, ତଥନଟି ବର୍ଷାରଙ୍ତ କୁଣ୍ଡିକାନକ୍ଷତ୍ର ହିଁତେ ଧରା ହିଁଲ; ଆର ଏହି ସମୟେଇ ପରିବର୍ତ୍ତନ ପ୍ରବର୍ତ୍ତନ କରା ଶୁବିଧା-କଳକ ବୌଧ ହିଁଲ, ଯେହେତୁ ଧୂତୁଚକ୍ରେ ତଥନ ପ୍ରାୟ ଏକ ମାସ ପିଛାଇଯା ଗିଯାଛେ । ଅବଶ୍ୟ ଇହା ନିଶ୍ଚିତ କରିଯା ବଲା ଯାଇ ନା ଯେ ଏହି ପରିବର୍ତ୍ତନେର ଯଥାର୍ଥ କାରଣ ନିର୍ଣ୍ଣାତ ହିଁଯାଇଲ କିନା, ଅଥବା ସମ୍ୟକ୍ ଅବଗତ ହିଁବାର ଚେଷ୍ଟା ହିଁଯାଇଲ କିନା । ଇହାର ପର ଦ୍ୱିତୀୟ ବାର ପରିବର୍ତ୍ତନ ସାଧିତ ହିଁଲ ବେଦୋଜ-ଜ୍ୟୋତିଷେର ସମୟେ, ତଥନ ଧୂତୁଗୁଣୀ ଏକ ପକ୍ଷକାଳ ସରିଯା ଗିଯାଛେ । ଏହି ସମୟେ ମାସେର ଆରଙ୍ଗ ପୂର୍ଣ୍ଣମାୟ ନା ଧରିଯା

অমাবস্যার ধরা হইল। মাসের আরন্ত সম্পর্কে এই সংশোধন প্রবর্তিত হইলে অতুচক্র<sup>১</sup> এক পক্ষকাল পিছাইয়া যাওয়ার ধনিষ্ঠার অমাবস্যা হইতে বর্ধারন্ত স্থির করা হইল। বেদাঙ্গজ্যোতিষ এইরূপভাবে বর্ধারন্ত ও অতুচক্রের আরন্তের মধ্যে সামঞ্জস্য আনিয়া দিল। পুনরাবৃ শ্রীষ্টাক ষষ্ঠ শতাব্দীতে বরাহমিহির তৃতীয় সংশোধন প্রচলিত করিলেন এবং নক্ষত্রতালিকা অধিনী হইতে আরন্ত করা হইল। মধ্যাবতী সময়ে পঞ্জিকা সংস্কারের আর একটি চেষ্টা হইয়াছিল, মহাভারতে ইহার উল্লেখ আছে। দেখা গেল যে অতুচক্র আবার এক পক্ষ কাল পিছাইয়া গিয়াছে, তখনই এই চেষ্টা করা হইয়াছিল, কিন্তু সফল হয় নাই, কারণ সাধারণ লোকে এই সংশোধন স্বীকার করে নাই। সুতরাং বেদাঙ্গ-জ্যোতিষ কর্তৃক প্রবর্তিত<sup>২</sup> পঞ্জিকা সংশোধনই বরাহমিহিরের সময় পর্যন্ত প্রচলিত ছিল, এবং পরে বরাহমিহির নক্ষত্রতালিকাকে অধিনী নক্ষত্র হইতে আরন্ত করিলে এই পরিবর্তনই সকলে গ্রহণ করিল এবং এখনও পর্যন্ত এই সংশোধিত পঞ্জিকাই চলিয়া আসিতেছে।

**সন্তবতঃ** বৈদিক মুগে তিনটি খতুর প্রচলন ছিল, গ্রীষ্ম, বর্ষা ও হেমন্ত। শতপথ ব্রাহ্মণের এক স্থানেও তিনটি খতুর উল্লেখ আছে। ইহার পরে জ্যোতিষ-সংহিতার মুগে দেখা যাব যে বৃহৎসংহিতার আদিত্যাচারাধ্যায়ে শিশির অর্থাৎ শীত খতুকে বৎসরের প্রথম খতু বলিয়া উল্লেখ করা হইয়াছে। ইহাতেই বুঝা যাব যেসে সময়ে বর্ষ মকর-সংক্রান্তিতে আরন্ত হইত। এই পরিবর্তন বেদাঙ্গ-জ্যোতিষের সময় প্রবর্তিত হইয়াছিল, এবং বর্ধারন্ত মকরক্রান্তি হইতে ধরা হইল; এই ব্যবস্থাই বরাহমিহিরের সময় পর্যন্ত প্রচলিত ছিল। বরাহমিহির দেখিলেন যে তৎকালে বিশুবন্ত রেবতী নক্ষত্রের শেষভাগে পড়িতেছে এবং কর্কটক্রান্তি পুনর্বশু নক্ষত্রে পড়িতেছে।

সূতরাং বৰাহমিহিৰ বৰ্ষারন্তেৱ এই পৱিবৰ্তন সাধন কৱিলেন এবং মঙ্গলতালিকা অশ্বিনীনক্ষত্ৰ হইতে আৱল্ল কঁৰিলেন। তখন বিশুবন্ধু হইতে বৎসৱেৱ আৱল্ল হইল এবং সেই সময় হইতেই ফাল্গুন ও চৈত্ৰ বসন্ত ঋতুৰ মাস বলিয়া গণ্য হইল। বৰাহমিহিৰ কৃতক এই সংশোধিত বৰ্ষারন্ত তখন হইতে প্ৰচলিত হইয়াছে এবং আজ পৰ্যন্ত চলিয়া আসিতেছে।

এই প্ৰসঙ্গে আৱ একটি বিষয়েৱ আলোচনা কৰা প্ৰয়োজন। বৎসৱ কথন হইতে এবং কেন ‘বৰ্ষ’ নামে অভিহিত হইল? প্ৰথমেই মনে হইবে যে বৰ্ষা ঋতুৰ সহিত বৎসৱেৱ নিশ্চয়ই কোন সম্বন্ধ ছিল; আৱ ইহাও অমূলিত হয় যে কোন-না-কোন সময়ে বৰ্ষা ঋতুতে বৎসৱেৱ আৱল্ল হইত এবং এই কাৱণেই বৎসৱেৱ ‘বৰ্ষ’ আখ্যা দেওয়া হইয়াছে। অৰ্থাৎ কোন-না-কোন সময়ে দক্ষিণায়ন গতিৰ আৱল্লেৱ সঙ্গে বৎসৱেৱও আৱল্ল হইত, এইক্লপ মনে হওয়াই স্বাভাৱিক। কিন্তু বেদ ও পৰবৰ্তী ব্ৰাহ্মণ ও সংহিতায় কিংবা বেদাঙ্গজ্যোতিষেৱ কোন স্থানে এই ব্যাপারেৱ উল্লেখ নাই। অথচ কৌটিল্য তদ্রচিত অৰ্থশাস্ত্ৰেৱ এক স্থানে ( কাশমান অধ্যায়ে ) বলিতেছেন যে তাহাৰ সময়ে আবাঢ়েৱ শেষে কৰ্কট-ক্ৰাণ্টিতে বৎসৱেৱ আৱল্ল হইত। তবে জৈনদিগেৱ জ্যোতিষগ্রন্থ সূর্যপ্ৰজপ্তিতে ইহাৰ একটি বিশদ কাৱণ উল্লিখিত হইয়াছে, তাহাতে বলা হইয়াছে যে ঋতুচক্ৰেৱ আৱল্ল হয় আষাঢ় মাস হইতে। সূর্যপ্ৰজপ্তি ঋতুগুলিৰ এইক্লপ বৰ্ণনা দিয়াছে,—( ১ ) বৰ্ষা, ( ২ ) শৱৎ, ( ৩ ) হেমন্ত, ( ৪ ) বসন্ত ও ( ৫ ) গ্ৰীষ্ম। এখানে দেখা যাব যে হেমন্ত ও শিশিৱকে এক ঋতু ধৰিয়া ঋতুগুলিৰ সংখ্যা পাঁচটি বলা হইয়াছে। আবাৱ বৎসৱেৱ আৱল্ল ধৰা হইয়াছে বৰ্ষা ঋতু হইতে।

এখন দেখা যাউক জ্যোতিষসিদ্ধান্তে ঋতুগুলিৰ বিষয় কি বলা

হইয়াছে। পূর্বেই উল্লেখ করা গিয়াছে যে বরাহমিহির কান্তন মাসে বিশুবন্ধ হইতে বর্ষারস্ত ধরিয়াছিলেন। কিন্তু শৃষ্টিসিদ্ধান্তে বৎসরের আরস্ত মকরক্রান্তি হইতে ধরা হইয়াছে। শৃষ্টিসিদ্ধান্ত বলিতেছে—মকরক্রান্তি হইতে আরস্ত করিয়া খতুগুলির ক্রমিক বিবরণ এই প্রকার, যথা, ( ১ ) শিশির, ( ২ ) বসন্ত, ( ৩ ) গ্রৌম্য, ( ৪ ) বর্ষা, ( ৫ ) শরৎ ও ( ৬ ) তেজস্ত। ইহাতে স্পষ্টই বুঝিতে পারা যাব যে শৃষ্টিসিদ্ধান্ত বরাহমিহিরের পূর্বে যে বাবস্তা চলিয়া আসিতেছিল তাহাই গ্রহণ করিয়াছে, অর্থাৎ বেদাঙ্গজ্যোতিষ-প্রবর্তিত ব্যবস্থাই স্বীকার করিয়াছে। সুতরাং নিঃসন্দেহে বলা যাইতে পারে যে বর্তমান শৃষ্টিসিদ্ধান্তের এই অংশ প্রাচীন সৌরসিদ্ধান্ত হইতে গৃহীত হইয়াছে। ভাস্কর তদ্রচিত সিদ্ধান্তশিরোমলি গ্রন্থে বসন্ত ঋতু হইতেই খতুচক্রের আরস্ত করিয়া খতুগুলির পর-পর একটি কবিত্পূর্ণ বর্ণনা দিয়াছেন।

হিন্দুদিগের বর্ষারস্ত ও খতুচক্রের একটা ক্রমিক বিরুতি দেওয়া হইল এবং ইহাতে দেখান হইল যে বর্ষারস্ত ও খতুচক্রের আরস্তের সামঞ্জস্য করিয়া পঞ্জিকা সংস্কার করিবার জন্য হিন্দুদিগের কিঙ্গপ প্রয়াস করিতে হইয়াছিল। এই প্রয়াসে ঠাহারা অয়নগতি প্রভৃতি জ্যোতির্বিদের জটিল বিষয়গুলিও লক্ষ্য করিতে ভুলেন নাই এবং সঙ্গে সঙ্গে জ্যোতির্বিদের ঠাহাদিগের গভীর পাঞ্জিত্যের নির্দর্শন দিয়া পাঠকবর্গকে মুক্ত করিয়াছেন।

## কাল-বিভাগের ধারা

বিজ্ঞানে ও দর্শনে কালের ধারণার প্রতিষ্ঠা হইবার বহু পূর্বে ব্যবহারিক অগতে ধর্মানুষ্ঠান ও দৈনন্দিন কার্য পরিচালনার অন্ত কালের পরিমাপ একান্ত প্রয়োজনীয় ছিল। প্রাচীন সকল জাতির মठ-বিহারাদি ধর্মপ্রতিষ্ঠানে পূজাপার্বণের সময় নির্ধারণ করিবার ব্যবস্থা হইয়াছিল। এই ব্যবস্থা কোন বিশেষ ধর্মসম্প্রদায়ে সীমাবদ্ধ ছিল না, প্রাচীন সকল জাতির মধ্যেই এই ব্যবস্থা কর্তৃমান ছিল। যেহেতু অধিকাংশ ধর্মানুষ্ঠানের মূলেই ছিল সূর্যোপাসনা অথবা সূর্যের বিশেষ অবস্থামূহ্যাঙ্গী পূজার ব্যবস্থা, সেই কারণে সূর্যের গতি-সংক্রান্ত কালের নির্দেশবিধি হিন্দু, গ্রীক, মিসরীয়, চীন, ব্যাবিলন, হিন্দু, পারস্পরদেশীয় ও প্রাচীন রোমক প্রভৃতি সকলেরই ধর্মানুষ্ঠানের একটা বিশেষ অঙ্গ হইয়াছিল। সকল জাতির মধ্যেই কালের মূলবিভাগগুলি অর্থাৎ দিন, মাস ও বৎসর একই ছিল, প্রধানতঃ পার্থক্য দাঢ়াইল কত দিনে মাস হইবে অথবা কত দিনে বৎসর হইবে এই লইয়া। আরও মতভেদ ছিল দিনের উপবিভাগ সম্বন্ধে, দিনের আরম্ভ হইবে কখন, মধ্যরাত্, সূর্যোদয়, না মধ্যদিন ( অর্থাৎ সূর্যের মাধ্যাহ্নিকে আরোহণ ) হইতে, বৎসরে কয়টি মাস হইবে এবং এক মাসে কয় দিন, এই সমস্ত সম্বন্ধে। কখন বর্ষ আরম্ভ হইবে এবং মাস ও ঋতুর কিন্তু প্রাকৃতিক ব্যবস্থা হইবে এই লইয়া সকল প্রাচীন জাতিরই একটা সমস্তা দাঢ়াইয়াছিল।

চতুর্থ ও সূর্যের আবর্তন স্বত্বাবত্তই কাল-পরিমাপের একটা মানদণ্ড-কল্পে নির্ধারিত হইল। প্রাচীন মুগের লোকেরা চতুর্থ ও সূর্যের দৈনন্দিন অমুর্বিজ্ঞাব ও তিরোভাব দেখিয়া মুক্ত হইয়াছিল, সূতরাং চতুর্থ ও সূর্যের

গতিকেই তাহারা সময়ের পরিমাপ করিবার উপযুক্ত নির্ধারক বলিয়া ধরিয়া লইল। প্রাচীন জ্যোতিগুলির প্রাথমিক ধর্মানুষ্ঠানের পর্যালোচনা করিলে দেখা যায় বিশিষ্ট কাল ও ঋতুবিভাগ সমস্তে তাহাদের বিশেষ জ্ঞান ছিল এবং বিশেষ বিশেষ পৃজ্ঞা পার্বণ ঠিক ঠিক সময়ে সম্পূর্ণ করিবার জন্য একটা পঞ্জিকা প্রস্তুত করিবার চেষ্টা প্রথম হইতেই তাহাদের মধ্যে দেখা গিয়াছিল। অবশ্য, প্রাচীন যুগে এইরূপ পঞ্জিকা প্রথমে অসম্পূর্ণ ধরনের হইবারই কথা, কিন্তু পরে ইহার নানাবিধি সংস্কার ও সংশোধন হইয়াছিল। সকল সময়েই ধর্মানুষ্ঠানের পক্ষে উভার উপযোগিতার দিকেই বিশেষ লক্ষ্য রাখা হইতেছিল।

প্রাচীন হিন্দুরা প্রধানতঃ যাগযজ্ঞ সম্পাদনের জন্যই পঞ্জিকা প্রস্তুত করিতেন, এবং বিভিন্ন যাগযজ্ঞের অনুষ্ঠানের উপরই এই পঞ্জিকার প্রচলন ও প্রতিষ্ঠা নির্ভর করিত। যথন এই যজ্ঞগুলি ধারাবাহিকভাবে শেষ হইত, তখনই দেখা যাইত বৎসরও শেষ হইয়া গিয়াছে; শুতরাং বৈদিক যুগে বৎসর ও যজ্ঞ একার্থবোধক শব্দে পরিণত হইয়াছিল। প্রায় ৩০০০ শ্রীষ্টপূর্বে রচিত ঋগ্বেদের যজ্ঞ সম্বন্ধীয় ঋক হইতে অনুমান করা যায় যে যজ্ঞানুষ্ঠানের একটা ক্রমবিকাশ হইয়াছিল। কোনও যজ্ঞানুষ্ঠানের পক্ষতি নিভুলভাবে বিধিবন্ধ হইতেই পারে না, যদি মাস, ঋতু ও বৎসরের সম্পূর্ণ জ্ঞান না থাকে, শুতরাং ইহা বলা অস্থায় হইবে না যে, বৈদিক যুগে যজ্ঞানুষ্ঠানকে নিয়মিত করিবার জন্য কোনও একপ্রকার পঞ্জিকা প্রচলিত ছিল। এই পঞ্জিকা কি প্রকারের ছিল বা কতটা উন্নত ছিল, তাহা নির্ধারণ করা কঠিন, তবে বৈদিক যজ্ঞানুষ্ঠানের আলোচনায় ইহা স্পষ্ট বুঝা যায় যে সেই প্রাচীন কালে চন্দ্রের বিভিন্ন কলা, ঋতুর পরিবর্তন ও শূর্বের উত্তরায়ণ ও দক্ষিণায়ণ সময়ের পরিমাপ করিবার প্রধান উপায় বলিয়া গণ্য হইত। হিন্দুদিগের

পঞ্জিকা নিয়মিত করিতে মাঝে মাঝে যে বাধা উপস্থিত হইত, তাহাতেই উহার গণনা-পদ্ধতির পরিবর্তন হইত। কোন এক সময়ে চন্দ্রের গতিকে ভিত্তি করিয়া গণনার কার্য চলিত এবং চন্দ্রকলার হ্রাসবৃক্ষি লক্ষ্য করিয়া চান্দ্রমাস গঠিত হইত। প্রাচীন হিন্দুরা দেখিলেন যে এক রাত্রিতে চন্দ্র একেবারে অনুগ্রহ হয় এবং আর এক রাত্রিতে সম্পূর্ণ ও গোলাকার হইয়া থাকে; তাহারা চন্দ্রের এই দুই অবস্থাকে অমাবস্যা ও পূর্ণিমা আখ্যা দিলেন। তাহারা আরও দেখিলেন যে এক অমাবস্যা হইতে আর এক অমাবস্যা পর্যন্ত অথবা এক পূর্ণিমা হইতে আর এক পূর্ণিমা পর্যন্ত ত্রিশ বার সূর্যোদয় হইয়া থাকে। ইহার পরে কালক্রমে মাস-গণনার পরিবর্তন হইল; সূর্যের গতিকে ভিত্তি করিয়া সৌরমাস গঠিত হইল। রাশিচক্রের দ্বাদশ রাশির এক রাশিতে অবস্থান করিতে সূর্যের যে সময় অতিবাহিত হয়, তাহাকে এক সৌরমাস বলা হইল। তারপর আবার কতকটা পরিবর্তন ঘটিল, চন্দ্রের গতির ভিত্তিতে ও সূর্যের গতির ভিত্তিতে গণনায় দুই ভিন্ন পদ্ধতিকে সামঞ্জস্যে আনিবার চেষ্টা হইল, ইহাতে দুই প্রকার মাসের অর্থাৎ চান্দ্রমাস ও সৌরমাসের মূল প্রকৃতি অঙ্গুলি রাখিল। সৌরমাস সৌর দিনে এবং চান্দ্রমাস তিথি বা চান্দ্রদিনে গণ্য হইল। এই চান্দ্র দিন সূর্য ও চন্দ্রের দুইটি ঘূর্ত্ব (conjunction) মধ্যকালীন সময়ের ত্রিশ ভাগের এক ভাগ বলিয়া ধরা হইল। ইহার ফলে চান্দ্র-সৌর (Juni-solar) বৎসরের গঠন হইল; দিন হয় সৌর, না হয় চান্দ্র, দুই প্রকারই রাখিল। হিন্দুরা পর্যবেক্ষণের দ্বারা আরও লক্ষ্য করিলেন যে কোন এক দিন সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে যে নক্ষত্র উদ্বিত বা অস্তমিত দেখা যায়, কিছু দিন পরে তাহার পরিবর্তন হয়। ইহাতে তাহারা সিদ্ধান্ত করিলেন যে সূর্যের ও চন্দ্রের স্থায় ব্যোমপথে নক্ষত্রদিগের মধ্যে একটা গতি

## হিন্দু জ্যোতির্বিজ্ঞা

আছে এবং গতিপথে একবার পরিক্রমণ করিতে বাবো মাস অতিবাহিত হয় অর্থাৎ যে নক্ষত্র এক দিন সূর্যোদয়ের সঙ্গে উঠিতে দেখা যায়, তাহাকে আবার সূর্যোদয়ের সঙ্গে উঠিতে বাবো মাস পরে দেখা যাইবে। এই গণনামূলসারে এক বৎসর অর্থাৎ শূর্যের এক বার পরিক্রমণের সময় তাহারা বাবো মাস ধরিলেন। দিনের আরন্ত লইয়া হিন্দুরা বহু পরিবর্তন করিয়াছিলেন। বেদ ও পুরাণের সময়ে তাহারা সূর্যোদয় হইতেই দিনের আরন্ত ধরিতেন, কিন্তু পরবর্তীকালে এ সম্বন্ধে নানা মতের আবির্ভাব হইয়াছিল। আর্যভট্ট দিনের আরন্ত ধরিয়াছিলেন লঙ্ঘাস সূর্যোদয় হইতে, বনাহমিহির ধরিয়াছিলেন মধ্যরাত্রি হইতে। এই রকমে চার প্রকারের দিনের আরন্তের উল্লেখ পাওয়া যায়, সূর্যোদয়, মধ্যরাত্রি, মধ্যদিন বা সূর্যাস্ত হইতে, কিন্তু সূর্যোদয় হইতে দিনের আরন্তই হিন্দুদিগের মধ্যে অধিক প্রচলিত। সময়ের পরিমাপ করিবার জন্য অতি প্রাচীনকালে সূর্যঘড়ির আবিষ্কার হইয়াছিল, ইহাতে বাবোটি অঙ্গুলি নির্দেশিত ছিল, উহাতে শূর্যের ছায়া মাপিয়া সময়ের নির্ধারণ হইত। সন্তবতঃ শূর্যের গতির সঙ্গে সঙ্গে একটা বৃক্ষের ছায়ার হ্রাসবৃদ্ধি হইতে সূর্যঘড়ির কল্পনা ভাগিয়া ধাকিবে। কিন্তু সূর্যঘড়ি দিনের বেশোর বা সূর্য দেখা গেলে সময়ের পরিমাপ করিতে সমর্থ হইলেও সূর্যাস্তের পরে বা সূর্য না দেখা গেলে সূর্যঘড়ির উপযোগিতা ছিল না। এই জন্যই সময়ের পরিমাপ করিতে জলঘড়ির আবিষ্কার হইল; একটি জলপাত্রে একটি ধাতু নিষিদ্ধ বাটি ভাসাইয়া দেওয়া হইত এবং উহাতে যে জল রাখা হইত তাহা তলার একটি ফুটা দিল্লা এক নাড়িকা বা ২৪ মিনিটে বাহির হইয়া যাইত। ইহার ব্যবহারে হিন্দুরা এমনই পারদশী হইয়াছিলেন যে এই জলঘড়ি দেখিয়াই তাহারা বলিতে পারিতেন সূর্যোদয় হইতে কত সময় অতিবাহিত হইয়াছে। ইহা ভিন্ন আর একটি ধন্ত তাহারা বাহির করিয়াছিলেন,

উহাকে ষষ্ঠি আধা দেওয়া হইয়াছিল, উহাতে সূর্যের মাধ্যাহ্নিকে অবস্থান অর্ধাং মধ্যদিন হইতে সময়ের পরিমাণ পাওয়া যাইত ।

কেলভীয়ানরা বৎসরের পরিমাপ খুব পুরানুপূর্বত্বাবে স্থির করিয়াছিলেন। তাহারা জানিতেন যে ৩৬৫ দিন ৬ ঘণ্টা ১১ মিনিটে এক সৌর বর্ষ, কিন্তু ব্যবহারিক জীবনে তাহারা চান্দ্রমাস ও সৌরবৎসর ছাই ব্যবহার করিতেন। তাহারা দিন ও রাত্রি উভয়কেই বারো ভাগে ভাগ করিলেন এবং সূর্যঘড়ি ও জলঘড়ির সাহায্যে সময়ের পরিমাপ করিতেন। তাহারা দিনের বেলায় সূর্যঘড়ি এবং রাত্রিকালে জলঘড়ি ব্যবহার করিতেন। জ্যোতিষিক গণনার প্রয়োজনে তাহারা এক দিনকে বারো সমান ভাগে ভাগ করিয়া প্রত্যেক ভাগকে এক ঘণ্টা ধরিলেন। তাহারাই বোধ হয় প্রথমে এক মাসকে চারি ভাগে ভাগ করিয়া সময়ের বিভাগের আর এক পর্যায়ে নামিলেন। প্রাচীন যুগে চান্দ্রমাস ব্যবহারের সময়ে অধ' মাস নিশ্চয়ই জানা ছিল, কারণ এক অমাবশ্যক হইতে পরবর্তী পূর্ণিমার ব্যবধান ছিল অধ' মাস, এবং উহারাই অধেক লইয়া সপ্তাহের বিভাগের স্থচনা হইয়াছিল।

ক্রীষ্ণপূর্ব ২০০০ বৎসরের আগেও চীনদেশীয়েরা পঞ্জিকা গঠনের চেষ্টা করিয়াছিলেন। প্রথমে তাহাদের পদ্ধতি প্রত্যেক সন্তাতের সঙ্গে সঙ্গে পরিবর্তিত হইত। সন্তাত স্বান (Yan, c. 2357 B. C.—2258 B. C.)-এর সময়ে সমস্ত দেশে একই বৈজ্ঞানিক পদ্ধতিতে পঞ্জিকা প্রচলনের চেষ্টা হইয়াছিল, সন্তবতঃ ইহারও পূর্বে সন্তাত হংগতির ( Hung-ti, c. 2700 B. C. ) সময় হইতেই আরম্ভ হইয়া থাকিবে। প্রমাণ আছে যে সন্তাত ওয়াং ওয়াংগ ( Wan Wang, 1122 B. C. )-এর এক নির্দেশে দিনের আরম্ভ মধ্যরাত্রি হইতে ধৰা হইল, অর্থচ ইহার পূর্বে সাংগঠনের ( ১১৬৬-১১২২ খ্রীঃ পূঃ ) সময়ে মধ্যদিন হইতে দিনের আরম্ভ

ধরা হইত। বর্তমান চীনা-পঞ্জিকায় এক সৌর দিনকে বাবো ষণ্টায় ভাগ করা হইয়াছে এবং প্রথম ষণ্টার অধ' ভাগ হইতে মধ্যরাত্রির আরম্ভ ধরা হয়। চীনা ভাষায় চীনা ষণ্টাকে শি (Shi) বলা হইয়া থাকে, এক শি ইংরেজী ১২০ মিনিটের সমান। এক শি আট ভাগে বিভক্ত, উহাকে খে (khe) বলা হয়, এক খে ইংরেজী এক ষণ্টার এক-চতুর্থ অংশ অর্থাৎ ১৫ মিনিটের সমান। এক খে আবার ১৫ ভাগে বিভক্ত, প্রত্যেক ভাগকে বলা হয় ফেন (fen), তাহা হইলে এক ফেন ইংরেজী এক মিনিটের সমান ; এক ফেনকে আবার ৬০ ভাগে বিভক্ত করা হয় এবং প্রত্যেক ভাগকে বলা হয় মিয়াও (Miao), এক মিয়াও এক সেকেণ্ডের সমান। বর্তমান সময়ে চীন দেশে আমেরিকার ঘটিকায়ন্ত্রের বহুল পরিমাণে ব্যবহার হইতেছে। চীনদেশেও সাত দিনের একটা কালবিভাগ ধরা হইয়াছিল এবং মাস চান্দ্ৰ তিথিতে বিভক্ত হইয়া অমাবস্যা হইতে পরিগণিত হইত।

গ্রীষ্মপূর্ব চতুর্দশ শতাব্দীতে মিসরবাসীরা একটা স্থির বর্ষের উপরোগিতা বৃঞ্জিয়াছিলেন, কিন্তু দেশের অনসাধারণের ধর্মানুষ্ঠানের সঙ্গে একটা পরিবর্তনশীল বৎসর এমন ভাবে জড়িত ছিল, যে, তাহারা ইহাও একেবারে ছাড়িয়া দিতে পারেন নাই। খতু বিভাগের সময়ে স্থির বর্ষই ধরা হইত এবং নদীর অবস্থানসারে এক বর্ষে তিনটি খতু ধরা হইত ; যেমন বারি খতু, উত্তান খতু ও ফল খতু ; প্রথমটি ২১ জুন হইতে ২০ অক্টোবর, দ্বিতীয়টি ২১ অক্টোবর হইতে ২০ ফেব্রুয়ারি এবং তৃতীয়টি ২১ ফেব্রুয়ারি হইতে ২০শে জুন পর্যন্ত। এইগুলি মন্দিরের ধারকসম্পদায় কর্তৃক নির্ধারিত হইত। তাহারা অভ্যাসের ধারা সহজেই ইহার নির্ধারণ করিতে পারিতেন এবং তাহারাই দেশের প্রধান পঞ্জিকাকার ছিলেন। মন্দির হইতে নীল নদের অলের বৃক্ষ

ও হাসের ঘোষণা হইত, মন্দিরে যাজকসম্পদাবের পর্যবেক্ষণে জলের  
বৃক্ষ ও হাস মাপিবার যন্ত্র থাকিত। প্রাচীন মিসর দেশে ব্যবহারিক  
প্রয়োজনে রাত্রি দিনের অস্তভুক্ত ছিল এবং পৃথক্ দিন ও রাত্রি  
প্রত্যেকটি বারো ঘণ্টায় বিভক্ত হইত; কিন্তু এই ঘণ্টার মাপ খতুর  
তারতম্যের সহিত পরিবর্তিত হইত। প্রাচীন মিসরে দিবসের আরম্ভ  
হইত শূর্যাস্ত হইতে। কিন্তু ঐতিহাসিক প্লিনি ( Pliny ) বলেন যাজক-  
সম্পদায় মধ্যরাত্রি হইতে দিবসের আরম্ভ ধরিতেন। পরবর্তী কালে দিনের  
আরম্ভ হইত মধ্যদিন হইতে এবং দিনকে চৰিষ্ণ সমান ঘণ্টায় ভাগ করা  
হইত। প্রসিঙ্ক জ্যোতিষী প্লোমিও ( Ptolemy ) ইহাই করিয়াছিলেন।  
মিসর দেশের জাতীয় পঞ্জিকাম শেষের মাস ছাড়া প্রত্যেক মাসে  
ত্রিশ দিন, শেষের মাসে ( Mesori ) পাঁচ দিন বেশি ধরা  
হইত এবং ইহাতে এক বৎসরে সর্বসমেত ৩৬৫ দিন হইত। এই  
গণনায় এক-চতুর্থ দিবসের ভূল থাকিয়া যাইত। সূত্রাং বর্ষ স্থির না  
হইয়া পরিবর্তনশীল হইত এবং জ্যোতিষ্কদিগের অবস্থানের তুলনায়  
বর্ষারম্ভ প্রথম অবস্থায় আসিতে  $4 \times 365$  বা ১৪৬০ ( ১৪৬১ মিসর  
দেশীয় ) বৎসর লাইত। মিসরে বর্ষারম্ভ হইত থথ ( Thoth ) মাসের  
প্রথম দিন হইতে, এই থথ ছিলেন মিসরের এক প্রসিঙ্ক দেবতা।  
তিনিই পঞ্জিকা ও সংখ্যা মিসরে আনিয়াছিলেন বলিয়া ধ্যাত। ইহার  
পরে মিসর যথন রোম সাম্রাজ্যের অধীন হইল গ্রিটপূর্ব প্রথম  
অধৰ্ষতাকীতে, তখন আলেকজান্দ্রিয়ার পঞ্জিকার সহিত উহার স্থির বর্ষও  
মিসরে আসিল, কিন্তু অনসাধারণ গ্রিটীয় চতুর্থ শতাব্দী পর্যন্ত তাহাদের  
পরিবর্তনশীল বর্ষই ব্যবহার করিত। আলেকজান্দ্রিয়ার পঞ্জিকা মিসরে  
সপ্তম শতাব্দীর প্রথমাধি পর্যন্ত চলিয়াছিল। এই সময়ে মিসর  
আলেকজান্দ্রিয়ার সহিত মুসলমান সাম্রাজ্যের অস্তভুক্ত হইল। সূত্রাং

পঞ্জিকারণও পরিবর্তন দেখা দিল, কেবল উত্তর-মিসরে প্রাচীন পঞ্জিকা চলিতে আগিল। পরে ৭৭৯৮ খ্রীষ্টাব্দে যথন ফরাসীরা অন্ন সময়ের অন্ত মিসর অঞ্চল করিয়াছিল, তখন মিসরে ইউরোপীয় পঞ্জিকা মুসলমান পঞ্জিকার সঙ্গে সঙ্গে প্রচলিত হইল।

প্রাচীন এথেন্সবাসীরা মিসরীয়দিগের অনুসরণে সূর্যাস্ত হইতে নৃতন দিনের আরম্ভ ধরিতেন এবং দিন ও রাত্রি উভয়কেই বারো ষণ্টায় বিভক্ত করিলেন। তখনও তাহারা সাত দিনে সপ্তাহ ব্যবহার করেন নাই। তাহারা চান্দ্রমাসকে তিন ভাগে বিভক্ত করিলেন, প্রথম ভাগ দশ দিনে বিভক্ত হইল এবং এই দিনগুলিকে তাহারা ক্রমিক সংখ্যা দিলেন, যেমন প্রথম ভাগের পঞ্চম দিনকে তাহারা পঞ্চমী আধ্যা দিলেন। তাহারা দ্বিতীয় ভাগকেও দশ দিনে বিভক্ত করিলেন এবং পূর্বের মতই ক্রমিক সংখ্যা দিলেন, পার্থক্যের মধ্যে তাহারা এই দিনগুলিকে একোত্তর দশ বা একাদশ, দ্বাদশ প্রভৃতি বিংশতি পর্যন্ত নাম দিলেন। মাসের শেষের ভাগও দশ দিনে বিভক্ত হইল এবং উহাদের নাম হইল একবিংশতি, দ্বাবিংশতি হইতে ত্রিংশৎ পর্যন্ত। কখনও কখনও এই গণনা প্রথম হইতে না হইয়া মাসের শেষ হইতে ধরা হইত। এক অমাবস্যা হইতে পরের অমাবস্যা পর্যন্ত এক চান্দ্রমাস ধরা হইত, এবং এইক্রমে বার মাসে এক বৎসর। সুতরাং এক বৎসরে হইল ৩৫৪ সৌর দিন। ইহাতে সৌর বর্ষের হিসাবে প্রায় ১১ দিন কম পড়িল এক তিন বৎসর অন্তর এক মাস বেশি করিয়া এক বৎসরে ধরিতে হইত। ইহাকে এথেন্সবাসীরা বলিতেন পসিডনের দ্বিতীয় মাস ( second month of Poseidon )। খ্রীষ্টপূর্ব ৪৩২ নালে মেটন ( Meton ) উনবিংশতি বৎসরের একটা কালচক্র স্থির করিলেন এবং ইহাতে তৃতীয়, পঞ্চম, অষ্টম, একাদশ, দ্বাদশ, ষোড়শ ও উনবিংশতি বৎসরে একটি অধিক

মাস যোগ করিয়া দিলেন। তাহা হইলে ১৯ বৎসরে হইল ( $19 \times 12 + 9$ )  
 ২৩৫ মাস এবং ৬৯৩৯ $\frac{3}{4}$  দিন। কিন্তু সাধারণ ব্যবহারে এমন ভাবে  
 দিনের সংখ্যা লওয়া হইত যাহাতে ১৯ বৎসরে ৬৯৪০ $\frac{3}{4}$  দিন পাওয়া  
 যাইত। শ্রীষ্টপূর্ব ৩২৫ সালে ক্যালিপাস (Callipus) চার-গুণ  
 উনিশ লইয়া ৭৬ বৎসর বা ৯৪০ মাস লইয়া একটা কালচক্র স্থির  
 করিলেন; তিনি ২৯ ও ৩০ দিনে মাস ধরিয়া ৯৪০ মাসে ২৭৭৫৯ দিন  
 নির্ধারিত করিলেন। ইহার পরে শ্রীষ্টপূর্ব ১৫০ সালে হিপার্কস  
 (Hipparchus) ১৬ গুণ উনিশ ৩০৪ বৎসর লইয়া একটা কালচক্র  
 স্থির করেন। কিন্তু শেষোক্ত দুইটি কালবিভাগ কথনও অনসাধারণের  
 ব্যবহারে আসে নাই।

রোমবাসীরা সাত দিনে এক সপ্তাহ ধরিলেন এবং গ্রহগুলিকে  
 নিম্ন পর্যায়ক্রমে প্রতি দিনের এক একটি ঘণ্টার অধিপতি স্থির  
 করিলেন— শনি, বৃহস্পতি, মঙ্গল, রবি, শুক্র, বুধ ও সৌম। তখন  
 রবি ও সৌম গ্রহ বলিয়া পরিগণিত ছিল। এই পর্যায় তাহারা আরম্ভ  
 করিলেন শনিবারের প্রথম ঘণ্টা হইতে, তাহা হইলে শনিবারের  
 দ্বিতীয় ঘণ্টার অধিপতি বৃহস্পতি, তৃতীয় ঘণ্টার অধিপতি মঙ্গল,  
 চতুর্থ ঘণ্টার অধিপতি রবি; এইরপে চতুর্বিংশতিতম ঘণ্টার  
 অধিপতি মঙ্গল। দ্বিতীয় দিনের প্রথম ঘণ্টার অধিপতি হইবে রবি,  
 তৃতীয় দিনের প্রথম ঘণ্টার অধিপতি হইবে সৌম, চতুর্থ দিনের  
 প্রথম ঘণ্টার অধিপতি হইবে মঙ্গল, পঞ্চম দিনের প্রথম ঘণ্টার অধিপতি  
 হইবে বুধ, ষষ্ঠ দিনের প্রথম ঘণ্টার অধিপতি হইবে বৃহস্পতি এবং সপ্তম  
 দিনের প্রথম ঘণ্টার অধিপতি হইবে শুক্র। এই প্রকারে রোমবাসীদের  
 সপ্তাহের সাত দিনের নাম, সাত দিনের প্রথম ঘণ্টার অধিপতি গ্রহের  
 নাম হইতে উৎপন্ন হইল। তাহা হইলে প্রথম দিন হইল শনিবার

( Saturn's Day ), দ্বিতীয় দিন রবিবার ( Sun's Day ), তৃতীয় দিন সোমবার ( Moon's Day ), চতুর্থ দিন মঙ্গলবার ( Mar's Day, ফরাসী Merdi—মার্ডি ), পঞ্চম দিন বুধবার ( Mercury's Day, ফরাসী Mercredi—মারক্রেডি ), ষষ্ঠ দিন বৃহস্পতিবার ( Jupiter's Day, উত্তর ভূতাগে Thor's Day ), এবং সপ্তম দিন শুক্রবার ( Venus' Day, Frigg's Day, Frigg বিবাহের অধিষ্ঠাত্রী দেবী )। কথিত আছে যে রোমের প্রতিষ্ঠাতা রোমুলাস ( Romulus ) রোমের প্রাচীনতম পঞ্জিকার ব্যবস্থাপক। ইহাতে এক বৎসরে দশ মাস ধরা হইত। প্রত্যেক মাসের দিনের সংখ্যা সমান ছিল না, এবং এক বৎসরে দিনের সংখ্যা ছিল ৩০৪। তখন মার্চ মাস হইতে বৎসরের আরম্ভ ধরা হইত। পরে মুমা পম্পিলিয়াস ( Numa Pompilius, ৭১৫—৬৭২ খ্রীষ্টপূর্ব ) আরও দুই মাস ঘোষণা করিয়া দিলেন, উহাদের নাম দিলেন জামুআরি ও ফেক্রুআরি এবং বৎসরকে চান্দ্ৰ বৎসর ধরিলেন। খ্রীষ্টপূর্ব পঞ্চম শতাব্দীতে ডিসেমভিরের ( Decemvirs ) নির্দেশক্রমে সৌর বৎসর স্থির হইল, অবশ্য ইহার ব্যবস্থার ভার পড়িল যাজক-সম্প্রদায়ের উপর। কিন্তু এই পঞ্জিকার ব্যবস্থার এমন বিশৃঙ্খলা আসিয়া পড়িল যে জুলিয়াস সিজারের ( Julius Caesar ) সময়ে বৎসরের প্রত্যেক দিন জ্যোতিষিক অবস্থানের তুলনামূল আশী দিন পিছাইয়া পড়িল। স্মৃতরাঃ পঞ্জিকা-সংস্কারের বিশেষ প্রয়োজন দেখা দিল। তখন জুলিয়াস সিজার নির্দেশ দিলেন যে খ্রীষ্টপূর্ব ৪৬ সালে এক বৎসরে ৪৪৫ দিন ধরিতে হইবে এবং পরে প্রত্যেক বৎসরে ৩৬৫ দিন, আর প্রত্যেক চতুর্থ বৎসরে ৩৬৬ দিন। পূর্বে বলা হইয়াছে, সৌর বৎসর অর্ধাং কাস্ত্রবৃক্ষে সূর্যের এক বার পরিক্রমণের সময় প্রায় ৩৬৫টি দিন, অর্ধাং বিশুবিন্দু হইতে আরম্ভ করিয়া আবার সেই বিশুবিন্দুতে আসিতে

সূর্যের ৩৬৫ দিন ৫ ষষ্ঠা ৪৮ মিনিট ৪৫'৫ সেকেণ্ড লাগে। ইহাই হইল আসল সৌর বৎসর। সুতরাং ব্যবহারিক জীবনে বৎসরকে ৩৬৫ দিনের ধরিলে জ্যোতিষিক সৌর বৎসর হইতে ৫ ষষ্ঠা ৪৮ মিনিট ৪৫'৫ সেকেণ্ড কম ধরা হইল, এই ভুল চারি বৎসরে ২৩ ষষ্ঠা ১৫ মিনিট ২ সেকেণ্ড বা প্রায় এক দিনে পরিণত হইবে। এই ভুলের সংশোধন না হইলে প্রত্যেক চারি বৎসরে ক্রান্তিপাতের সময় এক দিন পিছাইয়া যাইবে। এই সংশোধন করিবার চেষ্টা জুনিয়াস সিঙ্গারই প্রথম করিলেন এবং তাহার নির্দেশে প্রত্যেক চতুর্থ বৎসরে এক দিন বেশী অর্থাৎ ৩৬৬ দিন ধরা হইল। সিঙ্গার নিম্নলিখিত প্রণালীতে বৎসরে মাসের ক্রম ও দিনের সংখ্যা নির্ধারিত করিলেন :

মাসের নাম	দিনের সংখ্যা
১। মার্সিয়াস ( Martius )	৩১
২। এপ্রিলিস ( Aprilis )	৩০
৩। মেয়াস ( Maius )	৩১
৪। জুনিয়াস ( Junius )	৩০
৫। কুইন্টিলিস ( Quintilis )	৩১
৬। সেক্সটিলিস ( Sextilis )	৩১
৭। সেপ্টেম্ব্রিস ( Septembris )	৩০
৮। অক্টোব্রিস ( Octobris )	৩১
৯। নভেম্ব্রিস ( Novembris )	৩০
১০। ডিসেম্ব্রিস ( Decembris )	৩১
১১। জানুয়ারিস ( Januarius )	৩১
১২। ফেব্রুয়ারিস ( Februarius )	২৮

ইহাতেই দেখা যায় যে পঞ্জিকার প্রথম বিধানে মার্চ মাস হইতে

বৎসর আরম্ভ হইত। কারণ, মূল শক হইতেও দেখা যায় যে, কুইন্টিলিস্ অর্থে পঞ্চম মাস, সেক্সাটিলিস্ অর্থে ষষ্ঠ মাস, সেপ্টেম্বৰ অর্থে সপ্তম মাস, অক্টোবর অষ্টম মাস, নভেম্বর নবম মাস এবং ডিসেম্বর দশম মাস। জুলিয়াস সিজার তাহার প্রথম নির্দেশে স্থির করিয়াছিলেন যে মার্চ মাস হইতে আরম্ভ করিয়া মাসগুলির দিনসংখ্যা পর্যায়ক্রমে ৩১ ও ৩০ হইবে, কেবল ফেব্রুআরি মাসে ২৯ দিন থাকিবে এবং প্রতি চতুর্থ বৎসরে ফেব্রুআরি মাস ৩০ দিনের হইবে। পরে আবার নির্দেশ দিলেন যে, বৎসর আহুআরি মাস হইতে আরম্ভ হইবে। পরিশেষে তাহারই জীবদ্ধশাস্ত্র তিনি পঞ্চম মাস কুইন্টিলিস্কে নিজের জুলিয়াস নামে পরিবর্তিত করিলেন, তিনি নিজে ত্রি মাসে অন্তর্গ্রহণ করিয়াছিলেন। তিনি আরও কয়েকটি মাসের দিনসংখ্যার পরিবর্তন করিয়াছিলেন, ইহারই ফলে বর্তমান জুলিয়ান পঞ্জিকা। জুলিয়াস সিজারের মৃত্যুর পর তাহার নির্দিষ্ট পঞ্জিকার বিতীয় বর্ষেই পুরোহিত সম্প্রদায়ের প্রান্ত বিধানে চতুর্থ বর্ষের অর্থাৎ যে বৎসরে ফেব্রুআরি মাসে এক দিন যোগ করিতে হইবে তাহার নির্ধারণে গোল বাধিল। অগাষ্ঠাস সিজার তখন সত্রাট, তিনি ইহার ব্যবস্থা করিয়া দিলেন। তাহারই সম্মান প্রদর্শনার্থে সেক্সাটিলিস (ষষ্ঠ মাস) অগাষ্ঠান নামে পরিবর্তিত হইল। সেই হইতে ১৫৮২ গ্রীষ্মাঙ্গ পর্যন্ত অগাষ্ঠাস সিজার সংশোধিত জুলিয়ান পঞ্জিকাই ইত্তরোপে চলিয়া আসিতেছিল। এই সময়ে পোপ ত্রয়োদশ গ্রীগরী পঞ্জিকার আর একটু সংস্কার করিলেন। জুলিয়াস সিজারের বিধানানুসারে প্রতি চতুর্থ বৎসরে এক দিন বেশী ধরা হইত। কিন্তু ব্যবহারিক এক দিন ২৪ ঘণ্টা আর সৌর দিন ২৩ ঘণ্টা ১৫ মিনিট ২ সেকেণ্ড, অর্থাৎ ব্যবহারিক দিন সৌর এক দিন হইতে আর ৪৫ মিনিট বেশী।

স্বতরাং চতুর্থ বর্ষে ব্যবহারিক এক দিন যোগ করার চার বৎসরে প্রায় ৪৫ মিনিটের ভুল হইল অর্থাৎ বৎসরে<sup>১</sup> প্রায় ১১ মিনিট বেশি হইল। ইহাতে চার শত বৎসরে ভুল প্রায় তিনি দিনে দাঢ়াইবে। এই অন্তরে পোপ গ্রীগরী নির্দেশ দিলেন যে, প্রতি চার শত বৎসরে তিনটি কম লীপ ইয়ার (Leap year) ধরিতে হইবে, অর্থাৎ ১০০, ২০০, ৩০০ বৎসরে এক দিন করিয়া যোগ দিতে হইবে না ; জুলিয়ান পঞ্জিকায় পোপ গ্রীগরীর সংশোধনামূসারে এক শতের দুই গুণ, তিন গুণ, পাঁচ গুণ, সাত গুণ প্রভৃতি বৎসর যাহা জুলিয়ান পঞ্জিকামূল্যায়ী লীপ ইয়ার হইত, সাধারণ বৎসর বলিয়াই পরিগণিত হইবে, কেবল যে সকল শতক চার দিনা ভাগ দিলে ভাগশেষ থাকিবে না অর্থাৎ ১৬০০, ২০০০, ২৪০০ ইত্যাদি, তাহারা লীপ ইয়ার হইবে। এই সংশোধনে চারি শত বৎসরে তিনি দিন বাদ দেওয়া হইল। পোপ গ্রীগরীর সংশোধন সত্ত্বেও খুব সামান্য একটু ভুল রহিয়া গিয়াছে, ইহা এত সামান্য যে ৩২০০ বৎসরে প্রায় এক দিন হইবে। ইংলণ্ডে ১৭৫২ সাল পর্যন্ত গ্রীগরীর সংশোধন গ্রহণ করা হয় নাই, ফলে সংশোধিত পঞ্জিকামূসারে ইংলণ্ডের পঞ্জিকায় যোট ১১ দিনের ভুল জমা হইয়া ছিল। স্বতরাং ১৭৫২ সালে ১১ দিন ছাড়িয়া দেওয়া<sup>২</sup> হইল এবং ২রা সেপ্টেম্বরকে ১৩ সেপ্টেম্বর ধরা হইল। ইউরোপের সর্বত্র এই সংশোধিত পঞ্জিকা ব্যবহৃত হইয়া আসিতেছে। কেবল গ্রীস দেশে ক্যাথলিক সম্প্রদায় এবং রাশিয়ার পুরোহিত সম্প্রদায় ১৯১৪-১৮ সাল পর্যন্ত জুলিয়ান পঞ্জিকা র্যাবহার করিতেছিল। তখন পশ্চিম ইউরোপের সর্বত্র সংশোধিত পঞ্জিকা ব্যবহৃত হইতেছিল এবং উহার তুলনায় রাশিয়ার পঞ্জিকায় তের দিনের প্রার্থক্য দেখা দিয়াছিল। এখন সর্বত্র এই গ্রীগরী-সংশোধিত পঞ্জিকার প্রচলন হইয়াছে।

প্রাচীন পারসিকেরা সর্বপ্রথমে সৌর বৎসর ব্যবহার করিতেন, কিন্তু

পরে চান্দ্ৰ বৎসৱ ও হিজিৱা পঞ্জিকা ( Hejira ) গ্ৰহণ কৰিলেন। শীঊই  
মুসলমান সাম্রাজ্য বিজ্ঞারের সঙ্গে সঙ্গে দেখা গোল ঝতুকালীন ভূমি-ৱাজ্য  
আদায়ের অন্ত সৌর বৎসৱের হিসাব রাখা একান্ত প্ৰয়োজন। অথচ  
মুসলমান সন্তাটেৱা চান্দ্ৰ বৎসৱ ত্যাগ কৰিতে সম্মত হইলেন না, যেহেতু  
মোহন্দস ইহাই গ্ৰহণ কৰিয়াছিলেন। অবশেষে একটা সামঞ্জস্য বিহিত হইল,  
ভূমি-ৱাজ্য সংগ্ৰহের অন্ত প্ৰাচীন পারসিকদিগের সৌর বৎসৱ স্বীকৃত  
হইল এবং রাজ্যেৱ অন্ত সমষ্ট কাৰ্যেৱ অন্ত চান্দ্ৰ বৎসৱই প্ৰচলিত রহিল।  
প্ৰাচীন পারসিক পঞ্জিকাতেও ঝতুগুলি আৱ নিভুল ভাৱে স্থূচিত হইতে-  
ছিল না ; কাৰণ প্ৰতি চতুৰ্থ বৰ্ষে ( Leap year ) পারসিক বৎসৱে যে  
এক দিন যোগ কৱা হইত তাহা প্ৰাচীন পারসিকেৱা ধৰ্মানুষ্ঠানেৱ অন্ত  
বলিয়া ধৰিয়াছিলেন, এখন মুসলমান সন্তাটেৱা মুসলমান ধৰ্মে দীক্ষিত  
পারসিকদিগকে তাহাদেৱ পুৱাতন ধৰ্ম ভুলাইবাৰ অন্ত সেই বেশি দিন যোগ  
কৱা আইনেৱ নিৰ্দেশে বন্ধ কৰিয়া দিলেন। ফলে ঝতু নিৰ্ণয়ে একটা  
গোলযোগ উপস্থিত হইল। পারস্য দেশেৱ বিধ্যাত সন্তাট মালিক শাহ  
একাদশ শ্ৰীষ্টাদে এই বিশৃঙ্খলা লক্ষ্য কৰিয়া তৎকালীন শ্ৰেষ্ঠ জ্যোতিষিক  
ওমৱ দ্বৈয়ামেৱ (শ্ৰেষ্ঠ কবিও) উপৱ ইহার সামঞ্জস্য বিধানেৱ ভাৱ দিলেন।  
ইস্পাহান মানমন্দিৰে পৰ্যবেক্ষণ ও গণনা কৰিয়া ওমৱ তাহাৱ  
সৌৱ বৎসৱ সংঘৃত পঞ্জিকা লিপিবদ্ধ কৰিলেন। ওমৱেৱ গণনায়  
যে সৌৱ বৎসৱ হইল উহাতে তিনি ৩৬৫ দিন ১৫ ঘণ্টা ৪৯ মিনিট  
ধৰিলেন, ইহা বৰ্তমান সময়ে স্বীকৃত সৌৱ বৎসৱ হইতে মাত্ৰ ১১ সেকেণ্ড  
অধিক। ওমৱেৱ পূৰ্বে বৎসৱেৱ আৱলু ধৰা হইত সেই দিন হইতে, যে  
দিন শূর্য মীন রাশিতে প্ৰবেশ কৰিত, ওমৱ পূৰ্বেৱ ভুল গণনা সংশোধন  
কৰিয়া যেদিন শূর্য মেষ রাশিতে প্ৰবেশ কৰে সেই দিনেৱ মধ্যাহ্ন হইতে  
বৎসৱেৱ আৱলু ধৰিলেন। সেদিন বিশুব সংক্রান্তি, শুক্ৰবাৰ ১৫ই

মার্চ ১০৭৯ খ্রীষ্টাব্দ ; ইহাই হইল ওমরের পঞ্জিকার প্রথম দিন । বৎসরকে তিনি বার মাসে বিভক্ত করিয়া প্রথম এগারো মাসে ৩০ দিন আর দ্বাদশ মাসে ৩৫ দিন ধরিলেন, ইহাতে সাধারণ বৎসরে দিনের সংখ্যা হইল ৩৬৫ ; এবং প্রতি চতুর্থ বৎসরে তিনি দ্বাদশ মাসে ৩৬ দিন ধরিয়া সেই বৎসরে দিনের সংখ্যা ৩৬৬ পাইলেন । কিন্তু তাহার পঞ্জিকায় বত্রিশ সংখ্যক বৎসর সাধারণ নিয়মে ৩৬৬ দিনের হইলেও উহাকে ৩৬৫ দিনেরই ধরা হইল এবং তেত্রিশ সংখ্যক বৎসরকে ৩৬৬ দিনেই গণ্য করা হইল । এইরূপে ওমর তেত্রিশ বৎসরের একটা কালচক্র ধরিলেন, উহাতে ২৫টি সাধারণ বৎসর ও ৮টি ৩৬৬ দিনের বৎসর । পারস্ত জাতির পঞ্জিকাণ্ডলির মধ্যে ওমরের সংশোধিত পঞ্জিকা সর্বাপেক্ষা শুক্র ; ইহাতে ১০,০০০ বৎসরে ৩৬৫২৪২৪ সৌর দিন, অর্থচ বর্তমান সৰ্ময়ে প্রচলিত গ্রীগরীয় পঞ্জিকায় ১০, ০০০ বৎসরে ৩৬৫২৪২৫ সৌর দিবস, জ্যোতিষিক গণনায় ১০,০০০ সৌর বৎসরে বাস্তবিক হওয়া উচিত । ৩৬৫২৪২২× ১০,০০০ অর্থাৎ ৩৬৫২৪২২ সৌর দিবস । সুতরাং বৈজ্ঞানিক হিসাবে বর্তমান সময়ে ইউরোপে প্রচলিত পঞ্জিকা হইতে ওমরের পঞ্জিকা বিশুল্ক্ত, ইহাতে ১০,০০০ বৎসরে মাত্র দুই দিনের ভুল আর ইউরোপীয় পঞ্জিকায় তিনি দিনের ভুল । এই পঞ্জিকা সেলজুক ও খোরাকিজ্মি ( Seljuks and Khowarizmis ) সম্রাটগণের সময় পর্যন্ত প্রচলিত ছিল । পরে তাতার সম্রাটেরা ইহা বন্ধ করিয়া দিয়া হিজরা পঞ্জিকারই পুনঃপ্রচলন করিলেন । ওমরের পঞ্জিকা এখনও কিছু পরিবর্তিত হইয়া ভারতবর্ষে পারসিকদের মধ্যে চলিয়া আসিতেছে ।

প্রাচীন শতাব্দীতে খ্রীষ্টীয় পঞ্জিকার সাধারণতঃ পূর্ব ইউরোপে এপ্রিল মাস হইতে এবং পশ্চিম ইউরোপে মার্চ মাস হইতে বর্ষারভূত ধরা হইত । কখনও কখনও পোপদিগের খেয়াল অনুসারে খ্রীষ্টমাস

দিবস বা ঈষ্টার দিবস অথবা অন্ত কোন পার্বণের দিন হইতে বৎসরের আরম্ভ প্রচলিত হইত। স্পেনদেশে শ্রীষ্টীয় ঘোড়শ শতাব্দী পর্যন্ত ১লা মার্চ হইতে এবং আর্মাণ দেশে একাদশ শতাব্দী পর্যন্ত ২৫শে মার্চ হইতে বর্ষারণ্তের প্রথা ছিল, কিন্তু ধর্মানুষ্ঠানের জন্য শ্রীষ্টীয় পূরোহিতশ্রেণী সাধারণতঃ অ্যাডভেণ্ট (Advent) রবিবার অর্থাৎ শ্রীষ্টমাসের পূর্বের চতুর্থ রবিবার হইতে বর্ষারম্ভ ধরিতেন। মধ্যযুগে ফরাসী দেশে ১লা মার্চ বর্ষারম্ভ ধরা হইত; পূর্ব শ্রীষ্টান্তুমি ও ভিনিসে ১৭৯৭ শ্রীষ্টাব্দ পর্যন্ত এই প্রথাই প্রচলিত ছিল, কিন্তু পিসা ও ফ্লোরেন্টাইন দেশের লোকেরা ২৫শে মার্চ হইতে বৎসরের গণনা আরম্ভ করিত। ইতালি দেশে পোপ স্বাদশ ইন্নোসেন্ট (Innocent XII) নির্দেশ দিলেন যে ১৬৯১ শ্রীষ্টাব্দ হইতে ১লা জানুআরি হইতে বর্ষারম্ভ ধরিতে হইবে, দ্বিতীয় ফিলিপ্প ১৫৭৫ শ্রীষ্টাকে নেদারল্যান্ডে এইরূপ বর্ষারম্ভ প্রচলন করিয়াছিলেন। এবং শ্রীষ্টীয় শতাব্দীর পূর্বে জুলিয়াস সিজারও এইরূপ নির্দেশ দিয়াছিলেন। কিন্তু ইতালীয় দেশগুলির প্রায় সর্বত্র ১লা জানুআরি বৎসরের আরণ্তের দিন বলিয়া গণ্য হইল ১৭৫০ শ্রীষ্টাকে। ইংলণ্ড ১৭৫২ শ্রীষ্টাকে এই বর্ষারম্ভ প্রথম গ্রহণ করিল।

হিন্দুদিগেরও পঞ্জিকায় বর্ষারম্ভ যে বহুবার পরিবর্তিত হইয়াছে তাহার অনেক প্রমাণ আছে। প্রাচীন বৈদিক যুগে শূর্য, যথন বিশুবিশুতে অধিষ্ঠিত হইত তখন হইতে বর্ষারম্ভ হইত, তাহার পর অন্ত ক্রান্তিপাত হইতে বর্ষারম্ভ ধরা হইত। পঞ্জিকার প্রধান উদ্দেশ্য ছিল ঋতুনির্ণয়, এই কারণে অয়নাংশের জন্য মেষক্রান্তির অর্পসরণে পরিবর্তনের প্রয়োজন হইত। বেদাঙ্গ-জ্যোতিষের (১৫০০ শ্রীঃ পৃঃ) সময়ে এক বার বর্ষারণ্তের পরিবর্তন হইয়াছিল, তখন ঋতুগুলি ১৪ দিন সরিয়া গিয়াছে; সুতরাং বর্ষারম্ভ পূর্ণিমা হইতে না ধরিয়া অমাবস্যা হইতে ধরা হইল।

আর এক বার ষষ্ঠ শতাব্দীতে বরাহমিহিরের সময়ে বর্ষারন্তের পরিবর্তন হইয়াছিল।

ইহাদিগের পঞ্জিকাম সূর্যান্তের সঙ্গে দিনের আরন্ত এবং শনিবারের রাত্রি হইতে সপ্তাহের আরন্ত ধরা হইত। বর্ষারন্ত গণনা করা হইত মীন-ক্রান্তিপাতের (২২শে সেপ্টেম্বরের) পরের অমাবস্যা হইতে। উহাদের পঞ্জিকা চান্দ দিন ও চান্দ মাস লইয়া গঠিত। প্রাচীন অম্ব-সভ্যতার সময়ে বৎসর আরন্ত হইত মকরক্রান্তি হইতে, বৎসরে ১৮ মাস ধরা হইত, এবং ইহাদের সহিত জ্যৈষ্ঠিত্বের কোন সম্পর্ক ছিল না। প্রত্যাদ্বিকদিগের ধারণা যে উহাদের পঞ্জিকা শ্রীষ্টপূর্ব চতুর্দিশে শতাব্দী হইতে প্রচলিত ছিল। মুসলমানদিগের হিজরা পঞ্জিকাম সূর্যান্ত হইতে দিনের আরন্ত করা হইয়াছে, দিন ও রাত্রি উভয়ক্ষেত্রে ১২ ঘণ্টায় বিভক্ত করা হইয়াছে, ঘণ্টার পরিমাণের ছাসবৃক্ষি খতু পরিবর্তনের উপর নির্ভর করিত, সপ্তাহ আরন্ত, হইত রবিবার হইতে, মাস চান্দ ছিল এবং উহার আরন্ত হইত অমাবস্যাম, বৎসর সম্পূর্ণ চান্দ ৩৫৪ বা ৩৫৫ দিনে। স্বতরাং চতুর্থ বৎসরে এক মাস যোগ করিতে হইত।

এইরূপে যথন বর্ষারন্ত, মাস ও দিন সংখ্যার নির্ণয় হইল, তখন বৎসরের সংখ্যা ঠিক করিবার জন্য একটা অন্দ স্থির করার প্রয়োজন দেখা দিল। ভারতবর্ষে সাধারণতঃ শকাব্দই ব্যবহৃত হইল, এক বিধ্যাত শকসন্ত্রাটের সিংহাসনারোহণের সময় হইতে এই অন্দ ধরা হইল, উহা শ্রীষ্টাদ্বের ৭৮ বৎসর কম। বাংলা দেশে বঙ্গাব্দ ব্যবহৃত হইয়া থাকে, উহার আরন্ত ৯৯৩ শ্রীষ্টাব্দ হইতে। ইওরোপে রোমক ব্যবস্থা মানিয়া প্রথম যুগে সন্ত্রাটের রাজ্যত্ব আরন্তের সময় হইতে বৎসরের সংখ্যা গণিত হইত, পরে ৫৩৩ শ্রীষ্টাব্দে ডাইনোনিসিয়াসের (Dionysius Exiguus)

ବ୍ୟବହାର ଶ୍ରୀଷ୍ଟେର କାଳନିକ ଅନ୍ତାବ୍ଲିଥ ହିତେ ଅନ୍ଦେର ଆରଣ୍ୟ ହିର ହଇଲ । ଏହି ଅନ୍ଦ ରୋମେ ସଞ୍ଚ ଶତାବ୍ଦୀତେ ଗୃହୀତ ହଇଲ ଏବଂ ପରେ ସମଗ୍ରୀ ଇଓରୋପେ ପ୍ରଚଲିତ ହଇଲ । ମୁସଲମାନଦିଗେର ଅନ୍ଦ ହଜରତ ମୋହମ୍ମଦେର ସମସ୍ତ ହିତେ ଧରା ହଇଯାଛେ । ହିଜିରା ଅନ୍ଦ ହିତେ, ଶ୍ରୀଷ୍ଟାବ୍ ବାହିର କରିତେ ହିଲେ ଉହାର ବର୍ଷସଂଖ୍ୟାକେ ୯୭ ଦିନୀ ଶୁଣ କରିଯା, ଶୁଣଫଳ ୧୦୦ ଦିନୀ ଭାଗ କରିଯା ଭାଗଫଳେର ସହିତ ୬୨୨ ଯୋଗ ଦିନେ ହିବେ, ଅର୍ଥାତ୍ ୧୩୦୦ ହିଜିରାବୁ—  

$$\frac{97 \times 100}{100} + 622 = 1883$$
 ଶ୍ରୀଷ୍ଟାବ୍ । ଫରାସୀ ବିପ୍ଲବେର ଇଓରୋପେ ଆର ଏକଟି ଅନ୍ଦ ପ୍ରଚଲିତ କରିବାର ଚେଷ୍ଟା ହଇଯାଇଲ, ଉହା ୧୯୨୨ ମାର୍ଚ୍ଚିଆର ୨୨ଶେ ସେପ୍ଟେମ୍ବର ହିତେ ଆରଣ୍ୟ କରା ହିବେ ହିର ହିଯାଇଲ ।

କାଳେର ପ୍ରଧାନ ବିଭାଗଗୁଡ଼ିର ମଧ୍ୟେ ଦିନଇ ସହଜପ୍ରାପ୍ୟ ; ଶୁତରାଂ ଦିନଇ କାଳପରିମାପେତ୍ର ଏକକ (unit) ବଲିଯା ଗଣ୍ୟ ହଇଲ । ବହୁକାଳ ଧରିଯା ହିଲାକେ ଅପରିବତନୀୟ ମନେ କରା ହିତ । ସେମନ ମହୁୟଜ୍ଞାତିର ଜ୍ଞାନବୃକ୍ଷି ହିତେ ଲାଗିଲ, ନାନା-ପ୍ରକାରେର ଦିନେର ପାର୍ଥକ୍ୟ ଦେଖା ଦିଲ । ପ୍ରଥମେ ଅପରିବତନୀୟତାର ଦିକ ହିତେ ନାକ୍ଷତ୍ରିକ ଦିନଇ ବ୍ୟବହାରେର ଯୋଗ୍ୟ ବଲିଯା ମନେ ହଇଲ । ଏକଟି ହିର ନକ୍ଷତ୍ର ଉହାର ଧରେର ଚତୁର୍ଦ୍ଦିଶେ ଯେ ସମୟେ ଏକ ବାର ପରିକ୍ରମଣ ଶେଷ କରେ ସେହି ସମୟକେଇ ନାକ୍ଷତ୍ରିକ ଦିବସ ବଲା ହିଲ, ଇହା ଆଧୁନିକ ସମୟେର ଅନୁପାତେ ୨୩ ସନ୍ଟା ୫୬ ମିନିଟ୍ ୪୦' ମେନ୍‌କେଣ୍ଟ । ମାଧ୍ୟାହ୍ନକେ ଦେଖା ଦିନୀ ପୁନରାୟ ମାଧ୍ୟାହ୍ନକେ ଦେଖା ଦିତେ ଯେ ସମୟ ଲାଇବେ, ସେହି ସମୟେର ବ୍ୟବଧାନକେ ସୌର ଦିନ (true solar) ବଲା ହଇଲ । କିନ୍ତୁ ଏହି ଯେ ଦିନ ଉହା ଧତୁପରିବତନେର ସଙ୍ଗେ ସଙ୍ଗେ ପରିବତନୀଳ । ସର୍ବାପେକ୍ଷା ଦୀର୍ଘ ଦିନ ଓ ସର୍ବାପେକ୍ଷା କୁନ୍ତ ଦିନେର ମଧ୍ୟେ ବ୍ୟବଧାନ ୫୧ ମେନ୍‌କେଣ୍ଟ ଅଧିକ ସାଧାରଣ ବ୍ୟବହାରେର ଅନ୍ତର୍ଗତ ସୌର ଦିନ ବହୁ ଶତାବ୍ଦୀ ଚଲିଯା ଆମିଲ ଏବଂ ଶୂରୁଷତ୍ତ୍ଵ ଦିନୀ ସମୟେର ପରିମାପେର ବ୍ୟବହାର ହଇଲ । ତାରପର ସଥିନ ଆଧୁନିକ

ষট্কা যন্ত্রের প্রচলন হইল, তখন আর এক প্রকার দিনের ব্যবহার আরম্ভ হইল, উহা হইল এক বৎসরের সৌর, দিনগুলির একটা গড় ( mean ) এবং এই দিনকে গড় সৌর দিন নাম দিয়া একটা অপরিবর্তনীয় দিনের মাপ পাওয়া গেল। ইহার পরিমাপ হইল ২৪ ঘণ্টা ৩ মিনিট ৫৬.৫৬ সেকেণ্ড নাক্ষত্রিক দিনের অনুপাতে। নানা দেশের নানা পঞ্জিকার আরও বছবিধ দিনের উল্লেখ পাওয়া যাব। ব্যাবিলনবাসীদের দিন আরম্ভ হইত সূর্যোদয় হইতে; প্রাচীন হিন্দুরা সূর্যোদয়, মধ্যাহ্ন, মধ্যরাত্রি, এমনকি সূর্যাস্ত হইতেও দিনের আরম্ভ ধরিতেন, কিন্তু প্রধানতঃ সূর্যোদয় হইতে ধরিতেন। এথেন্স-বাসীরা, ইহুদীরা, অন্ত্যান্ত প্রাচীন অনেক জাতি, এমন কি কোন গ্রীষ্মীয় সম্প্রদায় সূর্যাস্ত হইতে দিনের গণনা করিতেন। রোম ও মিসর দেশের পুরোহিত-সম্প্রদায় মধ্যরাত্রি হইতে দিনের আরম্ভ ধরিতেন।

দিনের পরই যে-কালবিভাগের কথা প্রথমে মনে আসে, তাহা মাসের ব্যবস্থা। প্রথমে এক অমাবস্যা বা এক পূর্ণিমা হইতে পরের অমাবস্যা বা পূর্ণিমার ব্যবধান সময়কে মাস বলা হইত। ইহা সকল প্রাচীন জাতিই ব্যবহার করিয়াছিলেন এবং বহু সহস্র বৎসর ধরিয়া ইন্দু কাল-বিভাগের একটা বিশিষ্ট পরিমাপক বলিয়া গণ্য হইত। পরে বিজ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে দেখা গেল দিন যেমন বহু প্রকারের, মাসও তেমন বহু প্রকারের। প্রথম, নাক্ষত্রিক মাস, অর্ধাং যে সময়ে স্থির নক্ষত্রের অবস্থিতির তুলনায় চন্দ্র একবার পৃথিবীর চারি ধারে ঘুরিয়া আসে, ইহার পরিমাপ ছিল ২৭ দিন ৭ ঘণ্টা ৪৩ মিনিট ১১.৫ সেকেণ্ড ; দ্বিতীয় চান্দ্র মাস, অর্ধাং চন্দ্র ও সূর্যের দ্রষ্টব্য সুতি ( conjunction ) কালের মধ্যে ব্যবধান, ইহার গড় পরিমাপ ২৯ দিন ১২ ঘণ্টা ৪৪ মিনিট ৩ সেকেণ্ড অর্ধাং নাক্ষত্রিক মাস হইতে ২ দিন ৪.৪৩ ঘণ্টা ৫১.৫ সেকেণ্ড

বেশী। ধাহারা চান্দ পঞ্জিকা মানিতেন, তাহাদের মধ্যে ইহা প্রচলিত ছিল। ইহাকেই ভিত্তি করিয়া প্রথমে বার মাসে বৎসর ধরা হইত।

দিন ও মাসের ব্যবস্থা হিসেবে হইলে বৎসরের পরিমাপের চেষ্টা হইল। নাক্ষত্রিক বৎসর ও সৌর বৎসর দ্বয়ই প্রকারের বৎসরের প্রচলন হইল। একটি হিসেব নক্ষত্রের অবস্থানামূলসারে সূর্যকে একবার যে স্থানে দেখা যাইত, পুনরাবৃত্ত সেই স্থানে সূর্যকে দেখা যাইবার যে সময়ের ব্যবধান উহাকে এক নাক্ষত্রিক বৎসর বলা হইত, আর যে সময়ে সূর্য বিশুবিল্লু হইতে আরম্ভ করিয়া আবার বিশুবিল্লুতে ফিরিয়া আসিত, উহাকে ধরা হইত এক সৌর বৎসর। কিন্তু যে বৎসর জনসাধারণে ব্যবহার করে, তাহার সংখ্যা ৩৬৫ দিন; আর সূর্যের রাশিচক্রে পরিভ্রমণের সময় ৩৬৫টি দিন। ইহাদের সমষ্টি পূর্বেই আলোচনা করা হইয়াছে।

সর্বশেষ কাল-বিভাগ হইল সপ্তাহ। সপ্তবতঃ দিনের অপেক্ষা দীর্ঘ এবং মাসের অপেক্ষা অনেক কম এক কাল-বিভাগের প্রয়োজন হইয়াছিল। কেলডিয়ান যাঙ্ক-সপ্রদায়ই ইহার ব্যবস্থা করেন এবং এই কাল-বিভাগ এখন সকল জাতির মধ্যে ব্যবহৃত হইতেছে। সাতটি গ্রহের নামামূলসারে উহাদের নামকরণ হইয়াছে।

সকল প্রাচীন পঞ্জিকায় বারো ষণ্টায় দিন ও বারো ষণ্টায় রাত্রি ধরা হইত। কেন যে বারো সংখ্যা ব্যবহৃত হইয়াছিল, তাহা বলা কঠিন। কেহ কেহ বলেন যে বৎসরের মাস সংখ্যা বারো বলিয়া দিনের ষণ্টার সংখ্যাও বারো, কিন্তু এই ধারণা কাল্পনিক বলিয়া মনে হয়। সপ্তবতঃ ব্যাবিলন-বাসীরা এই সংখ্যা সর্বপ্রথমে হিসেব করেন। কেহ কেহ বলেন ধারণ সংখ্যা হইতে উপাংশ বাহির করিতে সুবিধা হইত বলিয়াই এই সংখ্যার প্রচলন হইল। প্রাচীন জাতির সকলেই দেখিলেন যে গ্রীষ্মকালে দিনের ষণ্টা রাত্রির ষণ্টার অপেক্ষা দীর্ঘতর এবং শীতকালে ইহার বিপরীত।

‘ইহার পর সময় নির্ধারণ করিতে ব্যাবিলন, মিসর ও ভারতবর্ষে সূর্যসংক্রিতির ব্যবস্থা হইল। কিন্তু সূর্যের অবস্থানের সহিত ইহার ঘোগাযোগ ধাকাব, সূর্য না উঠিলে বা রাত্রিকালে সময়ের পরিমাপ করিতে জলসংক্রিতির ব্যবহার আবশ্যক হইল। এই সকলের উন্নয়ন হইতেই বর্তমান ঘটিকালস্থের সৃষ্টি হইল। বোথিয়াসুই (Boethius, 480—525 A. D.) • প্রথমে রোমদেশে ইহার প্রবর্তন করেন এবং ৬১২ খ্রীষ্টাব্দ হইতে ধর্ম্যাঙ্গক-সম্প্রদায় কর্তৃক ইহা ব্যবহৃত হইল। বর্তমান সময়ে প্রচলিত ষড়ির আবিষ্কার হইল ১৬৫৭ খ্রীষ্টাব্দে প্রধানতঃ হিউজেন্সের (Huygens) চেষ্টায়।

এই কালবিভাগের ধারার আলোচনা কালে হিন্দুপঞ্জিকার একটা বিশেষস্থের প্রতি দৃষ্টি আকৃষ্ট হয়। হিন্দুগণ পর্যবেক্ষণের সাহায্যে ও কল্পনাবলে অনন্ত কাল হইতে ক্ষুদ্রতম কাল বিভাগ লইয়া একটা তালিকা প্রণয়ন করিয়াছিলেন। ব্যবহারিক ক্ষেত্রে এখন উহাদের প্রয়োজনীয়তা তত থাকুক আর নাই থাকুক, উহাতে যে ধারাবাহিকভাব অঙ্গুষ্ঠ রাখিবার চেষ্টা হইয়াছে, ইহাই যথেষ্ট প্রশংসনীয়। দিন ও মাসকে ভিত্তি করিয়া কল্প পর্যন্ত বৃহস্পতি কাল এবং নিমেষ পর্যন্ত ক্ষুদ্রতম কালাংশ হিন্দুপঞ্জিকার অন্তভুর্জ হইয়াছে।

মহুসংহিতার প্রথম অধ্যায়ে এইক্ষণ বর্ণনা দেওয়া হইয়াছে—“সূর্যই দিনরাত্রিবিভাগের কর্তা। ইহা ছই প্রকারের, এক মাহুষের জন্ত, আর এক দেবতাদের জন্ত। দিন জৌবের কার্যের জন্ত, রাত্রি নিদ্রার জন্ত। মাহুষের এক মাস পিতৃদিগের এক অহোরাত্র ; উহা আবার দ্রুইভাগে বিভক্ত, জ্যোৎস্নাপক্ষ তাহাদের কার্যের জন্ত, ক্লৃষ্ণপক্ষ তাহাদের নিদ্রার জন্ত। মাহুষের এক বৎসর দেবতাদিগের এক অহোরাত্র ; উহাও দ্রুইভাগে বিভক্ত, উত্তরায়ণ কাল তাহাদের দিন এবং দক্ষিণায়ন কাল

তাহাদের রাত্রি। দেবতাদের চারি হাজার বৎসর কৃত বা সত্য মুগ, উহার আরম্ভ ও শেষাংশ প্রত্যাকটি চারিশত বৎসর। পরবর্তী তিনটি মুগ ত্রেতা, দ্বাপর ও কলি যথাক্রমে দেবতাদের তিন হাজার, তই হাজার ও এক হাজার বৎসর এবং উহাদের আরম্ভ ও শেষাংশ যথাক্রমে তিনশত, ছয়শত ও একশত বৎসর। এই চারিযুগের সমষ্টি ব্রহ্মার এক দিন, ব্রহ্মার রাত্রিও ইহার সম পরিমাণ। ইহার ৭১ গুণ সময় অর্থাৎ দেবতাদিশ্রে ১২ হাজার বৎসরের ৭১ গুণ সময় মন্ত্রনালয়ের কাল; অসংখ্য মন্ত্রনালয়ের মধ্য দিয়া বিশ্বের স্মষ্টি ও লম্ব চলিতেছে।” পরবর্তী কালে জ্যোতিষগ্রহে প্রাণিজগতের বৎসরের অনুপাতে যুগের এইরূপ বর্ণনা দেওয়া হইয়াছে। স্বর্যসিদ্ধান্তের প্রথম অধ্যায়ে লিখিত আছে—“বার সৌর মাসে এক সৌর বৎসর, ইহাতে দেবতাদিগের এক দিন। দেবতাদিগের অহোরাত্র অমূরদিগের রাত্রি ও দিন, অর্থাৎ দেবতাদিগের (উত্তরমেঝবাসী) যখন দিন, অমূরদিগের (দক্ষিণমেঝবাসী) তখন রাত্রি, আর দেবতাদিগের রাত্রি অমূরদিগের দিন। এমন তিনশত ষাট অহোরাত্র দেবতা ও অমূরদের এক বৎসর। এইরূপ বার হাজার বৎসরে এক চতুর্যুগ—কৃত, ত্রেতা, দ্বাপর ও কলির সমষ্টি। এই চার যুগ, উহাদের সঙ্কা ও সঙ্ক্ষাংশ (আরম্ভ ও শেষ) লইয়া ৪,৩২০,০০০ সৌর বৎসর; ইহার দশভাগের চারি, তিন, তই ও এক ভাগ যথাক্রমে কৃত, ত্রেতা, দ্বাপর ও কলিযুগ, উহাদের ষষ্ঠাংশ যুগের সঙ্কা ও সঙ্ক্ষাংশ অর্থাৎ আরম্ভ ও শেষাংশ; এই চারি যুগ মিলিয়া এক মহাযুগ; ৭১টি মহাযুগ অর্থাৎ ৩০৬,৭২০,০০০ সৌর বৎসর এক মন্ত্রনালয়ের কাল অর্থাৎ এক মন্ত্র স্থিতিকাল, ইহার শেষে ১,৭২৮,০০০ সৌর বৎসর (কৃতযুগের সৌর বৎসরের পরিমাণ) উহার সঞ্চিকাল; এইরূপ ১৪ মন্ত্রনালয়ের উহাদের সঞ্চিকাল লইয়া এক কল, ইহার আরম্ভে উহার পঞ্চদশ সঞ্চিকাল কৃতযুগের সমবৎসর।” কাল পরিমাপে

কল্পের উল্লেখ পরবর্তী সময়ের পুরাণ ও সংহিতার থাকিলেও বেদের কোথাও নাই। কল্পের গঠনে একটা বিশেষজ্ঞ লক্ষিত হয়। ১ কল্প—  
 $14 \text{ মহাযুগ} + 1 \text{ ক্রত যুগ} = 14$  ( ১১ মহাযুগ + ১ক্রত ) + ১ক্রতযুগ ; এক  
 মহাযুগ =  $10 \times 832,000$  বৎসর ; ক্রত =  $8 \times 832,000$  বৎসর ; এক  
 মহাযুগ =  $110 \times 832,000 + 8 \times 832,000$  বৎসর ; স্ফুতরাঃ এক কল্প—  
 $( 8 \times 118 + 8 ) \times 832,000$  বৎসর =  $8320,000,000$ । ত্রেণেও,  
 অভিতি কল্পেকজন পাঞ্চাত্য পশ্চিম মনে করেন যে ১১৪ গুণক দেওয়ার  
 মধ্যে অযন্নাংশের বিচার রহিয়াছে, অর্থাৎ ১১৪ বৎসরে ১০ ডিগ্রি অযন্নাংশ,  
 আর এক বৎসরে ৫০°৪' সেকেণ্ট ; স্ফুতরাঃ এইকল্পপত্তাবে কল্পের  
 গঠন একান্ত আকস্মিক নহে, আয়নাংশের যথাযথ পরিমাণ নৃতনভাবে  
 ব্যাখ্যা করাই উহার উদ্দেশ্য ছিল।

মহাযুগ ও যুগের উল্লেখ বেদ, সংহিতা ও ব্রাহ্মণে রহিয়াছে। কাল-  
 পরিমাপক হিসাবে যুগের উল্লেখ বৈদিক সাহিত্যে বারবার করা হইয়াছে।  
 সংহিতা ও ব্রাহ্মণে ক্রত, ত্রেতা, দ্বাপর ও কলি এই চার যুগেরই উল্লেখ  
 আছে। ইহা ভিন্ন বেদাঙ্গজ্যোতিষ ও বৈদিক সাহিত্যে পাঁচ ( বৃং  
 ছয় ) বৎসরের একটা কালচক্রের উল্লেখ আছে, উহাকেও যুগ বলা  
 হইয়াছে। এই বৎসরগুলির আবার বিশেষ নাম দেওয়া হইয়াছিল, যথা  
 সংবৎসর, পরিবৎসর, ইদাবৎসর, ইদ্বৎসর ও বৎসর ( বা অনুবৎসর )।  
 প্রাপ্ত স্থলেই এই পাঁচ বৎসরের উল্লেখ থাকিলেও, কোথাও কোথাও চার  
 বৎসর এমন কি ছয় বৎসরেরও উল্লেখ আছে ; ষষ্ঠ বৎসরের নাম দেওয়া  
 হইয়াছিল ইত্বৎসর। এই পাঁচ বা ছয় বৎসরের যুগেরও উদ্দেশ্য ছিল  
 পাঁচ বা ছয় বৎসর অন্তর একটা অধিক মাস বা মলমাস ষোগ দেওয়া।

এইবার দিনকে ভিত্তি করিয়া নিম্নদিকে কি কালবিভাগ হইয়াছিল  
 তাহাই দেখা যাইক। দিনকে কখন প্রাতঃ, মধ্যাহ্ন, অপরাহ্ন ও সামাজ,

এই চার ভাগে এবং কখন বা উষা, সংগৰ ( যে সময়ে গাভীদিগকে লওয়া হইত ), মধ্যাহ্ন, অপরাহ্ন ও সাম্রাজ্য এই পাঁচভাগে বিভক্ত করা হইত । পরে দিনকে ১৫ মুহূর্তে এবং রাত্রিকেও ১৫ মুহূর্তে বিভাগ করা হইল ; মুহূর্তকে আবার ১৫ প্রতিমুহূর্তে বিভাগ করা হইল ; কাষ্ঠা, কলা, নিমেষ প্রভৃতি আরও ক্ষুদ্রতম বিভাগ করা হইল । মহাভারতে অহোরাত্রকে লব, কাষ্ঠা, কলা, মুহূর্ত প্রভৃতি বিভাগে বিভক্ত করা হইয়াছে । আরও অন্যান্য বিভাগের উল্লেখ পাওয়া যায়, যথা নাড়িকা ( ২ নাড়িকা — ১ মুহূর্ত ) পল, মাঙ্ক, দ্রোণ, আড়ক প্রভৃতি । অথর্ববেদে এইরূপ কালবিভাগ দেওয়া হইয়াছে—এক অহোরাত্র — ৩০ মুহূর্ত ; এক মুহূর্ত — ১৫ প্রতিমুহূর্ত বা ৩০ ক্রটি ; এক ক্রটি — ৩০ কলা ; ১ কলা — ৩০ লব ; এক লব — ১২ নিমেষ ।

কালবিভাগে উক্ষর্তম ও নিম্নতম বিভাগ উক্তাবন করিতে হিন্দুগণ বিশেষ মন্ত্রিকালস্থ করিয়াছিলেন । এইরূপ বিভাগ আর কোন দেশের পঞ্জিকায় পাওয়া যায় না । ইহাদের অধিকাংশের এখন ব্যবহারিক ক্ষেত্রে কোনও উপযোগিতা না ধাকিলেও নিমেষ পর্যন্ত নিম্নতম বিভাগে আসিতে বিশেষ কালজ্ঞানের পরিচয়ে দিতে হইয়াছিল ।

পৃথিবীর বিভিন্ন দেশ ও জাতির মধ্যে কিরণে কালবিভাগের উৎপত্তি ও প্রচলন আরম্ভ হয় এবং প্রাগৈতিহাসিক যুগ হইতে কিরণ ভাবে উহাদের স্মৃচনা ও প্রবর্তন হইয়াছিল, তাহা বিশদভাবে বর্ণনা করা হইয়াছে । ইহা হইতেই প্রাচীন ও আধুনিক কালবিভাগের ক্রমিক ধারার একটা পরিচয় পাওয়া যাইবে । সকল জাতির পঞ্জিকায় এই কালবিভাগ একটি বিশিষ্ট অংশ গ্রহণ করিয়াছে ।

---

। ১০৫০ ।

১. সাহিত্যের অর্থ : বৰীঅনাধ ঠাকুৱ
২. কৃতিৰশিৰ : শ্ৰীৱৰ্জিনেধৰ বহু
৩. ভাৱতেৰ সংস্কৃতি : শ্ৰীকিঙ্গিমোহন সেন শাস্ত্ৰী
৪. বাংলাৰ ব্ৰহ্ম : শ্ৰীঅবনীজ্ঞনাধ ঠাকুৱ
৫. আগদীশচন্দ্ৰেৰ আৰিকাৰ : শ্ৰীচান্দ্ৰচন্দ্ৰ উটাচাৰ
৬. মাঝাৰাদ : মহামহোপাধ্যায় অমুখনাধ তৰ্কভূষণ
৭. ভাৱতেৰ ধৰ্মজ : শ্ৰীৱৰ্জিনেধৰ বহু
৮. বিশ্বেৰ উপাদান : শ্ৰীচান্দ্ৰচন্দ্ৰ উটাচাৰ
৯. হিন্দু ব্ৰহ্মালী বিজ্ঞা : আচাৰ্য অফুজচন্দ্ৰ রায়
১০. অক্ষত-পৱিচৰ : অধ্যাপক শ্ৰীপ্ৰমথনাধ সেনগুপ্ত
১১. শাৰীৰবৃত্তি : ডক্টৰ কল্পন্তুকমাৰ পাল
১২. আচীন বাংলা ও বাঞ্ছানী : ডক্টৰ মুকুমাৰ সেন
১৩. বিজ্ঞান বিষয়ক : অধ্যাপক শ্ৰীলিলাধাৰঞ্জন রায়
১৪. আযুনেৰ পৱিচয় : মহামহোপাধ্যায় গণনাম সেন
১৫. বঙ্গীয় নষ্টাশালী : শ্ৰীত্ৰিজ্ঞনাধ বন্দেোপাধ্যায়
১৬. রঞ্জন-জৰ্বা : ডক্টৰ দুঃখহৰণ চক্ৰবৰ্তী
১৭. জৰ্মি ও চাষ : ডক্টৰ সত্ত্বপ্ৰসাদ রায় চৌধুৱী
১৮. শুভোন্তৰ বাংলাৰ কৃষি-শিল্প : ডক্টৰ মুহুমদ কুমুড়ত-এ-খুদা

। ১০৫১ ।

১৯. রায়তেৰ কথা : শ্ৰীপ্ৰমথ চৌধুৱী
২০. জৰ্মিৰ মালিক : শ্ৰীঅতুলচন্দ্ৰ গুপ্ত
২১. বাংলাৰ চাষী : শ্ৰীশাস্ত্ৰিপ্ৰিয় বহু
২২. বাংলাৰ রায়ত ও জমিদাৰ : ডক্টৰ শচীন সেন
২৩. আমাদেৱ শিক্ষাব্যবস্থা : অধ্যাপক শ্ৰীঅনাধনাধ বহু
২৪. দৰ্শনেৰ ক্লপ ও অভিব্যক্তি : শ্ৰীউমেশচন্দ্ৰ উটাচাৰ
২৫. বেদান্ত-দৰ্শন : ডক্টৰ রমা চৌধুৱী
২৬. বোগ-পৱিচৰ : ডক্টৰ মহেজ্ঞনাধ সৱকাৰ
২৭. ব্ৰহ্মনেৰ ব্যহাৰ : ডক্টৰ সৰ্বাণীসহায় গুহ সৱকাৰ
২৮. ব্ৰহ্মনেৰ আৰিকাৰ : ডক্টৰ অগ্ৰনাধ গুপ্ত
২৯. ভাৱতেৰ বনজ : শ্ৰীসত্যজিৰুমাৰ বহু
৩০. ভাৱতবৰ্দেৰ অৰ্থ নৈতিক ইতিহাস : ইমেশচন্দ্ৰ দত্ত
৩১. ধৰ্মবিজ্ঞান : অধ্যাপক শ্ৰীভৰতোৱ দত্ত
৩২. শিল্পকথা : শ্ৰীনন্দলাল বহু
৩৩. বাংলা সামৰিক সাহিত্য : শ্ৰীঅজেন্জনাধ বন্দোপাধ্যায়
৩৪. মেগাহেনৌসেৱ ভাৱত-বিবৰণ : ইহুনীকান্ত গুহ
৩৫. ত্ৰেণীৰ : ডক্টৰ সতীশৱঞ্জন খাতুগীৱ
৩৬. আন্তৰ্জাতিক বাণিজ্য : শ্ৰীবিমলচন্দ্ৰ সিংহ

## বিশ্ববিজ্ঞান এবং প্রযুক্তি

বিজ্ঞান বহুবিজ্ঞান ধারার সহিত শিক্ষিত-মনের যোগসাধন করিয়া দিবার অঙ্গ ইংরেজিতে বহু গ্রন্থসমালোচনাগত হইয়াছে ও হইতেছে। কিন্তু বাংলা ভাষার এ-রকম বই বেশি নাই বাহার সাহায্যে অন্যায়ে কেহ জ্ঞানবিজ্ঞানের বিভিন্ন বিভাগের সহিত পরিচিত হইতে পারেন। শিক্ষাপর্কতির জটি, মানসিক সচেতনতার অভাব, বা অস্ত ধে-কোনো কারণেই হউক, আমরা ঘুনেকেই অকৌর সংকীর্ণ শিক্ষার বাহিরের অধিকাংশ বিষয়ের সহিত সম্পূর্ণ অপরিচিত। বিশেষ, বাংলা ভাষাই আনেন তাহাদের চিজ্ঞাতুল্মুক্তির পথে বাধার অস্ত নাই; ইংরেজি ভাষায় অন্ধিকারী বলিয়া মুগশিক্ষার সহিত পরিচয়ের পথ তাহাদের নিকট ক্লুক্ষ।

মুগশিক্ষার সহিত সাধারণ-মনের যোগসাধন বর্তমান যুগের একটি প্রধান কর্তব্য। বাংলা সাহিত্যকেও এই কর্তব্যপালনে পরামুখ হইলে চলিবে না। তাই এই দুর্ধোগের মধ্যেও বিশ্ব-ভারতী এই মায়িস্ট্রাইটের পথে অতী হইয়াছেন।

। ১৩৫২ ।

৩১. হিন্দু সংগীত : শ্রীপ্রমথ চৌধুরী ও শ্রীইন্দ্রিয়া দেবী চৌধুরানী
৩৮. প্রাচীন ভারতের সংগীত-চিত্তা : শ্রীঅমিয়নাথ সাঙ্গাল
৩৯. কীর্তন : শ্রীখগেন্ত্রনাথ মিত্র
৪০. বিশ্বের ইতিকথা : শ্রীশ্বশোভন দত্ত
৪১. ভারতীয় সাধনার ঐক্য : ডক্টর শশিভূষণ দাশ শুক্তি
৪২. বাংলার সাধনা : শ্রীক্ষিতিমোহন সেন শাস্ত্রী
৪৩. বাঙালী হিন্দুর বর্ণতদ : ডক্টর নীহারনুজন রায়
৪৪. মধ্যস্থুগের বাংলা ও বাঙালী : ডক্টর সুকুমার সেন
৪৫. নব্যবিজ্ঞানে অনিদেশ্যবাদ : শ্রীপ্রমথনাথ সেনশুক্তি
৪৬. প্রাচীন ভারতের নাট্যকলা : ডক্টর মনোমোহন ঘোষ
৪৭. সংস্কৃত সাহিত্যের কথা : শ্রীনিত্যানন্দবিনোদ গোস্বামী
৪৮. অতিব্যক্তি : শ্রীরথীজ্ঞনাথ ঠাকুর
৪৯. হিন্দু জ্যোতির্বিজ্ঞা : ডক্টর সুকুমারনুজন দাশ